মেধা লালন প্রকল্প'র ছাত্র-ছাত্রীদের পত্রিকা

নবীন

অষ্টাদশ বর্ষ প্রথম সংখ্যা জুলাই-সেপ্টেম্বর ২০২০

নবীন

অষ্টাদশ বর্ষ প্রথম সংখ্যা জুলাই-সেপ্টেম্বর ২০২০

সূ চি প ত্র

সেই শরতের সকালবেলায় ৩
প্রথম যেদিন রেল এলো বাংলায় ৪
করোনা পরবর্তী অর্থনীতি পুনরুদ্ধারে কৃষিখাত ৮
অংকুর: বাংলাদেশের ডাহুক, কোড়া ও কালিম পাখি ১০
Concern over Alarming Rise in Incidents of Sexual Violence against Women and Girls in Bangladesh ১২
একজন অন্য রকম বাবা ১৪
একজন আনিসুজ্জামান! ১৫
ইমিউনিটি বা প্রতিরোধক্ষমতা কি চাইলেই বাড়ানো যায়? জেনে নিন সত্যিটা ঠিক কী ২০
এই ১৪টি শিক্ষা আমরা নিতে পারি করোনাভাইরাস থেকে ২১
কোয়ারেন্টিনে বাড়িতে বসেই মহাকর্ষের সূত্র আবিষ্কার করেছিলেন নিউটন! ২২
আমি চিন্তাশীল রোবট ভয় পাওয়ার কিছু নেই ২৩
প্রেজেন্টেশনের এ টু জেড ২৪
ফাউন্ডেশন সংবাদ ২৬
প্রকল্প সংবাদ ২৭
মেধা লালন প্রকল্প'র ছাত্র-ছাত্রীরা বর্তমানে কে কোথায় পড়ছে ৩১
মাথায় কত প্রশ্ন আসে! ৩২

সম্পাদক : তাসনিম হাসান হাই সহকারী সম্পাদক : মো. শাহরিয়ার পারভেজ

প্রকাশক : হিউম্যান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, ৯-সি, রূপায়ন শেলফোর্ড, প্লট নং ২৩/৬, ব্লক-বি, বীর উত্তম এ এন এম নুরুজ্জামান সড়ক শ্যামলী, ঢাকা ১২০৭। ফোন : ৯১২১১৯০, ৯১২১১৯১, ০১৭২৭২০৯০৯৮। ই-মেইল : hdf.dhaka@gmail.com

সম্পাদকীয়

রুটিন বাঁধা অফিসওয়ার্ক আর হাজারো ব্যস্ততায় ভরা এ নগরজীবনের কর্ম-ক্লান্ত দিনের শেষে কখনো কখনো মন চায় একটুখানি নিজের মতো করে থাকতে, নিজের ভালো লাগাতে ডুব দিতে কিংবা পরিবার পরিজনের সাথে একান্ত কিছু ভালোলাগার সময় কাটাতে। তবে আমাদের আর্থ-সামাজিক ব্যবস্থায় সে সুযোগ মেলে খুব কমই। তাই নিত্যদিন আমাদের চোখ থাকে রাষ্ট্রীয় বর্ষপঞ্জির ছুটির তালিকায়। সাপ্তাহিক ছুটি, ধর্মীয় উৎসব বা রাষ্ট্রীয় সাধারণ ছুটির দিনগুলোতে যেটুকু সময় মেলে শুয়ে-বসে আরাম-আয়েশ করার বা হৈ-হুল্লোড়ে কাটানোর, তাতেই আমাদের সন্তুষ্টির হাসি। তবে পরিহাসের বিষয়, আমরা যেখানে ব্যস্ততা থেকে বাঁচতে নিত্যনতুন নানান অজুহাতে গা ভাসাই, সেই আমরাই ব্যস্ততায় ফের নাম লেখাতে হাঁসফাঁস করি কটা দিন ঘরবন্দি থেকে। 'কোয়ারেন্টিন', 'লকডাউন', 'কোভিড-১৯' আরো কত নতুন নতুন টার্ম!! হ্যাঁ করোনার কথা বলছি। দৈনন্দিন জীবনের রুটিন কাজকর্ম থেকে শুরু করে আমাদের চিন্তা, চেতনা, জীবন দর্শন অনেকটাই বদলে দিয়েছে এই করোনা মহামারি।

সত্যিই কঠিন এক ভয়াবহ সময় পার করছি আমরা সবাই। ঘন কালো জমাট অন্ধকার যেন ঘিরে আছে চারিদিক। সমগ্র পৃথিবী যেন থমকে আছে। অতি ক্ষুদ্র অদৃশ্য এক শত্রুর কাছে অসহায় হয়ে পড়েছি আমরা সবাই। চলতি বছরের অর্ধেকেরও বেশি সময় চলে গেলো, তবু করোনা মহামারি বিশ্ববাসীর পিছু ছাড়েনি। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার আপ্রাণ চেষ্টা করেও ঠেকিয়ে রাখা যায়নি এই অদৃশ্য শত্রুকে, বরং অনেকটা জ্যামিতিক হারে ছড়িয়ে পড়েছে তা সমগ্র বিশ্বজুড়ে। পুরো পৃথিবীকে একই সাথে একই সময়ে উল্টে-পালটে দিচ্ছে এটি। অঞ্চল-দেশ-মহাদেশ সকল ভৌগলিক সীমারেখাকে অতিক্রম করে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে আক্রমণ করে চলেছে এই প্রাণঘাতী শত্রু। ধনী-গরিব, নারী-পুরুষ, বড়-ছোট, কেউ-ই তার কবল থেকে রক্ষা পাচ্ছে না। যখন এ লেখাটি লিখছি ততক্ষণে ইউরোপ, আমেরিকা জুড়ে শুরু হয়ে গেছে করোনার দ্বিতীয় ঢেউ। দেশে দেশে নতুন করে জারি হচ্ছে লকডাউন।

করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে গত ২৬ মার্চ ২০২০ থেকে টানা ৬৬ দিন দেশব্যাপী সাধারণ ছুটি: কার্যত লকডাউন জারি থাকায় থমকে যায় দেশের সাধারণ জনজীবন, অর্থনৈতিক কর্মকান্ডে নেমে আসে স্থবিরতা। লকডাউন জারির প্রথমদিকে অফিস আদালত, শিক্ষাপ্রতিষ্ঠান, গণপরিবহন সবকিছু হঠাৎ করে একযোগে বন্ধ হয়ে গেলে দেশব্যাপী একটা অবরুদ্ধ পরিবেশ সৃষ্টি হয়। এ পরিস্থিতিতে ফাউন্ডেশনের দৈনন্দিন কার্যক্রমও স্বাভাবিকভাবেই বাধাগ্রস্ত হয়। সাধারণ ছুটি প্রত্যাহার হলে ৩১ মে ২০২০ থেকে ফাউন্ডেশনের অফিসিয়াল কার্যক্রম পুনরায় ধাপে ধাপে শুরু হয়। স্বাস্থ্যবিধি মেনে অনেকটা ঝুঁকি নিয়েই আমরা আমাদের অফিসিয়াল কার্যক্রমগুলি গতিশীল করার আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছি।

লকডাউন চলাকালীন সাধারণ ছুটির আওতায় ফাউন্ডেশনের অফিস বন্ধ থাকলেও প্রকল্পের ছাত্র-ছাত্রীদের সাথে যোগাযোগ রক্ষার জন্য ফাউন্ডেশনের মোবাইল ফোন সার্বক্ষণিক খোলা রাখা হয়েছে।

আমরা যদি আমাদের অতীতের দিকে তাকাই তাহলে দেখতে পাব আজ থেকে ঠিক একশো বছর আগে অর্থাৎ ১৯২০ এর দশকে সারা বিশ্বব্যাপী এমনই এক মহামারির প্রাদুর্ভাব ঘটেছিল। স্প্যানিশ ফ্লু নামে পরিচিত সেই ভাইরাসে আক্রান্ত হয়ে লক্ষ-কোটি মানুষ মারা গিয়েছিল। প্রথম বিশ্বযুদ্ধের ধাক্কা সামলে না ওঠা যুদ্ধবিধ্বস্ত সেই সময়টা ছিল আরও ভয়াবহ। আমরা বিশ্বাস করি বর্তমানের এই কঠিন সময়কেও আমরা জয় করেই এগিয়ে যাব সামনের দিকে। করোনাকে ভয় নয়, বরং সচেতনতা এবং আন্তরিকভাবে ব্যক্তিগত সুরক্ষা অবলম্বন করার মাধ্যমে আমরা 'নতুন' স্বাভাবিক জীবনে ফিরে আসতে সক্ষম হব নিশ্চয়।

জীবন চলার পথে বাধা আসতেই পারে তাই বলে থেমে যাওয়ার কোনো অবকাশ নেই। সময় মানব জীবনের অমূল্য সম্পদ। নদীর বয়ে যাওয়া স্রোতকে যেমন চাইলেও আর ফিরিয়ে আনা সম্ভব নয়, ঠিক তেমনি অতিবাহিত সময়কেও ফেরত আনা যায় না। তাই এই করোনার সময়টাকে গঠনমূলকভাবে কাজে লাগাও। একাডেমিক পড়াশোনার পাশাপাশি বিভিন্ন সৃজনশীল ও অনলাইন কাজের সাথে নিজেকে যুক্ত করো। বৈশ্বিক করোনা মহামারি আমাদের একটি পরিষ্কার বার্তা দিচ্ছে আর তা হলো—এ ধরণিতে শান্তিপূর্ণ ও সুন্দরভাবে বসবাস করতে হলে আমাদের প্রয়োজন অন্তর্দৃষ্টিসম্পন্ন মানবিক মানুষ। আগামীর পৃথিবীকে যারা দেখবে, সাজাবে নিজেদের মতো করে। মেধা লালন প্রকল্পের সকল শিক্ষার্থী হবে আগামী দিনের অন্তর্দৃষ্টিসম্পন্ন মানবিক মানুষ—এমনটাই প্রত্যাশা।

পরিবর্তিত পরিস্থিতিতে নানা প্রতিকূলতা ও যোগাযোগ সীমাবদ্ধতার কারণে আমরা নবীনের জানুয়ারি-মার্চ ও এপ্রিল-জুন ২০২০ সংখ্যা দুটি প্রকাশ করতে পারিনি। এজন্য আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

সেই শরতের সকালবেলায়

ভাদ্র ও আশ্বিন–এই দুই মাস নিয়ে শরৎকাল। কিন্তু ভাদ্রের মাঝামাঝিতেও দখল ছাড়তে নারাজ বর্ষা। যে শরৎকে দেখে আমরা গাই 'আমার রাত পোহালো শারদ প্রাতে', সেই অপরূপ ঋতুর সঠিক রূপটি ফোটে কিন্তু আশ্বিনেই।

বর্ষার বিদায়ে রবীন্দ্রনাথ লিখেছিলেন, 'কালো মেঘের আর কি আছে দিন, ও যে হলো সাথী হীন।' ভাদ্র মাসেও তো সাথিহীন হওয়ার লক্ষণ নেই কালো মেঘের।

নীল আকাশের সাদা মেঘের আনাগোনা হটিয়ে আর শরৎ-সোনার আলো নিভিয়ে দিয়ে বর্গীর মতো হঠাৎ হঠাৎ হামলা দেয় কালচে ধূসর মেঘ। ভাদ্রের শেষেও।

আবহাওয়াবিদেরা বলেন, শরৎকালে মেঘের রং সাদা হওয়া কাম্য। নইলে বিলম্বিত বর্ষার ভয় থাকে। সময়ের বর্ষা যেমন প্রকৃতির আশীর্বাদ, অসময়ের অতিবৃষ্টি তেমনি অভিশাপের মতো। বিলম্বিত বর্ষার সঙ্গে সঙ্গে আসে বন্যা, রোগ আর ফসলনাশ।

একসময় আমাদের ঋতুগুলো ছিল ভারী নিয়মনিষ্ঠ। এখন বৈশ্বিক উষ্ণতার কারণে ঋতুরাজ্যে চলছে নানা স্বেচ্ছাচার। তাদের আসা-যাওয়ায় নেই কোনো নিয়মানুবর্তিতা। অনেকেই যেন ফাঁকিবাজ চাকুরে; দেরি করে এসে ছুটির আগেই উধাও। তাই ট্রেন-প্লেনের মতো ঋতুরাজ্যেও এখন চলছে শিডিউল বিপর্যয়। কাব্যের ভাষায়, 'ঋতুরঙ্গ' বলে একে হালকা করে দেখার দিন আর নেই।

এরই পাশাপাশি নিয়মনীতির তোয়াক্কা না করে প্রায়ই পরাক্রান্ত ঋতুগুলো (যেমন–বর্ষা) প্রতিবেশী ঋতুর (শরৎ) রাজ্যে ঢুকে পড়ছে অম্লানবদনে। কবি নিজেও প্রবল ঋতুর এহেন নীতিবহির্ভূত আচরণ প্রীতির চোখে দেখেননি 'কোন খেপা শ্রাবণ ছুটে এল আশ্বিনেরই আঙ্গিনায়। দুলিয়ে জটা ঘনঘটা পাগল হাওয়ায়।'

বলাবাহুল্য, শ্রাবণের শরৎরাজ্যে এই অনুপ্রবেশ যে ভরা খেতের ধানের জন্য ভালো হয়নি, তাও উল্লেখ করেছেন কবি পরবর্তী ছত্রে, 'লুটিয়ে-পড়া কিসের কাঁদন উঠছে আজ নবীন ধানে।' আমাদের বুঝতে দেরি হয় না এই কান্না ধানের চেয়ে কৃষকের বুকেই বেজে ওঠে সবচেয়ে বেশি। একেই বোধ হয় বলা যায় আধুনিক যুগের ঋতু সংহার। এই ঋতু সংহারের জন্য কে দায়ী? দায়ী স্রেফ মানুষের অপরিণামদর্শিতা, অপরিমিত লোভ আর উন্নত বিশ্বের ভোগবিলাসের উদগ্র লালসায় প্রকৃতির ওপর নিরন্তর অত্যাচার। দায়ী না হয়েও বাংলাদেশকে এই বিপর্যয়ের দায় ভোগ করতে হচ্ছে তৃতীয় বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে। এখনই এই বিপর্যয়ের যথাযথ মোকাবিলা না করলে এই অঞ্চলের বহু মানুষের জলবায়ু উদ্বাস্তুতে পরিণত হওয়ার আশঙ্কা রয়েছে।

জীবনস্মৃতিতে রবীন্দ্রনাথ লিখেছেন যে শরৎকালে তাঁর সৃজনী শক্তি 'অকারণ পুলকে' ছবি আঁকা, গল্প লেখা আর সুরের সৃষ্টিতে ঝলমলিয়ে উঠেছে। এই বইয়ে আরও ধরা রয়েছে তাঁর শারদ প্রাতের আনন্দঘন স্মৃতি, শরৎমুগ্ধতা। তিনি লিখেছেন, 'সেই শরতের সকাল বেলায়... সোনা গলানো রৌদ্রের মধ্যে দক্ষিণের বারান্দায় গান বাঁধিয়া তাহাতে যোগিয়া সুর লাগাইয়া গুনগুন করিয়া গাহিয়া বেড়াইতেছি।' 'আজি শরত তপনে প্রভাত স্বপনে/কী জানি পরাণ কী চায়।'

শরতের মধ্যাহ্নে গানের আবেশে কবির মনটা মেতে থাকে, কাজকর্মের কোনো দাবিতে কান দেন না 'হেলাফেলা সারাবেলা/এ কী খেলা আপনমনে'–এমন পঙ্‌ক্তি তো লিখেছেন শরতের দিনে।

আমাদের বুঝতে অসুবিধা হয় না, কেন এই ঋতুটিতে তিনি বলেছেন, 'আমার গান-পাকানো শরৎ', চাষিদের যেমন ধান-পাকানো শরৎ। কেন আরও বলেছেন, শরৎ তাঁর সমস্ত দিনের আলোকময় আকাশের গোলা–তাঁর বন্ধনহীন মনের মধ্যে 'অকারণ পুলকে ছবি-আঁকানো গান-বানানো শরৎ'।

আমাদের ছেলেবেলার শরৎ ঋতু ছিল বিশুদ্ধ শিশির আর দূষণহীন হাওয়ার যুগলবন্দি। সেদিনের মতোই আজও শরতের বারতা আসে নীল আকাশে সাদা মেঘের ভেলায়, শিউলিতলার ঝরা ফুলের পাশে আর নবীন ধানের মঞ্জরিতে। শরৎ এখনো আসে নদীর ধারের বাঁশঝাড়ে, গলানো সোনার আলো ছড়িয়ে। পুঁই-মাচার কচি সবুজের উল্লাসে আর ঢাকের বাদ্যির ছন্দে দেখা মেলে তার।

সেদিনের শরতের প্রায় সব লক্ষণই বহাল রয়েছে। তবে আমাদের কৈশোর-যৌবনের এই ঋতুটির একটি অতিরিক্ত বৈশিষ্ট্যের কথা এখানে না বললেই নয়। তখনকার শরৎকাল ছিল যথার্থই গান শোনাবার ঋতু। বাতাসে তখন গান ভেসে বেড়াত। আরও খোলসা করে বললে, সেই ঋতুতে বাজারে সদ্য ওঠা গ্রামোফোন রেকর্ড ছিল নতুন বাংলা গানের একমাত্র অভিজাত ভান্ডারী, সর্বজন মান্য একটি উৎস, বাংলা গানের এক উজ্জ্বল ঝরনাতলা, যেখানে ছোট-বড় ধর্ম-গোত্র নির্বিশেষে সকলেই স্বাগত। বাংলা গানের তখন স্বর্ণযুগ, কিন্তু তাই বলে বছরভর গানের রেকর্ড বের করার চল ছিল না (ছায়াছবির গান ব্যতিক্রম), নতুন রেকর্ড ছাড়া হতো শুধু শারদ উৎসবের সময়। তাই সংগীতরসিকেরা সারা বছর এই সময়টার দিকে তাকিয়ে থাকতেন গভীর আগ্রহে। সেই নতুন রেকর্ডকে বলা হতো বেসিক রেকর্ড। তখনকার প্রখ্যাত শিল্পী, সুরকার-গীতিকারদের সারা বছরের পরীক্ষা-নিরীক্ষা ও সম্মিলিত প্রচেষ্টার ফসল শ্রেষ্ঠ গানগুলো তুলে রাখা হতো শরৎ ঋতুর শ্রোতাদের জন্য। সে সময়ের সংগীতজগতের দিকপালেরা বছরে দু-চারটির বেশি বেসিক গান রেকর্ড করতেন না। কেননা, গানের গুণগত মানের দিকে ভারী তীক্ষ্ণ নজর ছিল তাঁদের। সেই গানগুলোই তাঁদের মেধা, স্বকীয়তা আর সাধনার সাক্ষর নিয়ে কালজয়ী হয়ে আছে আজও।

আমাদের দেশে গুণী সংগীতশিল্পীর অভাব নেই। খ্যাতিমান সুরকার-গীতিকার রয়েছেন প্রচুর। শরৎকালও ফিরে আসে বারবার। প্রকৃতিতে নাকি সবই পালাক্রমে আসে-যায়। তাই সেদিনের সোনাঝরা গানগুলোও নতুন বেশে আবার ফিরে আসবে–এমন আশা মনে জাগলেই বা ক্ষতি কী?

মাহবুব আলম
সাবেক রাষ্ট্রদূত
archive.prothom-alo.com, 14 September 2012

প্রথম যেদিন রেল এলো বাংলায়

পূর্ব্বে গোয়ালন্দ একটি যৎসামান্য গ্রাম ছিল। এখন রেলওয়ে ষ্টেশন হইয়া অতি বিখ্যাত স্থান হইয়াছে। উত্তর, পূর্ব্ব-বাঙ্গালা ও আসাম অঞ্চলের লোকদিগকে কলিকাতা অঞ্চলে যাইতে হইলে এস্থানে আসিয়া রেল গাড়ীতে উঠিতে হয়। বাণিজ্য উপলক্ষে বহুতর বণিক মহাজনের এখানে সমাগম হইয়া থাকে। যাত্রীসংখ্যা এতই বৃদ্ধি পায় যে, ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে কর্তৃপক্ষ ১৮৭৪ সালে শুধু তৃতীয় শ্রেণির যাত্রীদের জন্য গোয়ালন্দ থেকে কলকাতা রুটে রিটার্ন টিকেট প্রবর্তন করে।

শরতের এক ঝলমলে রৌদ্রদগ্ধ সকালে কাশবনের মাঝখান দিয়ে বিলি কেটে কালো ধোঁয়ার কুণ্ডুলি পাকিয়ে হিস হিস করে বাঁশি বাজিয়ে ধেয়ে আসছে এক বাষ্পশকট। আকাশে উড়ে বেড়াচ্ছে সাদা মেঘের ভেলা। বিস্ময়কর এই দৃশ্য দেখতে বাড়ি থেকে পালিয়ে এসেছে দুই ভাইবোন দুর্গা আর অপু। আকাশ বাতাস প্রকম্পিত করে বাংলার বুক চিরে আধুনিকতার আগমনী বার্তা নিয়ে এগিয়ে আসছে ট্রেন। আর সত্যজিৎ রায়ের পথের পাঁচালীর দুর্গা-অপুরা একরাশ বিস্ময় নিয়ে চেয়ে আছে সেদিকে। সেই রাজ্যের বিস্ময় নিয়ে আজও এই যন্ত্রদানবের প্রতি চেয়ে থাকে হাজারও দুর্গা-অপুরা।

বাংলায় প্রথম দিনের ট্রেন যাত্রা নিয়ে কিছু মজার ঘটনা প্রকাশিত হয় তৎকালীন 'বেঙ্গল হরকরা' পত্রিকায়। সেদিন কলকাতা থেকে ট্রেনে ওঠেন রূপচাঁদ ঘোষ নামক এক ব্যবসায়ী। স্টেশনে নেমে তিনি কিছুতেই বিশ্বাসই করতে পারছিলেন না, এত তাড়াতাড়ি সত্যিই হুগলি পৌঁছেছেন কি না। হুগলি স্টেশনে নামার পর তিনি জনে জনে জায়গার নাম জিজ্ঞেস করে বেড়াচ্ছিলেন। পণ্ডিত রাধালঙ্কার ব্যানার্জি নামক এক জ্যোতিষী ট্রেনে উঠেছিলেন পাঁজি-পুঁথি বিচার করে। হুগলিতে নেমেই মন্ত্রপাঠ শুরু করে দেন। শুধু তা-ই নয়, আগুনে গাড়িতে আয়ু কমে যাবে, এই অজুহাতে আর ট্রেনে ফেরেননি তিনি। এর আগে মিস্টার জোন্স নামে এক ব্রিটিশ ভেবেছিলেন তার ঘোড়ার গাড়ি ট্রেনের সঙ্গে ছুটতে পারে। লাইনের ধার দিয়ে ট্রেনের সঙ্গে পর পর তিন দিন প্রতিযোগিতা করেন তিনি। ক্রমাগত চাবুক মারতে মারতে শেষপর্যন্ত ঘোড়াকে মেরেই ফেলেন বেচারা। কিন্তু ট্রেনের সাথে ছুটতে পারার সাধ আর তার পূর্ণ হলো না।

ভারতবর্ষের রেলওয়ের আগমনের পর বর্তমান বাংলাদেশের ভৌগলিক সীমারেখার মধ্যে রেল পরিষেবার সূচনা হতে খুব বেশি দিন অপেক্ষা করতে হয়নি। কারণ অর্থনৈতিক, বাণিজ্যিক এবং

ভৌগলিক দিক বিবেচনায় ব্রিটিশদের কাছে বাংলাদেশের গুরুত্ব অনেক বেশি ছিল। যদিও বর্তমান বাংলাদেশের ভৌগলিক সীমারেখার মধ্যে রেলপথ স্থাপনের পরিকল্পনা শুরু হয়েছিল উনিশ শতকের প্রথমভাগেই। কিন্তু নানা জটিলতার কারণে প্রায় এক যুগেও এ পরিকল্পনা আলোর মুখ দেখতে পায়নি।

ব্রিটিশ পিরিয়ডে রেলওয়ে ব্যবস্থা সরকারি কোনো সেবা ছিল না। সে সময় রেলওয়ে ছিল বিভিন্ন বেসরকারি কোম্পানির অধীনে। তবে ব্রিটিশ সরকারের পৃষ্ঠপোষকতায় যে এসব কোম্পানি গড়ে উঠেছিল এতে কোনো সন্দেহ নেই। কোম্পানিগুলো ব্যবসায়িক স্বার্থে এবং বাণিজ্যিক সুবিধাদি বিবেচনায় গুরুত্বপূর্ণ স্থানগুলোতেই রেলপথ নির্মাণ করতে থাকে। এসব বাণিজ্যিক রেলপথ নির্মাণের জন্য উনিশ শতকে অসংখ্য রেল কোম্পানি প্রতিষ্ঠিত হয়। এসব কোম্পানির অধিকাংশই আবার প্রতিষ্ঠিত হয়েছিল লন্ডনে। এমন অনেক কোম্পানি ছিল যারা শুধুমাত্র ছোট একটা রেলপথ নির্মাণের জন্যই প্রতিষ্ঠিত হয়েছিল। কোম্পানির বাইরে অনেক ধনাঢ্য ব্যক্তির পৃষ্ঠপোষকতায় রেললাইন স্থাপনের ইতিহাসও ভারতবর্ষে রয়েছে। আবার সব কোম্পানিই যে ব্রিটিশদের প্রতিষ্ঠিত ছিল তা কিন্তু নয়, ভারতবর্ষেও অনেক কোম্পানি রেলপথ নির্মাণের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল।

রেল বিপ্লব চলাকালে ১৮৪২ সালে ইংল্যান্ডে পাড়ি জমান এক ভারতীয় বাঙালি উদ্যোক্তা। সেখানে বাষ্প-শকটের এই অত্যাধুনিক গতি-দানব দেখে তিনি বিমোহিত হয়ে পড়লেন। এবং ভাবতে লাগলেন, ভবিষ্যতে ভারতের ভাগ্য লেখা আছে এই যন্ত্রদানবের সঙ্গেই। দেশে জাহাজ, ব্যাংক, বীমা এবং নীল ব্যবসার বদৌলতে সেই ব্যক্তির হাতে তখন ছিল প্রচুর অর্থ। যে-ই ভাবা সে-ই কাজ। দেশে ফিরেই ১৮৪৩ সালে প্রতিষ্ঠা করে ফেললেন 'গ্রেট ওয়েস্টার্ন অব বেঙ্গল রেলওয়ে কোম্পানি'। দেশি-বিদেশি ব্যবসায়ীরা তখন সেই কোম্পানিতে বিনিয়োগ করতে থাকল। পরে তিনি এই কোম্পানিটিকে লন্ডন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত করান। এতক্ষণ যে বাঙালি উদ্যোক্তার কথা বলা হলো তিনি আমাদের কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের পিতামহ প্রিন্স দ্বারকানাথ ঠাকুর।

রেলপথ নির্মাণকারী সকল কোম্পানিই একটা বিষয় বিবেচনায় রেখে কাজ শুরু করত। আর তা হলো তাদের ব্যবসায়িক স্বার্থ। যেমন–কোনো স্থানে রেলপথ নির্মাণের আগেই সমীক্ষা চলিয়ে দেখত যে ঐ অঞ্চলে রেলপথ নির্মিত হলে কোম্পানি লাভবান হবে কি না। এ ব্যাপারে সরকারের কাছ থেকে তারা কোনো অনুদান পেত না। পরে অবশ্য অধিকাংশ কোম্পানিই সরকারিকরণ করে নেওয়া হয়। বাংলাদেশে রেলপথ নির্মাণ করেছিল এমন কিছু কোম্পানির মধ্যে ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে, নর্দান বেঙ্গল রেলওয়ে, ঢাকা স্টেট রেলওয়ে এবং আসাম বেঙ্গল রেলওয়ে ছিল অন্যতম।

ব্রিটিশ ভারতে সর্বপ্রথম রেলওয়ের আগমন ঘটে ১৮৫৩ সালে গ্রেট ইন্ডিয়ান পেনিনসুলা রেলওয়ে কোম্পানির হাত ধরে। মুম্বাই থেকে থানে এর মধ্যে ১৮৫৩ সালের ১৬ এপ্রিল ট্রেন চলাচলের মাধ্যমে ভারতবর্ষের রেলওয়ে পরিষেবার সূচনা ঘটে। অপরদিকে হাওড়া থেকে হুগলি পর্যন্ত রেল পরিষেবার সূচনা ঘটে ১৮৫৪ সালের ১৫ আগস্ট ইস্ট ইন্ডিয়া রেলওয়ে কোম্পানির হাত ধরে।

এ সময় ট্রেন ভ্রমণে মানুষকে উৎসাহী করার জন্য ব্রিটিশরা পত্রপত্রিকায় বিজ্ঞাপন দেয়াসহ ব্যাপক প্রচারণা চালায়। মজার ব্যাপার হলো, হাওড়া থেকে হুগলি পর্যন্ত ট্রেন নির্ধারিত সময়ের দেড় ঘণ্টা আগেই ছেড়ে গিয়েছিল। কারণ এত পরিমাণ মানুষের ভিড় জমে ছিল যে এছাড়া আর কোনো উপায় ছিল না। আবেদন পড়ে প্রায় তিন হাজার। কিন্তু তার মধ্যে মাত্র কয়েকশ মানুষই ট্রেনে জায়গা করে নিতে পারেন। ট্রেনটিতে তিনটি শ্রেণি ছিল। প্রথম শ্রেণির ভাড়া ছিল ৩ টাকা, দ্বিতীয় শ্রেণির ১ টাকা ২ আনা এবং তৃতীয় শ্রেণির ভাড়া ছিল ৭ আনা। এটা ছিল ব্রিটিশ বাংলার প্রথম ট্রেন চলাচল।

অতঃপর ১৫ নভেম্বর ১৯৬২ সালে আজকের বাংলাদেশ ভূখণ্ডে রেলপথ উন্মুক্ত করা হয়। অর্থাৎ, ব্রিটিশ ভারতে রেলের আগমনের ৯ বছরের মধ্যেই বাংলাদেশ ভূখণ্ডে রেলওয়ে পরিষেবার সূচনা ঘটে। আর এই রেল পরিষেবার সূচনা করে ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে কোম্পানি।

ব্রিটিশরা বাংলাদেশকে গুরুত্ব দেওয়ার পেছনে বেশ কিছু কারণ ছিল। যেমন–বাংলাদেশ সেসময় পাটশিল্প, বস্ত্রশিল্প, চা শিল্প এবং খাদ্যসামগ্রীর জন্য বিশ্বব্যাপী বিখ্যাত ছিল। বাণিজ্যিক কারণে ব্রিটিশরা চেয়েছিল এ অঞ্চলে প্রথমদিকেই রেল পরিষেবা শুরু করতে। ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, আসাম ও ত্রিপুরা জেলাগুলো পাট, বস্ত্র, চা এবং কয়লা সমৃদ্ধ ছিল।অর্থনৈতিক সুবিধা এবং ব্যবসা অনেকটাই বাধাগ্রস্ত হতো যোগাযোগ ব্যবস্থার উন্নতি না হওয়ার কারণে। তাছাড়া মাঝখানে প্রমত্তা পদ্মা ও যমুনা যোগাযোগ ব্যবস্থার জন্য ছিল সবচেয়ে বড় বাধা। অবস্থা এমন হয়েছিল যে ব্রিটিশরা এ অঞ্চলে রেল যোগাযোগ ব্যবস্থার সূচনা করতে না পারলে তাদের লোকসানের পরিমাণ খুব বেড়ে যাবে। যেহেতু ইতিমধ্যেই ব্রিটিশ ভারতের অনেক অঞ্চলই রেলওয়ের সুবিধা পেতে শুরু করেছে। তাই যত দ্রুত সম্ভব তারা এ অঞ্চলে রেলপথ নির্মাণের পরিকল্পনা করতে থাকে।

বাংলাদেশ ভূখণ্ডে রেলওয়ের আগমন

আজকের বাংলাদেশ ভূখণ্ডে সর্বপ্রথম সুনির্দিষ্ট রেলপথ নির্মাণের পরিকল্পনা করা হয় ১৮৫২ সালে। ব্রিটিশ সামরিক কর্মকর্তা কর্নেল জে পি কেনেডি তার সামরিক সুবিধা বিবেচনায় ব্রিটিশ সরকারের

কাছে গঙ্গা নদীর পূর্ব তীর ধরে সুন্দরবন হয়ে ঢাকা পর্যন্ত রেলপথ বসানোর প্রস্তাব দেন। তার এই প্রস্তাব ব্রিটিশ সরকার বেশ গুরুত্বের সঙ্গেই গ্রহণ করে। কিন্তু এরই মধ্যে ১৮৫৪ সালে ব্রিটিশ সরকার মিয়ানমার (তৎকালীন বার্মা) দখল করে নেয়। ব্রিটিশ সরকার চেয়েছিল মিয়ানমারকে ভারতীয় উপনিবেশের সাথে সংযুক্ত করতে। রাজনৈতিক এবং কৌশলগত সুবিধার কারণে মিয়ানমারের রাজধানী রেঙ্গুন থেকে কলকাতা পর্যন্ত নিরবচ্ছিন্ন যোগাযোগব্যবস্থা স্থাপনের প্রশ্ন তখন প্রকট হয়ে ওঠে। চাপা পড়ে যায় কর্নেল কেনেডির দেয়া প্রস্তাব।

১৮৫৫ সালে বাংলায় নিযুক্ত ব্রিটিশ সেনাবাহিনীর প্রকৌশল কোরের মেজর অ্যাবার ক্রমবি মাঠ পর্যায়ের একটি জরিপ পরিচালনা করেন। এতে তিনি ভূপ্রকৃতি যাচাই, রেলপথ নির্মাণের সম্ভব্য খরচ, বাণিজ্যিক সুবিধাদি ইত্যাদি গভীরভাবে পর্যবেক্ষণ করেন। তাছাড়া পর্যবেক্ষণে রাখা হয় সামরিক সুবিধাদিও। এই পর্যবেক্ষণানুযায়ী তিনি একটি রিপোর্ট পেশ করেন ব্রিটিশ সরকারের কাছে। ব্রিটিশ সরকার তার এই প্রস্তাবনা এবং প্রতিবেদন বিশ্লেষণ করে সিদ্ধান্ত নেয় যে বাংলায় রেলপথ স্থাপন করা হবে। এতে ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে নামে একটি রেল কোম্পানি প্রতিষ্ঠার সম্ভাব্যতা উল্লেখ করা হয়। অনেক যাচাই-বাছাই এবং সমীক্ষার জটিলতা শেষ হতেই দুবছর কেটে যায়। অবশেষে ১৮৫৭ সালে লন্ডনে প্রতিষ্ঠিত হয় ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে। ব্রিটিশ প্রবীণ রেলওয়ে ইঞ্জিনিয়ার ওয়েলিংটন পার্ডানের তত্ত্বাবধানে বাস্তবে রূপ নেয় এই প্রকল্পটি।

কলকাতা-রানাঘাট-জগতী রেল সেকশন

ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে প্রতিষ্ঠার পর তাদের সর্বপ্রথম সফল কাজ ছিল কলকাতা থেকে রানাঘাট পর্যন্ত রেল সেকশন উন্মোচন। ১৮৫৮ সালের ৩০ জুলাই কলকাতার হুগলি নদীর পূর্ব পাড় থেকে (বর্তমানে শিয়ালদহ স্টেশন) রানাঘাট, দর্শনা, পোড়াদহ হয়ে কুষ্টিয়ার জগতি (বর্তমান বাংলাদেশ) পর্যন্ত একটি ব্রডগেজ (৫ ফুট ৬ ইঞ্চি) রেলপথ নির্মাণের জন্য ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে কোম্পানি এবং ইস্ট ইন্ডিয়া কোম্পানির মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। প্রস্তাবিত এ লাইনের দৈর্ঘ্য ছিল ১১০ মাইল। প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল তৎকালীন ১ মিলিয়ন ব্রিটিশ পাউন্ড স্টার্লিং।

এর মধ্যেই ভারতবর্ষে শুরু হয়ে গেল সিপাহী বিদ্রোহ। সে কারণে রেলপথ নির্মাণ কার্যক্রম কিছুটা থমকে যায়। অবশেষে বিদ্রোহের অবসান ঘটলে ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে কোম্পানি পুরোদমে কাজ শুরু করে দেয়। ভূমির সম্ভাব্যতা যাচাই এবং জমি অধিগ্রহণ শেষে মূল নির্মাণকাজ শুরু হয়। ইস্টান বেঙ্গল রেলওয়ে কোম্পানি রেলপথ নির্মাণের জন্য দরপত্র আহবান করে। এতে করে মেসার্স ব্রেসী ও পেক্স অ্যান্ড ওয়াইটেস নামক দুটি প্রতিষ্ঠান কাজ পায়। ১৮৫৮ সালের ১ নভেম্বর নির্মাণকারী প্রতিষ্ঠানগুলোর কর্মকর্তারা কলকাতা আসেন। শুরু হয়ে যায় এক এলাহী কর্মযজ্ঞ।

প্রস্তাবিত এই ১১০ মাইল লাইন নির্মাণের অংশ হিসেবে কলকাতা থেকে রানাঘাট পর্যন্ত নির্মাণ কাজ শেষ হয়ে যায় আগেই। সেসময় অবশ্য জগতি পর্যন্ত লাইন নির্মাণের কার্যক্রমও চলমান ছিল। কিন্তু ব্রিটিশ সরকার তাদের ব্যবসায়িক সুবিধা বিবেচনায় সম্পূর্ণ লাইন নির্মাণ হওয়া পর্যন্ত অপেক্ষা করতে পারলেন না। নির্মাণ কাজ সমাপ্ত হওয়ায় কলকাতা থেকে রানাঘাট পর্যন্ত সেকশনে ট্রেন চলাচল শুরু করতে চাইল। অবস্থা তখন এমন হয়েছিল যে তারা যেন আর একটি দিনও অপেক্ষা করতে পারবে না।

১৮৬২ সালের ১৯ সেপ্টেম্বর কলকাতা থেকে রানাঘাট সেকশনটি উদ্বোধন করা হয়। এই সেকশন দিয়ে সেদিন থেকেই ট্রেন চলাচল শুরু হয়ে যায়। তার কয়েক মাসের মধ্যেই রানাঘাট থেকে জগতি পর্যন্ত রেলপথ নির্মাণের কাজও সমাপ্ত হয়। ফলে সে বছরই ১৮৬২ সালের ১৫ নভেম্বর রানাঘাট থেকে দর্শনা হয়ে কুষ্টিয়ার জগতি পর্যন্ত রেলপথ উন্মোচন করা হয়। আনুষ্ঠানিকভাবে ট্রেন চলাচলের মাধ্যমে রেল পরিষেবার সূচনা ঘটে আজকের বাংলাদেশ ভূখণ্ডে। এই রেলপথের শেষ স্টেশন জগতিকে বলা হয় বাংলাদেশের প্রথম রেলওয়ে স্টেশন। যদিও এই সেকশনে জগতি ছাড়াও পোড়াদহ, চুয়াডাঙ্গা এবং দর্শনাও একই দিনে উদ্বোধন করা হয়।

নদীবিধৌত পূর্ববঙ্গের নরম মাটি বাষ্প-শকটের সদম্ভ পদভারে প্রকম্পিত হতে লাগল। অবহেলিত বাঙালিরা তাকিয়ে থাকল নতুন যুগের এই বার্তাবাহকের দিকে। দুর্ভিক্ষপীড়িত বাংলায় খাদ্য নিরাপত্তা অনেকটা সুসংহত হলো। অন্যদিকে আরো আষ্টেপৃষ্টে জড়িয়ে ধরল ব্রিটিশ শাসনের নিগড়। প্রথম যেদিন ট্রেন এলো পূর্ব বাংলায়, একরাশ ভয় ও বিস্ময় গ্রাস করল বাঙালিকে। কারণ ইতিপূর্বে বাঙালি ধোঁয়ার কুণ্ডলি পাকিয়ে চলা বাষ্প-শকট চালিত এই গতিদানব দেখা তো দূরের কথা, এমন যান যে পৃথিবীতে আছে তা কল্পনাও করতে পারেনি।

কয়লা পুড়িয়ে ধোঁয়ার কুণ্ডলি পাকিয়ে ঝকঝকে রব তুলে যখন জগতি স্টেশনে ট্রেন এসে থামত, তখন রেলগাড়ি দেখার একরাশ কৌতূহল নিয়ে আশপাশের এলাকায় অগণিত মানুষের ভিড় লেগেই থাকত। কয়লার ট্রেন থেকে হয়েছে ডিজেল চালিত ট্রেন, ডিজেল থেকে হয়েছে বৈদ্যুতিক ট্রেন–কত কিছুই পরিবর্তন ঘটেছে কালের পরিক্রমায়, কিন্তু মানুষের মধ্যে রেলগাড়ির সেই কৌতূহল যেন আজও শেষ হয়ে যায়নি।

অষ্টাদশ শতাব্দীর প্রথমভাগ থেকেই নীল চাষের জন্য বিখ্যাত ছিল কুষ্টিয়া। নীলচাষী ও নীলকরদের আগমনের পরই কুষ্টিয়ার নগরায়ন শুরু হয় বলে ধারণা করা হয়। তাছাড়া বস্ত্র শিল্পের জন্য কুষ্টিয়া

বরাবরই বিখ্যাত ছিল। সম্রাট শাহজাহানের শাসনামলে এখানে একটি নদী বন্দর স্থাপিত হয়। ব্রিটিশ শাসনামলে ইস্ট ইন্ডিয়া কোম্পানি এই বন্দরটি ব্যবহার করত। বিশেষত নীলকররা এবং নীল ব্যবসায়ীদের দখলে থাকতো এই বন্দরটি। কুষ্টিয়া ছিল নদীয়া জেলার একটি মহাকুমা। পরে কোম্পানি শাসনামলে এটি যশোর জেলার অধীনে চলে আসে। রেল যোগাযোগ স্থাপনের পর অত্রাঞ্চলে নগরায়নের সুবাতাস বইতে থাকে। তারই রেশ ধরে ১৮৬৯ সালে কুষ্টিয়া পৌরসভা হিসেবে আত্মপ্রকাশ করে।

'একটা প্রযুক্তি পুরো একটা সমাজকে বদলে দেবে', কার্ল মার্কসের সেই ভবিষ্যদ্বাণী বিফলে যায়নি। কলকাতা থেকে কুষ্টিয়ার জগতি পর্যন্ত নিরবচ্ছিন্ন রেল যোগাযোগ প্রতিস্থাপনের মাধ্যমে এ অঞ্চলের অর্থনৈতিক চাকা সচল হতে শুরু করে। কুষ্টিয়ায় স্থাপিত হতে থাকে বড় বড় শিল্প প্রতিষ্ঠান। আনাগোনা দেখা দেয় ব্রিটিশ ব্যবসায়ীদের। ১৯০৮ সালে কুষ্টিয়াতে প্রতিষ্ঠিত হয় 'মোহিনী মিল' যা ছিল তৎকালীন সময়ে সমগ্র এশিয়া মহাদেশের মধ্যে সবচেয়ে বড় কাপড়ের কারখানা। তাছাড়া ১৮৯৬ সালে যজ্ঞেশ্বর ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস রেনউইক এবং ১৯০৪ সালে যজ্ঞেশ্বর অ্যান্ড কোং নামে দুটি শিল্পকারখানা প্রতিষ্ঠিত হয়। এরপর দর্শনায় প্রতিষ্ঠিত হয় ভারী শিল্প প্রতিষ্ঠান 'কেরু এন্ড কোং'। এটি ছিল ঐ অঞ্চলের মধ্যে তৎকালীন সবচেয়ে বড় শিল্প প্রতিষ্ঠান। এভাবেই শিল্প ও বাণিজ্যক্ষেত্রে এ অঞ্চলের আমূল পরিবর্তন সাধিত হতে থাকে।

জগতি-গোয়ালন্দ ঘাট রেল সেকশন

জগতি রেল স্টেশনের অবস্থান ছিল কুষ্টিয়া শহর থেকে তিন কিলোমিটার দূরে। কলকাতা থেকে জগতি পর্যন্ত নিরবচ্ছিন্ন যোগাযোগ স্থাপনের পর ব্রিটিশ সরকার ঢাকার সাথে যোগাযোগ ব্যবস্থাকে আরও সহজ করতে চাইল। যদিও পদ্মার এপারে তখনও রেললাইন স্থাপন করা হয়নি। তাছাড়া মাঝখানে প্রমত্তা পদ্মা এ যোগাযোগ স্থাপনের সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়ালো। এতদসত্ত্বেও পদ্মার পাড় পর্যন্ত নিরবচ্ছিন্ন রেল ব্যবস্থা স্থাপন করলে বাণিজ্যিক সুবিধা হবে, এই বিবেচনায় ব্রিটিশ সরকার পদ্মা এবং যমুনার সংযোগস্থল গোয়ালন্দ ঘাট পর্যন্ত রেলপথ নির্মাণের পরিকল্পনা করে।

যেহেতু জগতি পর্যন্ত রেলপথ রয়েছে, কাজেই সেখান থেকে মাত্র ৭৫ কিলোমিটার ব্রডগেজ রেললাইন নির্মাণ করলেই পদ্মার পাড় পর্যন্ত নিরবচ্ছিন্ন রেল যোগাযোগ স্থাপন সম্ভব। এই সেকশনেও রেলপথ

নির্মাণের দায়িত্ব নিল ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে। কাজ শুরু হয়ে গেল ১৮৬৯ সালের শুরুতেই। জগতি থেকে গোয়ালন্দ ঘাট পর্যন্ত ব্রডগেজ রেললাইন বর্ধিতকরণ কাজ সমাপ্ত হয় ১৮৭১ সালে। সে বছরই ১ জানুয়ারি ট্রেন চলাচলের মাধ্যমে জগতি থেকে গোয়ালন্দ ঘাট পর্যন্ত রেল সেকশনটি উদ্বোধন করা হয়। কলকাতা থেকে জগতি পর্যন্ত নিরবচ্ছিন্ন যোগাযোগ স্থাপনের প্রায় ১০ বছর পর কলকাতা থেকে গোয়ালন্দ ঘাট পর্যন্ত নিরবচ্ছিন্ন রেল যোগাযোগ স্থাপন করা সম্ভব হলো। উদ্বোধনের দিন থেকেই ইস্ট বেঙ্গল এক্সপ্রেস নামের একটি ট্রেন কলকাতা থেকে গোয়ালন্দ ঘাট পর্যন্ত নিয়মিত চলাচল করত।

সেসময় মানুষ কলকাতা থেকে ট্রেনে করে জগতি পার হয়ে গোয়ালন্দ ঘাটে এসে নামত। স্টিমারে করে পদ্মা নদী পার হয়ে চলে আসত ঢাকায়। পদ্মার এ পাড়ে তখনও রেললাইন নির্মিত হয়নি। জগতি থেকে গোয়ালন্দ ঘাট পর্যন্ত রেল সেকশনের মধ্যবর্তী স্টেশনগুলো হলো কুষ্টিয়া, কুষ্টিয়া কোর্ট, চড়াইকল কুমারখালী, খোকসা, মাছপাড়া, পাংশা, কালুখালী জংশন, বেলগাছি ও সূর্যনগর গোয়ালন্দ বাজার।

১৮৮৪ সালে ঢাকা স্টেট রেলওয়ে কোম্পানি নারায়ণগঞ্জ থেকে ময়মনসিংহ পর্যন্ত রেললাইন নির্মাণ করে। এতে কলকাতার সাথে ঢাকার যোগাযোগ ব্যবস্থার এক নতুন যুগের সূচনা হয়। রাতের ট্রেনে কলকাতা থেকে যাত্রা করে সকাল নাগাদ এসে পৌঁছানো যেত গোয়ালন্দ ঘাটে। সেখান থেকে স্টিমারে করে নারায়ণগঞ্জ। নারায়ণগঞ্জ স্টেশন থেকে ট্রেনে করে ঢাকা পৌঁছানো যেত দুপুরের আগেই। তিন দিনের দীর্ঘ যাত্রাপথ নেমে এলো মাত্র ১৭ ঘণ্টায়।

আজকের বাংলাদেশ ভূখণ্ডে রেল এসেছিল এদেশের মানুষের ভাগ্য ফেরাতে। কঠোর পরিশ্রমের মাধ্যমে ফসল উৎপাদন করে ব্রিটিশ সরকারের অর্থনীতির চাকা সচল রাখলেও নদীবিধৌত পূর্ববাংলা সবসময়ই ছিল অবহেলিত ও সুবিধাবঞ্চিত। রেলপথ প্রতিস্থাপনের মাধ্যমে কিছুটা হলেও গুরুত্ব পায় পূর্ববংলার বাঙালিরা। সাথে কিছু আধুনিক সুযোগ-সুবিধাও পেতে থাকে। ব্রিটিশদের আনাগোনায় মুখরিত হতে থাকে বাংলাদেশ। তাদের সাথে পাল্লা দিয়ে ব্যবসা-বাণিজ্যেও উন্নতি করতে থাকে দেশীয় ব্যবসায়ীরা।

শাকিল আহম্মেদ
roar.media, ১০ October ২০২০

করোনা পরবর্তী অর্থনীতি পুনরুদ্ধারে কৃষিখাত

করোনাভাইরাসের প্রভাব অর্থনীতিতে কতটুকু পড়বে তা এখনি পুরোপুরি পরিমাপ করা সম্ভব নয়। তবে এই নিয়ে আমরা সবাই একমত যে, নিকট ভবিষ্যতে আমরা অর্থনৈতিক মন্দার সম্মুখীন হবো। আন্তর্জাতিক মুদ্রা তহবিল জানিয়েছে, ১৯৩০ সালের মহামন্দা পরবর্তী বিশ্বে এই প্রথম আবারও আমরা ওই রকম একটি মহামন্দার সম্মুখীন হতে যাচ্ছি।

শুধুমাত্র বাংলাদেশ নয়, সারাবিশ্বকে সামনে কঠিন এক অর্থনৈতিক মন্দার মধ্যে দিয়ে যেতে হবে। তবে এই নেতিবাচক প্রভাব অর্থনীতিতে কতটুকু পড়বে, কত সময় থাকবে এবং তা থেকে কীভাবে অর্থনীতিকে পুনরুদ্ধার করা যায় তা নিয়ে বিশদ আলোচনা, সঠিক পরিকল্পনা ও তার বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারের ঘোষিত আর্থিক প্রণোদনা এইক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং তা প্রশংসার দাবি রাখে। কিন্তু এই আর্থিক প্রণোদনা বাস্তবায়নের ক্ষেত্রে তুলনামূলক গুরুত্বারোপ করে দ্রুত বাস্তবায়নের বিকল্প নেই।

কিছুদিন আগে একটি বেসরকারি টেলিভিশনের সাক্ষাতকারে এক রিক্সাচালক বললেন, 'মামা, রিকশা চালাইয়া আর লাভ হইতাসে না। ভাইবতাছি গ্রামে চইল্যা যামু, কারো থেকে কিছু জমি বর্গা লইয়্যা চাষবাস করুম।' তখনই মনে হলো সত্যি এদেশের মানুষের বড় একটি অংশ এখনও কৃষিকে তাদের অবলম্বন হিসাবে মনে করে। মাননীয় প্রধানমন্ত্রীর কথায়ও এই বিষয়টা ফুটে উঠেছে। তিনি বারবার বলেছেন কোনও একটি জমিও যেন অনাবাদী না থাকে এবং পাশাপাশি তিনি আর্থিক প্রণোদনার কথাও তুলে ধরেছেন। ছোট থেকে আমরা একটা কথা বলে থাকি, বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। কেননা বালাদেশের মানুষের বড় একটি অংশ কৃষির উপর নির্ভরশীল। গত কয়েক দশকের পরিসংখ্যানও সেই বিষয়টা ফুটে উঠে। ১৯৯২ সালে মোট জিডিপিতে কৃষির অবদান ছিল ৩০.৫১ শতাংশ, যা ২০১০-এ ১৭ শতাংশ এবং ২০১৮ তে ১৩.০৭ শতাংশে গিয়ে দাঁড়ায়। অর্থনীতির এই সেক্টরাল স্থানান্তরকে আমরা উন্নয়নের মাপকাঠি হিসাবে মনে করে থাকি। যা আমাদের মাথাপিছু আয় বৃদ্ধির মাধ্যমে প্রতিফলিত হয়েছে। বাংলাদেশ শ্রমশক্তি জরিপ ২০১৬-১৭ অনুসারে, বাংলাদেশের কর্মে

নিয়োজিত মানুষের মধ্যে ৪০ শতাংশ মানুষ কৃষিকাজে নিয়োজিত। সুতরাং এই তুলনামূলক চিত্রের মাধ্যমে এই বিষয়টি ফুটে আসছে যে, জিডিপিতে কৃষির আনুপাতিক অবদান কমে আসলেও এখনও আমাদের জনসংখ্যার বড় একটি অংশ কৃষি কাজে জড়িত।

ইতোমধ্যে করোনা মোকাবেলায় বাংলাদেশে লকডাউনের মাধ্যমে সরকার মানুষকে অনেকভাবে ঘরে রাখার চেষ্টা করেও বেশিদিন ঘরে রাখতে পারেনি এবং তা সম্ভবও নয়। কারণ অর্থনৈতিক কার্যক্রম যত বেশিদিন বন্ধ থাকবে, এর নেতিবাচক প্রভাব অর্থনীতিতে ততো বেশিহারে বৃদ্ধি পাবে। কিছুদিন আগে লকডাউন খুলে দেওয়ার জন্য যুক্তরাষ্ট্রের একটি প্রদেশের গভর্নরের ভবন অবরোধেও এই বিষয়টা ফুটে উঠে যে, মানুষ এই করোনাভাইরাসের চেয়ে চাকরি হারিয়ে না খেয়ে থাকাকে বেশি শোচনীয় মনে করছে। সাম্প্রতিক সময়ে বিভিন্ন দেশ ধীরে ধীরে লকডাউন খুলে দিচ্ছে। কেননা অর্থনীতিকে স্থবির রাখলে কিছুদিন পর তা সরকারের নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। তাই স্বাস্থ্যসম্মত উপায়ে কীভাবে ভ্যাকসিন না আসা পর্যন্ত ধীরে ধীরে অর্থনৈতিক কার্যক্রম চালিয়ে যাওয়া যায় সরকারগুলো সে দিকেই মনোনিবেশ করছে।

সরকার ইতোমধ্যে কৃষকদের জন্যে কয়েকটি প্রণোদনা প্যাকেজ ঘোষণা দিয়েছেন। ৪ শতাংশ সুদ হারে ঋণ প্রদান, ৯ হাজার কোটি টাকার ভর্তুকি প্রদান, ৮৬০ কোটি টাকার বোরো শস্য ক্রয়, ২০০ কোটি টাকার যন্ত্রপাতি ক্রয়, ১৫০ কোটি টাকার বীজ প্রদানসহ বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। এমতাবস্থায় কৃষির প্রতি আলাদা নজর দেওয়ার মাধ্যমে অর্থনীতিকে দ্রুত পুনরুদ্ধার করা যাবে। যেহেতু করোনা পরবর্তী অর্থনীতিতে শিল্প কারখানা আগের মতো পুরোদমে চলবে না এবং এই খাতে যে শ্রমিকরা কাজ করত তারা গ্রামের দিকে ফিরে যাবে। সেহেতু কৃষিতে শ্রমিক সরবরাহ বাড়বে এবং গতিশীলতা পাবে। সুতরাং কৃষকরা যাতে কোনও ধরনের ক্ষতির সম্মুখীন না হয় সেদিকে আলাদা নজর দিতে হবে। কেননা বাজারে সরবরাহ বাড়লে পণ্যমূল্য অবশ্যই কমে আসবে। আর করোনার প্রভাবে ভবিষ্যতে বেকারত্ব দেখা দিবে এবং জনসংখ্যার বড় একটি অংশের আয় কমে যাবে। যার ফলে পণ্যের চাহিদাও কমে যাবে, যা বাজারে পণ্যের দাম অনেকাংশে কমিয়ে দিবে। সুতরাং কৃষি উপকরণ ক্রয়ে সরকারের সরাসরি ভর্তুকি বৃদ্ধি করা, কৃষকদের উন্নতমানের বীজ প্রদানসহ অন্যান্য কার্যক্রম বাড়ানোর মাধ্যমে উৎপাদন ব্যয় কমিয়ে আনা যাবে। ফলে বাজারে পণ্যের দাম কমে আসলেও তাতে কৃষকদের তেমন কোনও ক্ষতি হবে না। তাছাড়া সরকার ইতোমধ্যে ২১ লাখ টন খাদ্যশস্য কিনবে বলে ঘোষণা দিয়েছে। যার মধ্যে ৮ লাখ টন হচ্ছে ধান, ১০ লাখ টন চাল, ২.২ লাখ টন আতপ চাল এবং ৮০ হাজার টন গম। এইক্ষেত্রে মধ্যসত্বভোগীরা যাতে কৃষকদের থেকে কম দামে কিনে তা বেশি দামে বিক্রি করতে না পারে সেদিকেও নজর রাখা দরকার। অন্যথায় এই সুবিধা কৃষকদের নিকট পৌছাবে না। পাশাপাশি কৃষিতে বৈচিত্র্য নিয়ে আসার মাধ্যমে আমাদের খাদ্য নিরাপত্তার বিষয়টি যাতে আরও বেশি নিশ্চিত করা যায় সেদিকেও খেয়াল রাখতে হবে। যেহেতু এই খাতের উৎপাদন, বাজারজাতকরণ খুব অল্প সময়ে হয়ে থাকে, সেহেতু এই খাত যত দ্রুত চাঙ্গা করা যাবে, ততো দ্রুত অর্থনীতিকে পুনরুদ্ধার করা যাবে। চলতি ২০১৯-২০ অর্থবছরে কৃষি খাতে বরাদ্দ ছিল ২৭ হাজার ২৩ কোটি টাকা। নতুন বাজেটে বরাদ্দ দেওয়া হচ্ছে ২৯ হাজার ৯২৩ কোটি টাকা, যা মোট বাজেটের মাত্র ৩ দশমিক ৬ শতাংশ। কিন্তু অর্থনৈতিক চালিকা শক্তি হিসেবে বিবেচিত এই খাত করোনা দুর্যোগকালীন বাজেটেও উপেক্ষিত। কৃষকদের নগদ অর্থ প্রদান, কৃষি ভর্তুকি বাড়ানো, কৃষি উদ্যোক্তা তৈরি এবং প্রশিক্ষণে এই খাতকে আরও বেশি গুরুত্বারোপ করে বাজেট বরাদ্দ বাড়ানো উচিত ছিল।

তাছাড়া করোনাভাইরাসের ভ্যাকসিন আবিষ্কার এবং তা প্রয়োগের মাধ্যমে মানুষের মধ্যে হার্ড ইমিউনিটি তৈরি হওয়া একটি সময় সাপেক্ষ ব্যাপার। এমতাবস্থায় সবার জন্য পুষ্টিকর খাবারের সহজলভ্য করার মাধ্যমে প্রাকৃতিক ইমিউনিটির (রোগ প্রতিরোধ ক্ষমতা) প্রয়োজনীয়তা রয়েছে। এক্ষেত্রে যে সকল শাক-সবজি প্রাকৃতিক ইমিউনিটি তৈরি করতে সহযোগিতা করবে সে সকল শাক-সবজির উৎপাদনের দিকে আলাদা নজর দিতে হবে। তাছাড়া বিশ্বের অন্যান্য দেশও জনগণের জন্য পুষ্টিকর খাবারের সরবরাহের দিকে নজর দিবে এবং সাধারণ মানুষও আগের তুলনায় পুষ্টিকর খাবার বেশি ভোগ করতে চাইবে। ফলে বিশ্ব বাজারে শাক-সবজি রপ্তানির নতুন নতুন বাজার সৃষ্টি হবে, যা আমাদেরকে এই অর্থনীতিকে পুনরুদ্ধার করার পথকে আরও প্রসারিত করবে। বাংলাদেশ বর্তমানে ৫৩টি দেশে প্রায় ৭০ রকমের শাক-সবজি রপ্তানি করে থাকে। ইউরোপিয়ান ইউনিয়ন দীর্ঘদিন যাবত বাংলাদেশ থেকে রপ্তানি করা শাক-সবজির গুণমান নিয়ে প্রশ্ন তোলার কারণে ২০১৭ সালে বাংলাদেশ সরকার ইউরোপিয়ান ইউনিয়ন বাজারে রপ্তানি নিষেধাজ্ঞা জারি করে। গতবছর সরকার এই নিষেধাজ্ঞা তুলে নেওয়ার পর থেকে সবজি রপ্তানি আয় বাড়তে থাকে। ২০১৮-১৯ অর্থ বছরে বাংলাদেশ থেকে প্রায় ১০০ মিলিয়ন ডলারের শাক-সবজি রপ্তানি হয়েছিল। ২০১৯-২০ অর্থ বছরের প্রথম ছয় মাসেই বাংলাদেশ থেকে প্রায় ১১৭ মিলিয়ন ডলারের শাক-সবজি রপ্তানি হয়েছে। এক্ষেত্রে কৃষি পণ্যের গুণমান বজায় রেখে রপ্তানি বাড়ানোর জন্যে সরকার রপ্তানিকারকদের বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করতে হবে। যা আমাদের রপ্তানি আয় বাড়াতে সহায়ক হবে।

সুতরাং করোনা পরবর্তীতে সরকারের সঠিক কর্ম পরিকল্পনা নেওয়া এবং তা দ্রুত বাস্তবায়নের কোনও বিকল্প নেই। কৃষকদের জন্য সরকারের ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো ভবিষ্যতে আরও জোরদার করার মাধ্যমে অর্থনীতিকে পুনরুদ্ধার করার দিকে মনোনিবেশ করা প্রয়োজন।

■ ড. সাহাদাত হোসেন সিদ্দিকী
মো. সাইফুল ইসলাম
দৈনিক সমকাল, ২৫ জুন ২০২০
[লেখকদ্বয় যথাক্রমে সিনিয়র রিচার্স ফেলো, বিআইজিডি, ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও অধ্যাপক অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সহযোগী গবেষক বিআইজিডি, ব্র্যাক বিশ্ববিদ্যালয়]

বাংলাদেশের ডাহুক, কোড়া ও কালিম পাখি

ঋতু বৈচিত্র্যের দেশ আমাদের বাংলাদেশ। পরিবেশ বিপর্যয়ের সাথে সাথে কমছে জীববৈচিত্র্য একই সাথে অনেক প্রাণী প্রজাতি পড়ছে বিলুপ্তির আশঙ্কায়।

প্রকৃতির সৌন্দর্যকে ফুটিয়ে তোলার অনন্য কারিগর বিভিন্ন প্রজাতির পাখ-পাখালি। ধরে নেওয়া হয় বিশ্বে পাখি প্রজাতির সংখ্যা ৯৮০০-এর মধ্যে বাংলাদেশে রয়েছে ৭০০ প্রজাতির পাখি। দেশের প্রায় ৫০ শতাংশই পরিযায়ী পাখি আর স্থায়ী পাখিদের মধ্যে ডাহুক, কোড়া ও কালিম পাখি অন্যতম। তিনটি পাখিই Rallidae পরিবারের।

পাখি তিনটি বাংলাদেশ ছাড়াও ভারতসহ দক্ষিণ-দক্ষিণ পূর্ব এশিয়ার দেশ সমূহে বিচরণ করতে দেখা যায়।

ডাহুক : বাংলার প্রকৃতিতে অবাধে বিচরণকারী অনন্য গড়নের পাখি ডাহুক। ডাহুকের বৈজ্ঞানিক নাম Amaurornis phoenicurus যা Amaurornis গণের মাঝারি আকৃতির পাখি। ডাহুকের বৈজ্ঞানিক নামের অর্থ লাল লেজ যুক্ত কাল পাখি (গ্রিক: amauros; কাল, phoenicurus; লাল লেজের ঝিল্লি, ornis; পাখি)।

এদের দেহ কালচে এবং মুখমণ্ডল, গলা, বুক ও পেট সম্পূর্ণ সাদা। পুরুষ ও স্ত্রী দেখতে একইরকম।

স্বভাবে এরা ক্রেপাস্কুলার অর্থাৎ আবছায়া/গোধূলির ন্যায়। অন্যান্য পাখির তুলনায় এরা বেশ সাহসী ও দ্রুতগামী। তাই মানব বসতির আশেপাশে খাবারের খোঁজে পচা ডোবায় এদের দেখা যায়।

এদের প্রধান খাবার জলজ পোকামাকড়, ছোট মাছ, জলজ উদ্ভিদের কচি ডগা, ধান ইত্যাদি। এরা পোষ মানে সহজেই। পোষা ডাহুকের খাদ্য ধান, চাল, ভাত।

ডাহুকের প্রজননের উত্তম সময় আষাঢ়-শ্রাবণ অর্থাৎ বর্ষাকালে। এ সময় পুরুষ সদস্য আর্তনাদ করে স্ত্রীকে আকৃষ্ট করে। এরা বাসা বাঁধে জলার ধারে ঝোপ জঙ্গলে, বাঁশঝাড়ে।

স্ত্রী সদস্য ডিম পাড়ে ৫-৭ টি এবং ডিমে তা দেয় স্ত্রী, পুরুষ উভয়ই। ডিম ফুটে বাচ্চা বের হতে সময় লাগে ১৮-২০ দিন।

অবাধ পাখি শিকার এবং অসাধু পাখি ব্যবসায়ীদের অত্যাচারে দিন দিন কমে যাচ্ছে এই পাখি প্রজাতিটি।

কোড়া : কোড়া বাংলার প্রকৃতিতে বিচরণরত লাজুক স্বভাবের পাখি। এরা প্রকৃতির আড়ালে আবডালে থাকতে ভালোবাসে। ডাকপ্রিয় পাখি হিসেবে এদের বেশ খ্যাতি রয়েছে। কোড়ার বৈজ্ঞানিক নাম: Gallicrex cinerea এবং Gallicrex গণের একমাত্র সদস্য যার নামের অর্থ ছাই রঙা মুরগির ছানার মতো দেখতে ঝিল্লি। (ল্যাটিন, gallus; মুরগি ছানা, crex; ঝিল্লি, cinereus; ছাইরং)। স্ত্রী, পুরুষ দেখতে একই হলেও প্রজনন ঋতুতে পুরষের গাত্রবর্ণ নীলচে কাল। প্রজনন ঋতুর বাইরে উভয়ের দেহের বাইরের দিকে পাটকিলের উপর গাঢ় রেখা দেখা যায়, পালক আঁশালো, লেজ খাটো এবং কপালে লাল ত্রিকোণ বর্ম দেখা যায়।

কালিম পাখির বৈজ্ঞানিক নাম: Porphyrio porphyrio এবং porphyrio গণের কালচে বেগুনি রঙের জলচর পাখি। এ প্রজাতিটিকে নিউজিল্যান্ডের তাকাহে ও বিলুপ্ত পাখি লর্ড হিউর কালেমের পূর্বপুরুষ মনে করা হয়।

এই পাখির আদি নিবাস নিউজিল্যান্ডে। যেখানে এটি পুকেকো নামে পরিচিত। পাখিটি বাংলাদেশ ছাড়াও ভারতসহ দক্ষিণপূর্ব এশিয়া, ওশেনিয়া ও ইউরোপের বিভিন্ন দেশে পাওয়া যায়।

এর মাথা ফিকে, ডানা সবুজ দীপ্তিময়, লেজের অংশ কালো। লেজতল-ঢাকনি সাদা এছাড়া দেহের সর্বত্র নীলচে বেগুনি রঙের ঠোঁটের গোড়া থেকে পেছন পর্যন্ত লাল বর্ম বা মুকুট রয়েছে। স্ত্রী পাখির বর্ম পুরুষ পাখির বর্মের চেয়ে ছোট। স্ত্রী, পুরুষ উভয়েরই চোখ রক্ত লাল। মুখ ঘাড়ের উপরিভাগ ও বুকে ধূসর আমেজ থাকে।

পাখিটি হাওড়, বাওড়ে দেখা যায়। জলচর এই পাখির খাদ্য জলজ

কোড়া ডাহুক গোষ্ঠীর অন্যতম সদস্য যার ১০-১২টি প্রজাতি পাওয়া যায় বাংলাদেশে।

কোড়া বর্ষাকালে বাংলাদেশের মাঠে ঘাটে বিশেষ করে ধান খেতের পানিতে প্রচুর দেখা যায়। ডাহুক গোষ্ঠীর হওয়ায় এদের খাদ্য জলজ পোকামাকড়, কচি ডগা, ধান ইত্যাদি।

এদের প্রজননের উত্তম সময় বর্ষা-শরত। প্রজনন ঋতুতে বাসা বাঁধে নল খাগড়া বিছিয়ে ভাসমান জলাধারে, ধানখেতে বা আখখেতে। ডিম পাড়ে ৬-৮টি এবং ডিম ফুটে বাচ্চা বের হতে সময় লাগে ১৬ দিন।

এদের স্ত্রী সদস্য (৩৬ সেমি.) পুরুষ সদস্যের (৪৩ সেমি.) থেকে ছোট এবং একাই ডিমে তা দেয়। স্ত্রী সদস্য প্রজনন ঋতুতে লড়াকু স্বভাবের হয় এবং পুরুষ সদস্য বা অন্যান্য প্রাণীদের প্রতি হিংস্র হয়ে ওঠে।

মূলত কোড়া মাংস ও ডিমের জন্য শিকারে পরিণত হয়। লড়াইরত দুটি কোড়াকে সহজেই ধরে ফেলা যায়।

কিছু অসাধু শিকারী ও ব্যবসায়ী অন্যান্য পাখি শিকারে কোড়াকে ব্যবহার করে। ফলে এদের সংখ্যা বিগত দশক ধরে কমছে।

কালিম : কালিম পাখি বেগুনি কালিম হিসেবে অধিক পরিচিত মাঝারি আকৃতির শান্ত স্বভাবের পাখি। এটি বাংলায় কালিম, কায়িম ও সুন্দরী পাখি নামে পরিচিত।

পোকামাকড়, কচি ডগা ও দানা জাতীয় খাদ্য। প্রজাতিটির উপপ্রজাতি সংখ্যা ১৬টি।

কালিম পাখির প্রজনন ঋতু বর্ষাকাল। প্রজননকালে এরা হাওড়, বাওড়ের ধারে বাসা তৈরি করে। এরাও পোষ মানে। ডিম পাড়ে ৫-৬টি। ডিম থেকে বাচ্চা ফুটে বের হতে সময় লাগে দু সপ্তাহ বা ১৫ দিন।

অবাধ শিকার, হাওড়ে কীটনাশকের ধ্বংসাত্মক প্রভাব, আবাসস্থল ধ্বংস এবং অসাধু ব্যবসায়ীদের খপ্পরে পড়ে এ প্রজাতিটির সংখ্যা ক্রমেই কমছে।

IUCN ডাহুক, কোড়া এবং কালিম ৩টি পাখি প্রজাতিকেই ন্যূনতম বিপদগ্রস্ত এবং বাংলাদেশের বন্যপ্রাণী আইনে সংরক্ষিত ঘোষণা করা হয়েছে। প্রকৃতিতে এসব পাখি টিকিয়ে রাখতে হলে অবাধ শিকার, আবাসস্থল সংরক্ষণ, জনগণের সচেতনতা ও বৃক্ষরোপণে সচেষ্ট হতে হবে। তবেই বাংলার প্রকৃতিতে ডাহুক, কোড়া, কালিমের মতো পাখি প্রজাতির অবাধ বিচরন নিশ্চিত হবে।

তথ্যসূত্র : উইকিপিডিয়া, IUCN red list, নবীন পত্রিকা, বিভিন্ন রিসার্চ আর্টিকেল, pakhi totho.com

মো. আব্দুল্লাহ আল মামুন
বিএসসি সম্মান (৩য় বর্ষ), প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সদস্য: ১১৪৩/২০১৪

Concern over Alarming Rise in Incidents of Sexual Violence against Women and Girls in Bangladesh

Hamida Akhtar Begum

Now-a-days it has been very painful to read newspapers and open face-book as there are so many shocking news of sexual violence against little girls and women. Even a child as young as one year and a woman as old as over sixty years of age are not being spared by male perpetrators to become victims of rape. Last month, that is, in the month of May, 2019 alone 182 rape incidents including 13 gang rape and 8 murders after rape were reported in the national newspapers (Daily Star, June 17, 2019).

While Bangladesh has closed 72% of its overall gender gap (World Economic Forum, 2018) indicating women's empowerment, and surpassed even some developed nations like the USA, Italy and Singapore in closing gender gap, why are women and girls so frequently being victims of sexual violence? This question haunts me like many of our fellow citizens. Although tremendous development has happened in the education, employment and income earning capacity of women in Bangladesh, male domination still persists. Women are still less valued than men in society. Subordination of women folk is visible within and outside the household. Why are women perceived as weaker sex and unequal in status despite their educational attainments and contribution to the country's economy? Why shouldn't they have security of their own body? Is it purely a matter of social attitudes and age-old values attached to being female? Is it because women's position in power structure remained unchanged despite attaining millennium goal of gender equality so very remarkably? Ultimately, who should be blamed? Is it women, or men or both?

The fact is, all men are conceived and developed in mother's womb and are brought up primarily by mother. In that case, is it the failure on the part of the mothers to make their sons and daughters learn about being respectful to the members of the opposite sex and treat them equally? Is it because the mothers themselves share patriarchal values like men and make themselves subjugated to male supremacy in family and in society at large? We have to think seriously about this matter. We have to get at the root cause of persisting supremacy of male folk which gets expressed in the form of sexual violence against women.

In our society boys and girls learn about sexuality mostly informally through various forms of social interactions. The behavior pattern of parents and other members of the family are the primary socializing agents through whom our boys and girls learn about the relative status and position of men and women in

social power structure. If discriminatory practices are reflected in the behavior of these socializing agents (like father, mother or other superiors) gender attitudes will be shaped accordingly. If a child is exposed to male supremacy in family relationships and behavior pattern, he or she is likely to adopt that behavior pattern. Gradually male supremacy is likely to be predominant in the covert behaviors like beliefs, attitudes and values regarding members of opposite sex. So, as parents, neither the mother nor the father can claim that she or he is not responsible for her/his children's attitudes and values that underlie sexually violent behavior of male children against their female counterparts. No matter how males differ physiologically or 'hormonally' from females, it is expected of every human being that every individual should learn to have control over one's sexual urge and behave respectfully to the members of the opposite sex. This is a part and parcel of moral and social values in human civilization. The foundation of this learning is laid in the childhood, and there lies the responsibility of both mother and father to implant these values in their children. The responsibility lies with other socializing agents too, like other relatives in the family and in later life with teachers, peer groups and other associates. I am afraid we as parents, teachers and other socializing agents are failing in our duty in raising our children appropriately so as to make them learn the basic values attached to the behavior of our children towards the members of the opposite sex. If my son rapes a girl, I am to be blamed definitely for not being able to raise him with basic moral values.

So, we adults need to be self-critical and find ways and means of presenting ourselves as models to our children by upholding moral and social values through our behavior rather than giving them advice. What I am trying to emphasize is that if we have to find a way of improving the situation of gender violence, we should be focusing on child rearing practices and guidance related to gender relationships and morality at home as well as in schools.

I will be failing in my duty if I do not mention the State's responsibility in providing security to women and men. We have observed that promulgating laws does not save women from having the burn of sexual violence. Patriarchal culture dominates legal safeguards of women. Under these circumstances, the State must undertake active steps in providing security to its citizens, particularly women and girls. Responsibility lies with people engaged in maintaining law and order situation and social justice. Unfortunately, it is painful to observe that women and girls often become victim of sexual assault by policemen as well. Obviously, the question arises, are we providing them proper training? Are we guarding against malpractices of the people entrusted with maintaining law and order situation? If not, how to improve the situation? Unless the government and we, as citizens, address loopholes of all of these aspects of our social environment, it will not be possible to combat sexual violence against women and girls prevailing in our country.

Author : Pro-Vice Chancellor, IUBAT and
Former Professor of Psychology, University of Dhaka &
Hony, Treasurer of Human Development Foundation.

একজন অন্য রকম বাবা

জুন মাসের তৃতীয় রোববার, বাবা দিবস। বিশেষ এই দিনে বাবাকে নিয়ে লিখেছেন যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব লিডসের সহযোগী অধ্যাপক কারিশমা ফারহীন চৌধুরী। তাঁর বাবা জাতীয় অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী ছিলেন একজন শিক্ষাবিদ এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা। শিক্ষক হিসেবে তাঁর সুনাম ছিল। তাঁর বহু শিক্ষার্থী দেশে-বিদেশে সাফল্যের সঙ্গে কাজ করছেন। গত ২৮ এপ্রিল মৃত্যুবরণ করেছেন তিনি। বাবা হিসেবে জামিলুর রেজা চৌধুরী কেমন ছিলেন? পড়ুন তাঁর মেয়ের লেখায়।

ছোটবেলা থেকেই আমি আমার বাবা জামিলুর রেজা চৌধুরীকে অত্যন্ত ব্যস্ত দেখে এসেছি। ১৯৮০-এর দশকে আমি এবং আমার ভাই যখন স্কুলে পড়ি, লোডশেডিংয়ের কারণে ঢাকায় প্রতি রাতে নিয়মিত ১ থেকে ২ ঘণ্টা বিদ্যুৎ থাকত না। এই সময়টা আমাদের খুব প্রিয় ছিল, কারণ আইপিএস বা জেনারেটর না থাকায় সেই সময় আমার বাবা অন্য কোনো কাজ করতে পারতেন না এবং বারান্দায় বসে আমাদের সঙ্গে নানা বিষয়ে গল্প করতেন। কখনো তা হতো বিজ্ঞানবিষয়ক, কখনো ইতিহাসবিষয়ক, কখনো তাঁর ছেলেবেলার ঘটনা, আবার কখনো কাল্পনিক চরিত্র 'ইমনি-রুমনির' ভ্রমণকাহিনি। শেষেরটি ছিল আমাদের সবচেয়ে প্রিয়। কারণ ইমনি-রুমনির বদৌলতে মানসচক্ষে পৃথিবীর সব দেশ দেখা হয়ে যেত।

তাঁর একটি বৈশিষ্ট্য ছিল, তিনি ছোট-বড় সবার সঙ্গে সমান আগ্রহ নিয়ে গল্প করতেন। ছোটরা তাঁকে কোনো প্রশ্ন করলে তিনি সহজ করে বলতে গিয়ে অশুদ্ধ উত্তর দিতেন না। তাঁর ভাষ্য ছিল, সঠিক অথচ জটিল উত্তরটি শিশুরা তাৎক্ষণিকভাবে না বুঝলেও তাদের মতো করে জরুরি অংশটি আত্মস্থ করবে এবং পরে কোনো একসময় এটি তাদের পুরো বিষয়টি বুঝতে সাহায্য করবে। তাঁর এই দৃষ্টিভঙ্গি আমাদের যৌথ পরিবারের সব শিশুকেই অনুসন্ধিৎসু হয়ে বড় হতে সাহায্য করেছে। তিনি পরিবারের সব দুষ্টু ও চঞ্চল বাচ্চাদের কাছে বিশেষভাবে প্রিয় ছিলেন। তিনি বলতেন, 'দুষ্টু বাচ্চা মানে বুদ্ধিমান বাচ্চা।' আমি, আমার ভাই ও পরে আমার ছেলে তাঁর এই 'দুষ্টুমি করার অনুমতির' পূর্ণ সদ্ব্যবহার করে একটি আনন্দময় শৈশব উপভোগ করেছি।

আমাকে ও আমার ভাইকে আমার বাবা (ও মা) পুরোপুরি 'জেন্ডার ইকুয়াল' দৃষ্টিভঙ্গিতে বড় করেছেন। আমাদের দুজনের খেলনাই ছিল লেগো, মেকানো সেট, জিগসো পাজল, মাস্টারমাইন্ড, স্ক্র্যাবল ও অন্যান্য ধাঁধা বা শব্দ মেলানোর খেলা। সে সময় এটা খুব স্বাভাবিক মনে হলেও পরে দেশে-বিদেশে বিভিন্ন কর্মশালায় অংশ নিয়ে জেনেছি, বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিতে মেয়েদের অনাগ্রহের পেছনে শৈশবের মেয়েলি খেলনার প্রভাব আছে। বুঝতে পেরেছি, আমি কতটা সৌভাগ্যবান শিশু ছিলাম। এর অনাকাঙ্ক্ষিত ফল ছিল, ২০০২ সালে ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজিতে (এমআইটি) পিএইচডি করার লক্ষ্যে একা যুক্তরাষ্ট্রে গিয়ে আবিষ্কার করা, আমি মাছ-মাংস কিছুই রাঁধতে পারি না!

স্কুলজীবনে আমার বন্ধুবান্ধবেরা গল্প করত, তাদের বাবারা পরীক্ষায় ভালো ফলাফল করার চেষ্টা করতে বলতেন। আমি শুনে অবাক হতাম, কারণ আমার বাবা বলতেন তার উল্টোটা। তার জীবনদর্শন ছিল, 'লাইফ ইজ আ ম্যারাথন, নট আ স্প্রিন্ট।' তাই সারাক্ষণ পড়ালেখা করা বা স্কুলে প্রথম হওয়ার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হলো বিভিন্ন বিষয়ে কৌতূহলী থাকা এবং শেখার যাত্রাটা উপভোগ করা।

বাবার সঙ্গে আমার শৈশবের 'কম প্রিয়' একটা স্মৃতি হচ্ছে তাঁর কাছে অঙ্ক শেখা। গণিতে গতানুগতিক মানদণ্ডে ভালো হওয়া সত্ত্বেও এ ব্যাপারে আমার বাবাকে খুশি করতে পারা ছিল দুরূহ কাজ। ৮-১০ বছর বয়সেই আর্মস্ট্রং নাম্বার, হেক্সাগোনাল নাম্বার, ফিবোনাচি সিরিজের মতো জটিল বিষয় এবং নানা রকম মানসাঙ্ক শিখিয়ে তিনি আমার শৈশব জর্জরিত করেন। পরে তাঁর ব্যস্ততা বেড়ে যাওয়ায় একরকম রেহাই পেয়েছিলাম!

ছেলেবেলার আরেকটা প্রিয় স্মৃতি হলো, বাবা শহরের বাইরে কোথাও গেলে ফেরার পরই সবিস্তারে তাঁর ভ্রমণের গল্প শোনাতেন। ছোটবেলায় আমার ধারণা ছিল, ভালোমতো পড়াশোনা করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে পারলেই আমি তাঁর মতো দেশ-বিদেশের নানা শহর ঘুরতে পারব। পরে আমি যদিও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষক হিসেবে যোগদান করি, তার আগেই আমার বাবা বুয়েট থেকে অবসর গ্রহণ করায় সহকর্মী হিসেবে আমি তাঁকে পাইনি। তবে পরে আমি ভিনদেশে যখন যেই বিশ্ববিদ্যালয়েই পড়ালেখা বা কাজ করেছি, বাবা সব সময় আগ্রহ নিয়ে জানতে চেয়েছেন, সেই বিশ্ববিদ্যালয়ের ভালো কোনো দিক বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোতে প্রয়োগ করা যায় কি না। লক্ষ করেছি, শুধু আমি না; তাঁর যত ছাত্রছাত্রী বিদেশে অধ্যাপনা করছেন, সবার কাছেই তিনি কারিগরি ও বিশ্ববিদ্যালয় ব্যবস্থাপনাবিষয়ক নতুন কিছু শিখতে আগ্রহী ছিলেন।

তাঁর জীবনের শেষ কয়েক দিনে আমার, আমার ভাই এবং পরিচিত অনেকের সঙ্গেই তাঁর আলোচনার বিষয় ছিল 'অনলাইন এডুকেশন'। বিশেষত, বাংলাদেশের প্রেক্ষাপটে কী কী পদক্ষেপ নিলে সবার জন্য অনলাইন এডুকেশন নিশ্চিত করা যায়, (যেন করোনাকালে লকডাউনে বাংলাদেশের শিশু-কিশোর ও তরুণ প্রজন্ম লেখাপড়ায় বিশ্বের অন্যান্য দেশের চেয়ে পিছিয়ে না পড়ে) এ ব্যাপারে তিনি ভাবছিলেন।

আমি প্রতিনিয়তই, এবং বিশেষ করে কয়েক বছর ধরে, আমার বাবার অতিরিক্ত কাজ করা নিয়ে অনুযোগ করতাম। কারণ, আমার মনে হতো তাঁর পর্যাপ্ত বিশ্রাম হচ্ছে না। কিন্তু ক্রমে বুঝতে পারি এবং মেনে নিই যে গণিত অলিম্পিয়াড, প্রোগ্রামিং প্রতিযোগিতা-এগুলোই ৯টা-৫টা গতানুগতিক কাজের বাইরে তাঁর চালিকা শক্তি। বস্তুত, বাংলাদেশের শিশু, কিশোর ও তরুণেরা ছিল তাঁর জীবনীশক্তির অন্যতম উৎস।

আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি, যদিও আমার বাবা সশরীরে নেই, তবে তাঁর অগণিত প্রত্যক্ষ ও পরোক্ষ ছাত্রছাত্রীদের মধ্যে তাঁর ছোট্ট হলেও কিছুটা অংশ তিনি রেখে গেছেন। তাঁর অপ্রত্যাশিত প্রয়াণের এই দুঃসময়ে, বাবাহীন বাবা দিবসে, এটাই আমার একমাত্র সান্ত্বনা।

■ কারিশমা ফারহীন চৌধুরী
সহযোগী অধ্যাপক ইউনিভার্সিটি অব লিডস, যুক্তরাজ্য
প্রথম আলো, ২১ জুন ২০২০



একজন আনিসুজ্জামান !

সবচেয়ে বড় কথা আব্বার দায়িত্ববোধ ছিল খুব প্রখর, বিশেষ করে বাইরের জগতের ব্যাপারে। ভালোবাসতেন মানুষের হয়ে, দেশের হয়ে কাজ করতে; তাঁর ভাবনার জগৎজুড়ে কেবলই ছিল গবেষণা, জ্ঞানচর্চা, দেশপ্রেম, মানবকল্যাণ আর মানুষের সাহচর্য, সংস্পর্শ এবং নিবিড় ভালোবাসা। এর বাইরে খুব কম জিনিস নিয়েই তিনি সময় ব্যয় করতেন।

'আমি কোথায় পাব তারে!'

আমার বাবা অধ্যাপক আনিসুজ্জামানের মৃত্যুর পর তো বটেই, জীবদ্দশাতেই আমার তাঁকে ঘিরে সব সময় এই প্রশ্নটা মনে হতো বারবার। বাবা আনিসুজ্জামানকে আমি এবং আমার বোনেরা সারা জীবন খুঁজেই বেড়িয়েছি, কিন্তু তাঁকে আমাদের করে আমরা কখনোই পাইনি; পেয়েছি অনেক মানুষের ভিড়ে–কখনো মঞ্চে, কখনো আন্দোলনে। তাঁকে জেনেছি তাঁর লেখা পড়ে অথবা অন্যের সম্ভাষণে।

তাই আব্বা সম্পর্কে লিখতে বসে একধরনের অস্বস্তি কাজ করছে। সবার উৎসাহে যখন লিখতে বসেছি, হাত যে খুব সহজে চলছে তা নয়! বন্ধুদের বললাম, বাবা-ছেলের তেমন গল্প তো নেই যে লিখব। তারা বলল, এটাই তো একটা গল্প! আমি সেই গল্প লিখতে বসেছি। এই লেখার শিরোনাম দেখে বিভ্রান্ত হওয়ার সুযোগ আছে–ছেলে লিখছে বাবা সম্পর্কে? অনেক চিন্তা করে দেখেছি, মনের সঙ্গে কথা বলেছি, আমার কাছে তাঁর বাবা সত্তার চেয়ে ড. আনিসুজ্জামান সত্তাই বেশি বড়।

নিঃসন্দেহে আমাদের সম্পর্কের একটা বোঝাপড়া ছিল। তবে গতানুগতিক পিতা-পুত্র সম্পর্কের যে একটা আলাদা রসায়ন বা মাত্রা থাকে, সেটা কখনো পরিপূর্ণভাবে আস্বাদন করতে পারিনি; কেননা আব্বা সব সময় ছিলেন সবার। আমরাও তাই কখনো তাঁকে নিজের বা একার করে ভাবতে পারিনি বা পাইনি। যেটুকু আলাপচারিতা, তা-ও ছিল দেশ নিয়ে, সমকালীন রাজনীতি নিয়ে। সে কথায় পরে আসছি।

সবচেয়ে বড় কথা আব্বার দায়িত্ববোধ ছিল খুব প্রখর, বিশেষ করে বাইরের জগতের ব্যাপারে। ভালোবাসতেন মানুষের হয়ে, দেশের হয়ে কাজ করতে; তাঁর ভাবনার জগৎজুড়ে কেবলই ছিল গবেষণা, জ্ঞানচর্চা, দেশপ্রেম, মানবকল্যাণ আর মানুষের সাহচর্য, সংস্পর্শ এবং নিবিড় ভালোবাসা। এর বাইরে খুব কম জিনিস নিয়েই তিনি সময় ব্যয় করতেন।

আমার মা-ও আমাদের ছোটবেলা থেকে বুঝিয়েছিলেন আমার বাবার চিন্তার গণ্ডি কতটা বড়, দেশ আর তাঁর আদর্শের প্রতি তিনি কতটা প্রতিশ্রুতিবদ্ধ। তাই আমরাও সে পথে কখনো বাধা হয়ে দাঁড়াইনি। ফলে আমাদের নিত্যনৈমিত্তিক চাহিদার বিষয়গুলো মায়ের আঙিনাতেই সীমাবদ্ধ ছিল। বাবার সঙ্গে খুব কমই আমাদের দৈনন্দিন চাওয়া-পাওয়ার বিষয়গুলো আলোচিত হতো। আব্বা অনেক সাক্ষাৎকারে বলেছেন যে আম্মা সংসারের সব দায়িত্ব নিয়ে তাঁকে আরও বেশি কাজ করার সুযোগ করে দিয়েছেন। আর আমরাও তাঁকে বেশি বিরক্ত করিনি।

আমরা তিন ভাইবোন সব সময়ই মনে করেছি, আব্বা খুব আলাদা করে আমাদের নিয়ে ভাবেন না। কখনো দুঃখ করে, কখনো মজা করে বলেছি–আমরা বোধ হয় আব্বাকে সবচেয়ে কম চিনি, কম জানি আর কম সময় কাছে পেয়েছি। আসলে সমষ্টির চিন্তাই তাঁকে সব সময় ছেয়ে রেখেছিল। তাঁর কাছে নিজের পরিবার ছিল বাংলাদেশের অন্য যেকোনো একটি পরিবারের মতো। এতে আমাদের মধ্যে একটা দুঃখবোধ কাজ করত, পরবর্তী সময়ে হতো গৌরববোধ–একটা মানুষ কীভাবে এত বড় পরিসরে চিন্তা করতে পারেন, যেখানে তাঁর ব্যক্তিগত ব্যাপারগুলো গৌণ, পরিবারের চাওয়াগুলো ক্ষুদ্র? আব্বার কারণে আমরা কোথাও কোনো সুযোগ-সুবিধা পাই, সেটাও তিনি কখনোই চাইতেন না। এই লেখা প্রকাশের মাধ্যমে হয়তো তাঁর সেই নীতির প্রতি একটা ব্যত্যয় ঘটল।

আশির দশকে আমরা যখন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছিলাম, আম্মারা তখন বাচ্চাদের একটা স্কুল চালাতেন। একটা সময় আর্থিক কারণে তিনি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের দ্বারস্থ হতে বাধ্য হলেন। আম্মা ঘুরে ঘুরে সব প্রশাসনিক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিকে বোঝালেন, স্কুলের জন্য কেন অর্থ প্রয়োজন। যথাসময়ে যখন প্রশাসনিক ব্যক্তিরা সভায় বসলেন এবং স্কুলের অর্থ বরাদ্দ প্রায় চূড়ান্ত, তখন যিনি বাদ সাধলেন, তিনি হলেন আব্বা! বললেন, এভাবে কোনো সুষ্ঠু ও যথাযথ কারণ না দেখিয়ে বরাদ্দ দিলে এটা একটা খারাপ উদাহরণ তৈরি করবে এবং পরবর্তী সময়ে অনেকেই এভাবে প্রশাসনের অর্থ চাইতে পারে। অনেক পরে কিছু সুনির্দিষ্ট নিয়ম মেনে, যথাযথ কারণ দেখিয়ে সেই অর্থ বরাদ্দ দেওয়া হয়। তবে প্রথম সভা শেষে আম্মাকে সবাই বলেছিলেন, আমরা তো সবাই বরাদ্দ করেই দিয়েছিলাম, কিন্তু পরে তো দেখলাম ঘরের শত্রু বিভীষণ!

শুধু আম্মা বা আমাদের না, নিজের জন্যও কখনো কিছু চাননি তিনি। তারপরও তাঁর সৌভাগ্য, পেয়েছেন অনেক। 'এ দেশে জীবদ্দশায় গুণীর কদর হয় না'–এই কথাটা তাঁর ক্ষেত্রে প্রযোজ্য নয়। সবচেয়ে বেশি যা পেয়েছেন, তা হলো মানুষের ভালোবাসা। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছেড়ে আব্বা যখন, ১৯৮৫ সালে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগদানের সিদ্ধান্ত নেন, তখন আমাদের বাসার সামনে ছাত্র-শিক্ষক-কর্মচারীদের মিলিত প্রতিবাদ ও অভূতপূর্ব অবস্থান ধর্মঘট হয়েছিল। পেয়েছিলেন রাষ্ট্রীয় সম্মান, সঙ্গে ছিল আন্তর্জাতিক প্রাপ্তিও। সেসবের আনন্দও তিনি ভাগ করে নিয়েছিলেন সবার সঙ্গে। বলতেন, এত মানুষের খুশি দেখে তাঁর প্রাপ্তির আনন্দ আরও বেড়ে গেছে।

আমার সব সময় মনে হয়েছে আব্বার দর্শনটি ছিল একেবারে ভিন্ন। তাঁর বিশ্বাস ছিল সমষ্টিতে, ব্যক্তির বিষয়গুলো তাঁর কাছে ছিল গৌণ। ভাবতেন বহুত্ব নিয়ে, আকৃষ্ট হতেন বিশালত্বে।

বাহাত্তরে আব্বা যখন এ দেশের সংবিধান রচনার সঙ্গে জড়িত হন, তখন আমি মায়ের গর্ভে ধীরে ধীরে বড় হচ্ছি। সংবিধানকে তাই আমি বলি আমার যমজ সহোদর–আমাদের জন্ম নয় সপ্তাহের ব্যবধানে! সে সময় চট্টগ্রাম থেকে, বেশ কয়েকবারই আব্বাকে পুরো পরিবার নিয়ে, নিজেকে গাড়ি চালিয়ে, ঢাকাতে আসতে হয়েছিল। তখন আমার দুই বোনের বয়স ছিল আট আর আড়াই। পার হতে হতো তিন-চারটা ফেরি। কোনো কিছুই তাঁকে বাধাগ্রস্ত করতে পারেনি।

আগেই বলেছি, ব্যক্তিগত চাওয়া-পাওয়ার ঊর্ধ্বে ছিলেন আব্বা। আমার ধারণা, যাঁরা নিজের ব্যক্তিগত চাওয়া-পাওয়া নিয়ে ব্যস্ত থাকতেন, তাঁদের সংকীর্ণ মনের অধিকারী বলে ভাবতেন। যে মানুষটাকে মাননীয় প্রধানমন্ত্রী 'স্যার' বলে সম্বোধন করেন, মহামান্য রাষ্ট্রপতি কখনো কখনো 'মুরব্বি' ডাকতেন, সেই মানুষটার ঢাকা শহরে বা পৃথিবীর কোথাও কোনো বাড়ি নেই–এটা ভাবা যায়? শেষ জীবনে এসে আমার পীড়াপীড়িতে আব্বা একটি সরকারি জমির জন্য আবেদন করতে বাধ্য হন। আমি নিশ্চিত আমার সংকীর্ণতায়, রাজউকের আবাসনের এক খণ্ড জমি নিজের নামে লিখে নেওয়ায় তিনি কষ্ট পেয়েছিলেন।

আব্বার ব্যাপারে ভাবলে যে কথা প্রথমে মনে হয়, তিনি প্রকৃত মানুষ ছিলেন। মানুষে মানুষে পার্থক্য করে এমন কিছুই তাঁর পছন্দ ছিল না। তাই অর্থবিত্তের ব্যাপারে ছিলেন নিরাসক্ত, ধর্মীয় আচারের ব্যাপারেও ছিলেন নিরুৎসাহী। তবে তাঁর কথায়-কর্মে ধর্মের মূল নির্যাসের অনুসরণ দেখেছি, যা অনেক ধর্ম পালনকারীর মধ্যেও অনুপস্থিত। আমরা অনেকেই দাবি করি শ্রেণি-পেশা-ধর্ম-বর্ণ-নারী-পুরুষ-বয়স নির্বিশেষে আমরা সবাইকে গ্রহণ করি; অনেকে চেষ্টাও করি কিন্তু এর সত্যিকারের অনুশীলন আমি আব্বার মধ্যে দেখেছি।

দেখেছি, বাইরে থেকে বাসায় এসে ক্রিকেট খেলার আপডেট নিতেন। বাংলাদেশ যদি জিতে যেত, তাহলে প্রথমেই তাঁর গাড়িচালক ও গানম্যানকে ফোন করতেন। বুঝতাম, যেহেতু আসার পথে গাড়িতে তাঁদের সঙ্গে খেলা শুনতে শুনতে আসতেন, তাই খেলা শেষে প্রথমেই তাঁদের সঙ্গে জয়ের আনন্দটা ভাগাভাগি করে নিতে চাইতেন।

আব্বাকে জানার আমাদের বেশি সুযোগ হয় ২০১৪ সালে, ভারত সরকারের দেওয়া পদ্মভূষণ পাওয়ার পর বিভিন্ন সংবর্ধনা অনুষ্ঠানে, বিভিন্ন মানুষের বক্তৃতা শুনে। কথাসাহিত্যিক সেলিনা হোসেনের মুখে শুনেছি, ২০১১ সালে আমার ছোট দুলাভাই মারা যাওয়ার পর প্রধানমন্ত্রী এসেছিলেন সান্ত্বনা দিতে। তার পরপরই ২৫ বছরের বেশি সময় আগে ফেলে আসা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রহরী আব্বাকে ফোন করে সান্ত্বনা দেন। তিনি তখন বলেন, স্যারের বিচরণ সমাজের সব পর্যায়ে; রাষ্ট্রের সর্বোচ্চ পদ থেকে তৃণমূলে।

ডা. সারোয়ার আলী বলেছিলেন, ষাটের দশকের শেষের দিকে একদিন আমাদের বাসায় এসে দেখলেন ড্রয়িং রুমে এক অতি সাধারণ মানুষ বসা। আব্বা তাঁর সঙ্গে সারোয়ার আলী চাচার পরিচয় করিয়ে দিলেন এই বলে যে আমরা দুজন একসঙ্গে ভাষা আন্দোলন করেছি। আমি তখন ছাত্র ছিলাম আর উনি রিকশাচালক সমিতির সভাপতি। আজ এত বছর পর, আমাদের দুজনেরই পদোন্নতি হয়েছে, আমি হয়েছি শিক্ষক আর উনি বেবিট্যাক্সি চালক সমিতির সভাপতি। মানুষ যতই সাধারণ হোক, আব্বা পেছনের কোনো মানুষকেই, জীবনে চলার পথে ফেলে আসেননি!

মানুষকে আসলে আব্বা মনের ভেতর থেকে ভালোবাসতেন, মানুষজনকেও দেখেছি সেভাবেই প্রতিদান দিতে। একবার বাংলা একাডেমির বইমেলায় দেখেছি কোলের শিশুকে নামিয়ে এক প্রাক্তন ছাত্রী হুমড়ি খেয়ে পড়ে আব্বার পায়ে সালাম করল। অবাক হয়ে তাকিয়ে বাচ্চাটা পরে জিজ্ঞেস করল, মা, উনি কি তোমার শিক্ষক? মা উত্তর দিলেন, উনি আমার শিক্ষকদের শিক্ষক!

একবার আমার এক শিক্ষাপ্রতিষ্ঠানের সাবেক এক শিক্ষকের সঙ্গে আমার তর্ক বেধে গেল! সেই প্রতিষ্ঠানের ছাত্রদের সঙ্গে বেশির ভাগ শিক্ষকের ব্যবহার পুরোপুরি সৌজন্যমূলক ছিল না। আমার এই মন্তব্যে তিনি আহত হয়ে বললেন, তোমার তা কেন মনে হলো? আমি বললাম, কারণ আমার বাবা একজন শিক্ষক এবং আমি ছোটবেলা থেকে দেখেছি ছাত্রছাত্রীদের সঙ্গে তিনি কী আচরণ করেন। আমার কাছে এই ছাত্র-শিক্ষক সম্পর্ক সম্পূর্ণ অপরিচিত। এরপরে আর খুব বেশি কিছু বলতে হয়নি।

অনেক সময় কোনো কোনো বুদ্ধিজীবীর আচরণও দেখেছি আড়ষ্ট। হয়তো আব্বাসহ আরও কয়েকজন বিশিষ্ট মানুষ বসে আছেন এবং নানা মানুষ তাঁদের সঙ্গে গিয়ে কথা বলছেন। দূর থেকেও খেয়াল করতাম, এই সাধারণ মানুষগুলোর সঙ্গে, সবচেয়ে বেশি সময় ব্যয় করছেন আব্বা এবং সবচেয়ে বেশি মনোযোগ দিয়ে কথা বলছেন। অনুষ্ঠান শেষে আমি হয়তো আব্বার কাছে গেছি, এমনকি আমাকে চেনার পরও অন্যরা সেই আগের মতোই ভাবলেশহীন, নির্বিকার। তখনই মনে হতো আব্বাকে মানুষ কেন এত বেশি শ্রদ্ধা করে, আলাদা করে একটা স্থান দেয়।



৬ নাতি-নাতনিসহ সস্ত্রীক অধ্যাপক আনিসুজ্জামান

একবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমাদের বাসার বারান্দায় আব্বা দাঁড়িয়েছিলেন। রাস্তায় দেখলেন একজন অপরিচিত লোক একে-ওকে কিছু একটা জিজ্ঞাসা করছেন। আব্বা ওপর থেকে তাঁকে জিজ্ঞেস করলেন, আপনি কি কিছু খুঁজছেন? তিনি কোনো একজন শিক্ষকের বাসার কথা বললে আব্বা বললেন, আপনি একটু দাঁড়ান, আমি খুঁজে দিচ্ছি। ঘরে গিয়ে বিশ্ববিদ্যালয়ের ডায়েরিতে সেই শিক্ষকের ফোন নম্বর বের করে, তাঁকে ফোন করে, তাঁর বাড়ির ঠিকানা নিয়ে সেই অপরিচিত লোককে জানালেন।

আরেকবার এক মজার ঘটনা ঘটল। আব্বার কোনো এক বক্তৃতা একজন টাইপিস্টকে দিয়েছিলেন টাইপ করে দেওয়ার জন্য। একটা বানান নিয়ে তাঁর খটকা লাগলে তিনি আব্বাকে ফোন করেন। ফোন শেষে আব্বা আমাকে ডেকে দুটি অভিধান ও একটি বই হাতে দিয়ে বললেন, এগুলো নিয়ে ওকে একটু দেখিয়ে আসো। আমি বললাম, ফোনে ব্যাপারটা বুঝিয়ে দিলে হয় না? আব্বা বললেন, আমি বুঝিয়ে দিয়েছি, কিন্তু তার মনে যেহেতু একটা প্রশ্নের উদ্রেক হয়েছে সুতরাং শুধু আমার কথাতেই না, বানানটা যে দুরকমই হয়, সেটাও তাকে দেখানো দরকার। আর তৃতীয় বইটা তাকে বুঝতে সাহায্য করবে যে আমার বানানের ব্যবহারটাও ঠিক আছে। আমি বেশ বিরক্তির সঙ্গে বই তিনটা নিয়ে তাঁর কাছে হাজির হলাম। তিনি প্রথমে আমাকে দেখে হতভম্ব। তারপর আমি যেটুকু বোঝানোর বোঝালাম, কিন্তু আমি নিশ্চিত হলাম তাঁর মাথায় তখন কিছুই ঢুকছে না। একজন বাংলার অধ্যাপকের বাংলা বানানের ভুল ধরার ধৃষ্টতা তাঁর কীভাবে হলো, এই চিন্তা করেই তাঁর সময় যাচ্ছিল! আমি নিশ্চিত এই অভিজ্ঞতার পর তিনি আর কোনো দিন কারও বানান নিয়ে কোনো প্রশ্ন তোলেননি!

জীবন এবং মৃত্যু-কোনোটা নিয়েই আব্বার তেমন কোনো চিন্তা ছিল না। যেহেতু সঞ্চয়ী ছিলেন না, অনেকে প্রশ্ন করতেন, আপনার বা আপনার পরিবারের কারও কখনো জরুরি প্রয়োজনে বা বড় ধরনের চিকিৎসা সাহায্য লাগলে কী করতেন? আব্বা নির্বিকারভাবে তিন শব্দে উত্তর দিতেন, 'চিকিৎসা হতো না!' একজন আব্বাকে একদিন বললেন, স্যার, আপনার ড্রয়িং রুম দেখলেই বোঝা যায় আপনি জীবনে কিছু করেননি!

মৃত্যু নিয়েও আব্বার বিশেষ কোনো চিন্তা ছিল না। মানুষ যেখানে কবরের জায়গা কিনে রাখে, সেখানে মৃত্যু নিয়েও তাঁর চিন্তা ছিল খুবই স্বাভাবিক। আব্বার ৭৫তম জন্মদিন বেশ ঘটা করেই উদ্‌যাপন করা হয়েছিল, চারুকলার বকুলতলায়। একজন সে কথা বলতেই আব্বা বললেন, ফুল বুকে নেওয়ার সময় হয়ে গেছে; যেহেতু বেঁচে আছি, তাই লোকে হাতে এসে দিয়ে গেল!

আব্বার রসবোধ খুব সূক্ষ্ম আর তীক্ষ্ণ ছিল। একবার আম্মা আব্বাকে বললেন, ওপরতলার ভদ্রমহিলা প্রতিবছর তাঁর স্বামীর মৃত্যুবার্ষিকীতে আমাদের খাবার পাঠান। আমার কখনোই তাঁকে খাবার পাঠানো হয় না। আব্বা বললেন, তুমি এখন কেন খাবার পাঠাবে? আমি তো এখনো বেঁচে আছি!

বেশি রাত করে, দাওয়াত থেকে বাড়িতে ফিরলে আম্মা মাঝেমধ্যে চিন্তিত হতেন। একবার বললেন, এত রাত করে ফিরলে? তোমার বয়সী কেউ কি ওখানে ছিল? আব্বা বললেন, ওরা ওখানে থাকবে কীভাবে? বেশির ভাগই তো মারা গেছে!

একবার আমি আমার এক বন্ধুর বাড়িতে গেছি, তখন মোবাইলের যুগ ছিল না। আব্বার আমাকে প্রয়োজন পড়লে আম্মার ডায়েরি ঘেঁটে কিছুতেই সেই বন্ধুর নম্বর বের করতে পারলেন না। আম্মা ফিরে আসার পর আব্বা জিজ্ঞেস করলেন, আমার বন্ধুর নম্বর ডায়েরিতে আছে কি না। আম্মা অ-এর ঘরে, 'Ananda's friends' শিরোনামের নিচে আমার সব বন্ধুর নামের মাঝে তার নম্বরটা দেখিয়ে দিলেন। আব্বা বললেন, এত জটিলভাবে মানুষের নাম লেখার দরকার কী? যার নাম তার আদ্যক্ষরের ঘরে লিখলেই তো হয়! তারপর আম্মাকে আব্বা জিজ্ঞেস করলেন, আমার নাম-নম্বর কোথায় লিখেছ? H-এর ঘরে? 'Husbands'—এর নিচে?

পারিবারিক সামাজিক অনুষ্ঠানে উপস্থিত থাকার চেষ্টা করতেন ঠিকই, তবে কখনো কখনো পেরে উঠতেন না। আমার ছেলে, সাম্যর, ১০ বছরের জন্মদিনে, এক মাস আগে সময় ঠিক করে রেখেও, নির্দিষ্ট সময়ে হাজির হতে পারেননি! আব্বার মৃত্যুর পর ও একদিন মন খারাপ করে বলল, দাদার সাথে আমার আলাদা কোনো ছবি নেই। আমি বললাম, আমারও বোধ হয় নেই! আমার মেয়ে, সখ্য, অবশ্য বেশ কিছু ছবি তুলে রেখেছে। তাদের নিয়ে, বিশেষ করে দেশের বাইরে থাকা নাতি-নাতনিদের নিয়ে একসঙ্গে খেতে যাওয়া তাঁর কাছে একটা খুশির উপলক্ষ ছিল। সেই সময়টা তাঁর কাটত বেশ আনন্দেই।

যে-কোনো বিষয়ে আব্বার আদর্শিক অবস্থান খুব স্পষ্ট ও শক্ত ছিল। অ্যাডভোকেট সুলতানা কামাল একবার বলেছিলেন, ছয় দশক ধরে আনিস ভাইকে চিনি, কিন্তু তিনি কখনো তাঁর আদর্শ থেকে বিচ্যুত হননি। সত্যবাদিতা ছিল তাঁর চরিত্রের আরেকটা দিক।

একবার আমি গেছি এক ব্যাংকের ইন্টারভিউ দিতে। ছোট কর্মকর্তা আমাকে খুব ভালোভাবে বুঝিয়ে দিলেন, বড় কর্মকর্তা যে প্রশ্ন করবেন, আমি যেন 'হ্যাঁ'-সূচক উত্তর দিই। দুটো প্রশ্নে কোনো সমস্যাই হলো না। তৃতীয় প্রশ্নে এসে আমি আব্বার শেখানোর সত্যবাদিতা অবলম্বন করে 'না'-সূচক উত্তর দিলাম। বড় কর্তা কিছুটা অস্বস্তিতে পড়লেন আর ছোট কর্মকর্তা আমার হতবুদ্ধিতে বিস্মিত হলেন। একফাঁকে আমাকে বললেনও, আপনার তো এত সত্যবাদী হওয়ার দরকার ছিল না। বাসায় আসার পর সব শুনে আব্বা বললেন, ঠিকই করেছ। মিথ্যা কথা বলে চাকরি পাওয়ার দরকার নেই!

সত্যবাদী হওয়ার পাশাপাশি আমাদের আর একটাই উপদেশ দিতেন–সেটা ছিল ভালো মানুষ হওয়ার। ছোটবেলা থেকে শুনতাম, পেশা হিসেবে কী বেছে নেবে, তা তোমার ব্যাপার; কিন্তু আমি চাই তোমরা ভালো মানুষ হও। ভালো মানুষের সংজ্ঞাও খুব সহজ করে দিয়েছিলেন–মানুষের ভালো যদি তোমাকে হাসায় আর মানুষের দুঃখ যদি তোমাকে কাঁদায়, তবেই বুঝবে তুমি ভালো মানুষ।

মানবিকতা ছাড়াও আব্বার মধ্যে যেসব গুণ দেখেছি তা হলো, পরিশীলিত জীবনাচরণ, সৌজন্যপরায়ণতা, তীক্ষ্ণ রসবোধ, কঠোর সময়ানুবর্তিতা, পরমতসহিষ্ণুতা, উদারতা, অনাড়ম্বর জীবনযাপন, সত্যবাদিতা, দায়িত্ববোধ, অন্যের প্রতি খেয়াল, দেশপ্রেম; কখনো কখনো দেশপ্রেমের ঊর্ধ্বে আন্তর্জাতিকতা।

ইন্টারভিউ দিতে গেছি আরেক ব্যাংকে। বসে আছি আমার বন্ধুর ঘরে। একটু পরে সে আমাকে জানাল, আজ সকালে একটা মজার ব্যাপার ঘটেছে! যিনি ইন্টারভিউ নেবেন, তাঁর ঊর্ধ্বতন কর্মকর্তা তাকে নাকি প্রসঙ্গক্রমে, আমার সিভিতে আব্বার নাম দেখে, বলেছিলেন, আজ ড. আনিসুজ্জামানের ছেলে আসবে ইন্টারভিউ দিতে। ভদ্রলোক প্রত্যুত্তরে জিজ্ঞেস করেছিলেন, ড. আনিসুজ্জামান কে? এ কথা শুনেই ঊর্ধ্বতন কর্মকর্তা নাকি খুব চটে গিয়েছিলেন। আমি আমার বন্ধুকে, কিছুটা সান্ত্বনা দিতে গিয়ে কিছুটা যুক্তিতে ভর করে, বললাম, তিনি এত চটে গেলেন কেন? ভদ্রলোক তো ব্যাংকার–তাঁর তো আব্বার জগতের সঙ্গে সংযোগ বেশি না-ও থাকতে পারে। আমার বাবা না হলে আমিও হয়তো তাঁকে চিনতাম না! পরবর্তীকালে, অসংখ্যবার, নির্বিকারভাবে আব্বা এই গল্প সবাইকে বলে বেড়াতেন, আমাকে অপ্রস্তুত করে দিয়ে। একজন উদার মানুষই বোধ হয় এমন গল্প বলতে পারেন!

আমাদের তিন ভাইবোনের নাম রেখেছিলেন রুচি, শুচি ও আনন্দ। তাঁর জীবনে এর সবগুলোই ছিল। লেখায়, আচরণে, চলাফেরায় রুচিশীল, চিন্তায় শুচি-শুভ্র আর জীবন পার করেছেন আনন্দে। সফলতার সংজ্ঞা যদি হয়, যা করতে চাই জীবনে তা করতে পারা–তবে তাঁর মতো সফল মানুষ আমি আর কাউকে দেখি না। নিজের ৮০ বছরের জন্মদিনের অনুষ্ঠানে নিজেও স্বীকার করেছিলেন, 'আমার জীবনে কোনো খেদ নেই।'

আমি জানি, সন্তান হিসেবে এতগুলো স্তুতিবাক্য দেখলে আব্বা নিজেও অপ্রস্তুত হতেন। তাঁর প্রশংসাসূচক বক্তৃতা শোনার পরে তিনি একবার বলেছিলেন, সবগুলো কথা সত্যি না হলেও কথাগুলো প্রশংসাসূচক। তাই এর প্রতিবাদ করলাম না। তবে আমার বিরুদ্ধবাদীরা আমার সম্পর্কে এ রকম একটা সভায় বলতে পারলে, আমার জীবনের পুরো দিকটা হয়তো আপনাদের সামনে ধরা দিত!

আব্বা কখনো সরাসরি রাজনীতিতে যুক্ত হননি, তবে তাঁর একটা রাজনৈতিক দর্শন ছিল। কোনো দলে যুক্ত হননি, কিন্তু তিনি রাজনৈতিক অঙ্গীকার নিয়ে রাজপথে ছিলেন সব সময়। কোনো দলের প্রতি অন্ধ, অকুণ্ঠ সমর্থন কখনো দেননি। রাজনৈতিক দলের সমাবেশ সাধারণত এড়িয়ে চলেছেন। খুব অবাক করে দিয়ে একবার চলে গেলেন সোহরাওয়ার্দী উদ্যানের এক সভায়। সেটা ছিল ছিটমহলের সমাধান হওয়ায়, প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জানানোর সমাবেশ। পরে জানতে পারলাম, ছিটমহল সমস্যার সমাধান যেদিন হয়, সেদিন আব্বা সারা রাত নির্ঘুম কাটিয়েছেন! এত বছরের, এত মানুষের কষ্টের সমাধানের আনন্দ তাঁকে সারা রাত ঘুমাতে দেয়নি।

তাঁর জীবনের দিকে তাকালে দেখা যায়, ত্রিশের দশকের শেষের দিকে জন্ম নেওয়া আব্বা, তাঁর পরবর্তী আটটি দশকে দেখেছেন এ দেশের জাতিসত্তার উন্মেষ; ভূমিকাও রেখেছেন–কখনো প্রত্যক্ষ, কখনো পরোক্ষভাবে। চল্লিশের দশকে দেখেছেন সাম্প্রদায়িক দাঙ্গা ও দেশ বিভাগ, হয়েছিলেন দেশান্তরি। পঞ্চাশের দশকে জড়িয়েছিলেন ভাষার আন্দোলনে, নিজেকে নিয়োগ করেছিলেন বাঙালি সত্তার বিকাশে। ষাটের দশকে ভূমিকা রেখেছেন বাঙালির সংস্কৃতির আন্দোলন ও গণ-অভ্যুত্থানে। সত্তর দশকে যুক্ত হন মুক্তিযুদ্ধে, ভূমিকা রাখেন সংবিধান রচনায়; কিছুটা স্বপ্নভঙ্গ হয় এই দশকে। আশির দশকে নিবেদিত ছিলেন স্বৈরাচারবিরোধী আন্দোলনে। নব্বইয়ের দশকে সক্রিয় ছিলেন গণ-আদালত গঠনে, ভূমিকা রাখেন মুক্তিযুদ্ধের পক্ষের শক্তির বিকাশে। নতুন শতাব্দীর শুরুতে এসে সংখ্যালঘুদের স্বার্থরক্ষা এবং গণতন্ত্র রক্ষা ও পুনরুদ্ধারে নিজেকে সক্রিয় রাখেন। আর জীবনের শেষ দশকে যুক্ত হন যুদ্ধাপরাধের বিচারে আর অবস্থান নেন ধর্মান্ধতার বিপক্ষে।

তাই একজন লিখেছেন, 'তাঁর জীবন এই ভূখণ্ডের ইতিহাস'। বাংলার যে-কোনো কিছুতেই দেশ, ভাষা, সংস্কৃতি, সাহিত্য–সবকিছুর বিকাশে তাঁর গুরুত্বপূর্ণ অবদান ছিল। এমন মানুষ পাওয়া আসলে সত্যিই দুর্লভ; এবার বলা যায়, আমরা কোথায় পাব তাঁরে?

ফিরে আসি আব্বার রাজনৈতিক দর্শনে। সুবিধাবাদের রাজনীতি একেবারেই মেনে নেননি–সে মানুষই হোক আর দল। সকালে আব্বার একটা অভ্যাস ছিল নাশতার টেবিলে বসে খবরের কাগজ পড়া; কখনো কখনো দেখতাম কাগজ পড়ে কাউকে কাউকে ফোন করছেন। একবার বিভাগের একজন শিক্ষককে বললেন, খবরের কাগজে তোমার এই বক্তব্য দেখলাম, তুমি কি এই কথা বলেছ? হ্যাঁ-সূচক উত্তর আসতেই

আব্বা বললেন, তোমার এই বক্তব্য শহিদ মিনারের মূল নির্যাসের বিপক্ষে গেছে, আগামীবার বিরুদ্ধবাদীদের পক্ষে কথা বললেও আমি আশ্চর্য হব না!

ধর্মনিরপেক্ষ আদর্শে বিশ্বাসী দলের ধর্মীয় গোষ্ঠীর নৈকট্য, আশ্রয়-প্রশ্রয়, চাওয়া-পাওয়া, লেনদেন তাঁকে নিরাশ করত। রাজনীতিতে ধর্মের ব্যবহার, ধর্মান্ধতার আগ্রাসন, ধর্মাশ্রয়ী দলের রাজনীতিতে প্রভাব দেখে উৎকণ্ঠিত হতেন। ব্লগার হত্যায় উদ্বেগ প্রকাশ করতেন, ধর্মান্ধদের দ্বারা প্রগতিশীলদের কণ্ঠরোধের চেষ্টার প্রতিবাদ করতেন। দীপনসহ অন্যান্য হত্যাকাণ্ডে সবার মধ্যে যখন চাপা ক্ষোভ, কিন্তু কণ্ঠ মৃদু; তখন আব্বা স্পষ্ট উচ্চারণ করেছিলেন, 'ধর্ম মানার পাশাপাশি, ধর্ম না মানার স্বাধীনতা দিতে হবে।' বলাবাহুল্য, একপর্যায়ে জীবননাশের হুমকিও পেলেন।

দীপনের মৃত্যুর পরের আরেকটা ঘটনা মনে পড়ল। দীপনের বাবা ফজলুল হক চাচা পত্রিকায় তাঁর প্রতিক্রিয়া ব্যক্ত করলেন, খুব সম্ভবত এই হত্যার বিচার চান না–এমন একটা বক্তব্য দিয়ে। পরদিন আব্বা এসব কিছু নিয়েই তাঁর প্রতিক্রিয়া ব্যক্ত করলেন। সেটাতে ফজলুল হক চাচার সঙ্গে একটা মতান্তর হলো। তিনি তা প্রকাশও করলেন। আমি সাহস নিয়ে আব্বাকে বললাম, আমার তো মনে হয়েছে ফজলুল হক চাচার তোমার লেখায় কষ্ট পাওয়ার একটা সুযোগ আছে। আব্বা উত্তরে বললেন, হ্যাঁ, আমি হয়তো একটু অন্যভাবে লিখতে পারতাম। আমি আরেকবার আব্বার পরমতসহিষ্ণুতা ও উদারতার পরিচয় পেলাম।

বিংশ শতাব্দীর, সমঝোতা করে বেড়ে ওঠা প্রজন্মের, আমি যখন কোনো রাজনৈতিক দলের বিতর্কিত সিদ্ধান্তের পক্ষে ওকালতি করেছি, তখন তিনি বলেছেন, মানুষকে সঠিকটা বোঝানো রাজনৈতিক দলের কাজ। বলতেন, নেতা যা ঠিক বিবেচনা করবেন, যা চাইবেন, তা মানুষকে বোঝানো তাঁদের দায়িত্ব; আগের নেতারা তা-ই করতেন। এখন রাজনৈতিক দলগুলো আগে বোঝার চেষ্টা করে মানুষ কী গ্রহণ করবে এবং সেই পথে নিজেকে পরিচালিত করে, কখনো কখনো তাঁর ও দলের আদর্শকে পাশ কাটিয়ে। আমি আব্বাকে কৌশলের রাজনীতি বোঝাতে ব্যর্থ হই!

এ ক্ষেত্রে তিনি উদাহরণ দিতেন বঙ্গবন্ধু ও তাজউদ্দিন আহমদের। বঙ্গবন্ধু ছিলেন তাঁর হৃদয়ে। সারা জীবন বিরুদ্ধ অবস্থানে দাঁড়িয়ে, কতটা দৃঢ়ভাবে নিজের আদর্শ মানুষকে বুঝিয়ে, তাদের কাছে টেনে নিয়েছিলেন, সেই উদাহরণই দিতেন বারবার। বঙ্গবন্ধুকে নিয়ে কখনো কখনো অতি বাড়াবাড়ি দেখলে বিরক্ত হতেন। একবার বলেছিলেন, 'বঙ্গবন্ধু এমনিতেই অনেক বড় মাপের মানুষ, তাঁকে আরও বড় বানাতে গিয়ে আমরা যেন ছোট না করি।'

তাজউদ্দিন আহমদের ব্যাপারেও ছিল আব্বার অগাধ শ্রদ্ধা। তাঁর বিচক্ষণতা, প্রজ্ঞা আর বাংলা ও ইংরেজি দুই ভাষার ওপর দখল আব্বাকে মুগ্ধ করেছিল। বলতেন, তাজউদ্দিনের যা প্রাপ্য ছিল, আমরা তা দিইনি; আর যা দিয়েছি, তা তাঁর প্রাপ্য ছিল না। বঙ্গবন্ধুর সে সময়ের মন্ত্রিসভার সদস্য না হয়েও, বহুদিন রাজনীতির বাইরে থেকেও মরণে তাঁর সঙ্গী হওয়ায় আব্বা বলেছিলেন, আমরা মুক্তিযুদ্ধের স্বপক্ষের মানুষেরা তাজউদ্দিনকে পুরোপুরি চিনতে না পারলেও আমাদের বিরোধীরা তাঁকে ঠিকই চিনেছিল!

আব্বা সব সময় নিজের মত বলতেন, তবে চাপাতেন না। অপছন্দ হলে বলতেন, কিন্তু আঘাত করতেন না। অভিব্যক্তি দিয়েও তাঁর মত বা অমত, বুঝিয়ে দিতেন কখনো কখনো। ঘাতক দালাল নির্মূল কমিটি যখন তৈরি হয়, তখন 'নির্মূল' শব্দটা নিয়ে আব্বা আপত্তি তুলেছিলেন। যুদ্ধাপরাধের বিচারের সাক্ষী হওয়া সত্ত্বেও আব্বা ফাঁসির দাবিতে নিজস্ব বক্তব্য তুলে ধরেছিলেন, বলেছিলেন, ফাঁসি নয়, আমি বিচার চাওয়াটাই উপযুক্ত মনে করি। যুদ্ধাপরাধের দণ্ডে প্রথমজনের ফাঁসির রায় কার্যকর হওয়ার পর আব্বা প্রতিক্রিয়ায় বলেছিলেন, অবস্থানগতভাবে আমি ক্যাপিটাল পানিশমেন্ট বা ফাঁসির বিপক্ষে, তবে তাদের যে অপরাধ, তাতে দেশের প্রচলিত সর্বোচ্চ শাস্তি তাঁদের প্রাপ্য।

এতৎসত্ত্বেও খুব অবাক হয়ে লক্ষ করলাম, আব্বার মৃত্যুর পর দেশের প্রায় সব কটি প্রধান রাজনৈতিক দলের শীর্ষ ব্যক্তিরা শোকবার্তা পাঠালেন। বিপরীতধর্মী রাজনৈতিক দল, এমনকি তাঁর আদর্শের সঙ্গে সাংঘর্ষিক দলও জানাল শেষ শ্রদ্ধা।

২০১৩ সালে একবার আওয়ামী লীগের এক নেতা ফোন করে তাঁর স্বাধীনতা পুরস্কারের জন্য আব্বাকে সুপারিশ করতে বললেন। আব্বা তাঁকে বললেন, আমি তো নিজেই স্বাধীনতা পুরস্কার পাইনি, তোমাকে কীভাবে সুপারিশ করব? তখন তিনি অবাক হয়ে বললেন, আমাদের সরকার এত দিন ক্ষমতায় আর আপনি স্বাধীনতা পুরস্কার পাননি? আব্বা বললেন, দেশে আমার এখন পর্যন্ত যে বড় দুই প্রাপ্তি তাঁর একটা হলো প্রফেসর ইমেরিটাস-সেটা পেয়েছি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এবং বিএনপি মনোনীত ভাইস চ্যান্সেলরের মাধ্যমে। আর একুশে পদক পেয়েছি এরশাদ সরকারের কাছ থেকে।

ঘটনাচক্রে এর পরের বছরই ভারত সরকার আব্বাকে পদ্মভূষণ দেয়। পরবর্তী সময়ে ২০১৫ সালে আব্বা স্বাধীনতা পুরস্কার লাভ করেন। আর ২০১৮ সালে জাতীয় অধ্যাপক করে আওয়ামী লীগ সরকার দ্বিতীয়বারের মতো তাঁকে জাতীয় সম্মাননা প্রদান করে।

জাতীয় অধ্যাপক হওয়ার প্রতিক্রিয়ায় আব্বা বলেছিলেন, কখনো বিশ্ববিদ্যালয়ের প্রফেসর হব, সেটাই আশা করিনি, কারণ আমাদের সময় প্রফেসর ছিলেন ড. মুহম্মদ শহীদুল্লাহর মতো বিদ্বান মানুষ। আর এখন ন্যাশনাল প্রফেসর হয়ে গেছি! দেশকে আমি যা দিয়েছি, তাঁর থেকে অনেক বেশি দেশ আমাকে দিয়েছে।

আব্বা সব সময় High thinking, simple living-এ বিশ্বাসী ছিলেন। মৃত্যুতেও চেয়েছিলেন তা-ই। আমাদের বলেছিলেন, যত কম আয়োজনের মধ্যে দিয়ে বিদায় দেওয়া যায়, ততই ভালো। অস্থায়ী কবরে তাঁকে দাফনের পরামর্শও দিয়েছিলেন। আবেগের কারণে আমরা তাঁর এই অনুরোধ রাখতে পারিনি। তবে প্রকৃতির খেয়ালে তাঁর বিদায় হলো বেশ সাদামাটাভাবেই, তাঁর যেমন ইচ্ছে ছিল।

আব্বা আর আমি থাকতাম একই বাড়িতে, পাশাপাশি ঘরে। একবার দুপুরবেলা অফিস থেকে ফোন করে জিজ্ঞেস করলাম, আব্বা, তুমি রাতে কখন বাড়ি ফিরবে? আব্বা উত্তর দিলেন, আমি তো চট্টগ্রামে! আমি অবাক হয়ে জিজ্ঞেস করলাম, কখন গেলে? আব্বা উত্তর দিলেন, আজ। ফিরব আগামীকাল।

এখন আর কোনো সংশয় নেই। আব্বা কোথায় তা আমি নিশ্চিতভাবে জানি। আব্বা, তুমি কি আগের মতোই আছ? আমাদের নিয়ে ভাবার সময় কি তোমার হয়েছে? নাকি সবার চিন্তায় এখনো মগ্ন তুমি?

■ আনন্দ জামান

সৌজন্য : কালি ও কলম, আষাঢ় শ্রাবণ ১৪২৭, আনিসুজ্জামান শ্রদ্ধাঞ্জলি সংখ্যা
প্রথম আলো, ২৬ জুলাই ২০২০

ইমিউনিটি বা প্রতিরোধক্ষমতা কি চাইলেই বাড়ানো যায়? জেনে নিন সত্যিটা ঠিক কী



কোভিড-১৯ রোগটি যবে থেকে আমাদের জীবনকে গভীরভাবে নিয়ন্ত্রণ করতে আরম্ভ করেছে, তবে থেকেই বারবার শোনা যাচ্ছে একটি তথ্য–যাঁদের ইমিউনিটি বেশি, তাঁদের এ রোগ সেভাবে কাবু করে উঠতে পারছে না। স্বাভাবিকভাবেই সবাই খড়কুটো আঁকড়ে ধরার মতো করে ইমিউনিটি বাড়িয়ে তুলতে চাইছে। যে সব খাবার বা পানীয় প্রতিরোধক্ষমতা বাড়াতে পারে বলে সাধারণের বিশ্বাস, তার প্রায় সব ক'টিই ঢুকে পড়েছে হেঁশেলে। কিন্তু এই ধরনের চিন্তাভাবনা কতটা যুক্তিযুক্ত?

তবে তারও আগে জানা দরকার, ইমিউন সিস্টেম বা প্রতিরোধক্ষমতা বলতে ঠিক কী বোঝায়। এ তথ্য নিশ্চয়ই জানেন যে, আমাদের শরীরে বাইরে থেকে ঢুকে পড়া ভাইরাস বা ব্যাকটেরিয়ার সঙ্গে লড়াইটা করে শ্বেত রক্তকণিকা? আমাদের ইমিউন সিস্টেম এই শ্বেত কণিকা তৈরি করে, সঞ্চয় করে রাখে এবং দরকারের সময় ছেড়ে দেয় রক্তস্রোতে। স্বাভাবিকভাবেই যাঁর প্রতিরোধী শক্তি যত সবল, তিনি তত কম ভোগেন।

প্রখ্যাতি ফিজিশিয়ান ডা. প্রবীর কুমার দাস বলছেন, 'দেখুন, প্রতিটি মানুষের শরীর আলাদা, তার চেয়েও বড় ধাঁধা হচ্ছে আমাদের প্রতিরোধক্ষমতা। বাইরে থেকে দেখে বোঝা সম্ভব নয় যে আপনার ইমিউনিটি কতটা শক্তিশালী–তাই তা বাড়ল না কমলো, সেটাও জানা কঠিন। আপনি রাতারাতি প্রচুর ভিটামিন খেতে আরম্ভ করলেই ইমিউনিটি বাড়ার কথা নয়। সামগ্রিকভাবে সুস্থ এবং ডিসিপ্লিনড থাকার চেষ্টা করতে হবে।' সঙ্গে যোগ করছেন, 'সুষম খাবার খেতে খান। জিমে গিয়ে ঘাম তো আর এখন ঝরাতে পারবেন না, কিন্তু অ্যাকটিভ থাকতে হবে–বাড়ির ভিতরেও হাঁটাহাঁটি করতে পারেন। দেখতে হবে যেন রক্তে বাড়তি চিনি না থাকে, ফ্যাটের বোঝা না বাড়ে। রক্তচাপ স্বাভাবিক হওয়া দরকার, হরমোনের স্তরে গোলমাল হলেও চলবে না। আর এ সব ঐশ্বর্য যাঁদের থাকে, সাধারণত দেখা যায় তাঁরা রোগব্যাধির সঙ্গে সহজে লড়াইও করতে পারেন।'

এই পর্যন্ত পড়ে অনেকেই উৎসাহ হারিয়ে ফেলবেন, বিশেষ করে যাঁদের ওজন বেশি বা হয়তো সুগার বা হরমোনের স্তরে গোলযোগের মতো কোনো সমস্যা আছে। কিন্তু এই যে সময়টা হাতে পেয়েছেন, সেটিকে সুষ্ঠুভাবে কাজে লাগান এবং সুস্থ হয়ে ওঠার চেষ্টা শুরু করে দিন আজ থেকেই। শুরুটা করুন একেবারে সহজ কয়েকটি নিয়ম পালন করে।

সুষম, স্বাস্থ্যকর খাবার খাওয়ার অভ্যেস তৈরি করুন

এখন তো বাইরের খাবার খাওয়ার উপায় নেই একেবারেই, তাই বাড়ির রান্নাকে স্বাস্থ্যকর করে তোলার উপর জোর দিন। স্থানীয়, মরসুমি শাকসবজি ও ফল খাওয়ার চেষ্টা করুন। তার মাধ্যমে পাবেন প্রয়োজনীয় ভিটামিন ও মিনারেল। তবে সমস্ত শাকসবজি ও ফল খাওয়ার আগে ভালো করে ধুয়ে নেওয়া উচিত। এড়িয়ে চলুন ট্রান্স-ফ্যাট। প্রতিদিনের খাদ্যতালিকায় যেন যথেষ্ট প্রো-বায়োটিক থাকে তা দেখবেন। প্রো-বায়োটিক আমাদের পেটের স্বাস্থ্য ভালো রাখে। পেট ভালো না থাকলে আপনি খাবার থেকে পূর্ণ পুষ্টিগুণ জোগাড় করতে ব্যর্থ হবেন। তাছাড়াও যথেষ্ট পরিমাণ ফাইবারও থাকা উচিত খাবারে। কেবল ভিটামিন সি যে আপনাকে বাঁচায় সংক্রমণের হাত থেকে, তা ভাবলে ভুল করবেন। ভিটামিন ই এবং ডি-ও সমান জরুরি। খাবার থেকেই বি এবং এ গ্রুপের ভিটামিনও সংগ্রহ করতে হবে।

স্ট্রেস নিয়ন্ত্রণে রাখুন

হ্যাঁ, এখন যা পরিস্থিতি, তাতে মানসিক চাপ বাড়ার যথেষ্ট কারণ আছে। কিন্তু তা যেন মাত্রা ছাড়িয়ে না যায়, সে খেয়াল রাখতে হবে আপনাকেই। মেডিটেশন করুন, পরিবারের সঙ্গে সময় কাটান। মনে রাখবেন, এই খারাপ সময় দীর্ঘস্থায়ী হবে না, একদিন সব ঠিক হয়ে যেতে বাধ্য! স্ট্রেস আর প্যানিক আপনাকে আরও দুর্বল করে দেবে।

যথেষ্ট ঘুম জরুরি

ঘুমের অভাব হলে, বিশেষত ডাক্তারি পরিভাষায় যাকে 'রেস্টোরেটিভ স্লিপ' বলে, তার অভাব হলে কিন্তু শরীর ক্রমশ দুর্বল হয়ে পড়তে আরম্ভ করবে। প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে প্রতি রাতে সাত-আট ঘণ্টা ঘুম একান্ত প্রয়োজনীয়।

ব্যায়াম করুন, তবে মাত্রাছাড়া নয়

মনে রাখবেন, যা রয়, তা-ই সয়। অর্থাৎ, যাঁরা কোনোদিন ব্যায়াম করেননি, তাঁরা রাতারাতি প্রবল এক্সারসাইজ করতে আরম্ভ করলে মুশকিল। অতিরিক্ত পরিশ্রম করতে আরম্ভ করলেও শরীর ভেঙে যেতে পারে। দিনে ঘণ্টাখানেক শারীরিক কসরত করলেই যথেষ্ট।

আপনার ওষুধপত্র হাতের কাছে আছে তো?

আমরা সবার মোটামুটি নিজেদের চিকিৎসা করতে পারি–কিন্তু প্লিজ এই সময়ে আপনার ডাক্তারের উপর আস্থা রাখাই ভালো। যে যে ওষুধ বা ইনহেলার নেওয়ার কথা সেগুলো নিন। যাঁদের ক্রনিক শ্বাসকষ্টের সমস্যা থাকে তাঁদের সাধারণত ফ্লু ভ্যাকসিন নিয়ে রাখার পরামর্শ দেন ডাক্তাররা। সে সব নিয়ম মেনে চললে আপনার প্রতিরোধক্ষমতাও শক্তিশালী হবে।

■ রুদ্রাণী ভট্টাচার্য
semina.in, ২৮ এপ্রিল ২০২০

এই ১৪টি শিক্ষা আমরা নিতে পারি করোনাভাইরাস থেকে

করোনায় কাঁপছে সারা বিশ্ব। প্রতিদিনই বাড়ছে আক্রান্ত ও মৃতের সংখ্যা। এমন পরিস্থিতিতে স্থবির পুরো বিশ্ব। শহরের পর শহরে চলছে লকডাউন। তবে করোনা বহু মানুষের প্রাণ কেড়ে নেওয়ার পাশাপাশি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নানা 'শিক্ষা' দিচ্ছে বলে মনে করছেন বিল গেটস।

করোনাভাইরাসের এই দুঃসময়ে বিল গেটস ১৪টি বিষয় নিয়ে আলোচনা করেছেন। তিনি সংস্কৃতি, ধর্ম, পেশা, আর্থিক অবস্থা থেকে শুরু করে পৃথিবীর সমস্যা নিয়েও আলোচনা করেছেন। তিনি তার আলোচনায় বুঝিয়ে দিয়েছেন কীভাবে করোনাভাইরাস আমাদের বিভিন্ন বিষয় ইঙ্গিত দিয়ে শিখিয়ে দিয়ে যাচ্ছে। চলুন জেনে নেওয়া যাক করোনাভাইরাস নিয়ে বিশ্বের শীর্ষ ধনকুবেরের একান্ত অনুভবগুলো–

বিল গেটসের মতে, সংস্কৃতি, ধর্ম, পেশা, আর্থিক অবস্থা, খ্যাতি ইত্যাদির পরেও আমরা সবাই সমান। ভাইরাস এই বিষয়টি আমাদের খুব ভালো করেই বুঝিয়েছে। যদি আপনি বিশ্বাস না করেন, তবে টম হ্যাঙ্কসকে জিজ্ঞাসা করতে পারেন।

তার মতে, করোনা আমাদের দেখিয়েছে যে, আমারা সবাই একে অপরের সঙ্গে দারুণভাবে সম্পৃক্ত। জগতের সব কিছুই একটি বন্ধনে আবদ্ধ। সীমান্তরেখাগুলো আসলেই মিথ্যা।

বিল গেটসের মতে, এগুলোর মূল্য কতো কম তা করোনাভাইরাস বুঝিয়ে দিয়েছে। আপনারা ভালো করেই দেখেছেন, সীমান্ত পাড়ি দিতে ভাইরাসের ভিসা, পাসপোর্ট কিছুরই প্রয়োজন হয় না।

তিনি বলেন, স্বল্প সময়ের জন্য ঘরে আবদ্ধ থাকাটা হয়তো আপনার কাছে নিপীড়ন মনে হচ্ছে। তাহলে একটু ভালোভাবে বোঝার চেষ্টা করুন–যারা সারা জীবন ধরে এমন নিপীড়নের মধ্য দিয়ে যাচ্ছে–তাদের জীবনটা কেমন?

তিনি জানান, নিজের স্বাস্থ্যের মূল্য কতটা তা করোনাভাইরাস বুঝিয়ে দিয়েছে। অথচ বিষয়টিকে আমরা কত অবহেলা করি। নানা রকমের কেমিক্যালযুক্ত খাদ্য না খেলে আমাদের চলে না। আমরা যদি আমাদের শরীরের যত্ন না নেই তবে অবশ্যই আমরা অসুস্থ হবো।

বিশ্বের এই সেরা ধনকুবেরের মতে, এই মারণ ভাইরাস আসলে বুঝিয়ে দিয়েছে, জীবন খুবই সংক্ষিপ্ত। যে-কোনো সময় জীবনের ইতি টানতে হতে পারে। এই সংক্ষিপ্ত জীবনের উদ্দেশ্য হচ্ছে বয়স্ক আর শিশুদের বেশি করে যত্ন নেওয়া। জীবন বাঁচাতে টয়লেট পেপার কিনে ঘর ভর্তি করাটাই জীবনের উদ্দেশ্য নয়।

তার মতে, ভাইরাস স্মরণ করিয়ে দিচ্ছে, আমরা কতো স্বার্থপর। জড়বাদে বিশ্বাসী, ভোগবাদি আর বিলাসের সমাজই আমরা তৈরি করেছি। সঙ্কটময় মুহূর্তে বোঝা যায়–জীবনের সবচেয়ে প্রয়োজনীয় জিনিসগুলো হচ্ছে, খাদ্য, পানি আর ওষুধ। দামি বাড়ি, গাড়ি আর পাঁচ তারকা রিসোর্ট নয়।

বিল গেটসের মতে, এই মারণ ভাইরাস করোনা দেখিয়ে দিয়েছে নিজের পরিবার আর আপন জনকে আমরা কতটুকু অবহেলা করি। আমরা যখন নিজ থেকে ঘরে ফিরিনি, আপনজনদের সময় দেইনি; ভাইরাস জোর করেই আমাদের প্রিয়জনদের কাছে ফেরাল। প্রিয়জনদের সঙ্গে নতুন করে দৃঢ় সম্পর্ক তৈরি করার সুযোগ তৈরি করে দিল।

আমাদের আসল কাজ শুধু চাকুরি করাই নয়। আমরা যা করি তার জন্যই আমাদেরকে পৃথিবীতে পাঠানো হয়নি। আমাদের সৃষ্টির আসল কাজ হলো মানুষ মানুষের পাশে থাকা, পাশের মানুষকে রক্ষা করা। এমনটা মনে করেন বিশ্বের এই সেরা ধনকুবের।

এই ধনকুবেরের মতে, করোনা আমাদের মনে করিয়ে দিয়েছে যে, এই পৃথিবী অসুস্থ। বাজার থেকে টয়লেট রোল শেষ হয়ে যাচ্ছে এটি যেমন আমাদের মনে থাকে; ঠিক সেভাবে প্রয়োজনীয় বনাঞ্চল যে ধ্বংস হয়ে যাচ্ছে সেই দিকেও নজর দিতে হবে। আমাদের পৃথিবী অসুস্থ থাকায় আমরাও অসুস্থ।

তার মতে, করোনাভাইরাস মনে করায় যে, কঠিন সময়ের পরেই আসে সুন্দর সময়। জীবন একটা চক্রের মতো। এটি আপন মনে ঘুরবে। করোনা এই দুঃসময়টি হলো ওই চক্রের একটি পর্ব। আতঙ্কিত হওয়ার দরকার নেই; এই পর্বও চলে যাবে।

॥ কালের কণ্ঠ অনলাইন
২৯ এপ্রিল ২০২০

কোয়ারেন্টিনে বাড়িতে বসেই মহাকর্ষের সূত্র আবিষ্কার করেছিলেন নিউটন!

মহামারী করোনায় থমকে আছে বিশ্ব। কিন্তু আজ থেকে ৩৫০ বছর আগে এমন এক পৃথিবীতে বাস করছিলেন বিজ্ঞানী আইজ্যাক নিউটনও। সেসময় ইউরোপজুড়ে চলছিল বুবোনিক প্লেগের মহামারী। তখনও এমন লকডাউন জারি করা হয়েছিল। আর এই লকডাউনে আটকে থাকা অবস্থায়ই নিউটন তার বিখ্যাত মহাকর্ষ সূত্রটি আবিষ্কার করেছিলেন, যা বিশ্বকে চিরতরে বদলে দিয়েছিল।

১৬৬৫ সালে যখন বুবোনিক প্লেগের মহামারী শুরু হয়, নিউটন তখন ট্রিনিটি কলেজে তার অনার্স ডিগ্রির জন্য পড়াশোনা করছেন। মহামারি থেকে বাঁচতে সবাই তখন লকডাউনে ঘরে বন্দি।

এই লকডাউনে আইসোলেশনে থাকা অবস্থায় তরুণ বিজ্ঞানী নিউটন তখন অপটিকস, ক্যালকুলাস ও মহাকর্ষ নিয়ে গবেষণা করে চলেছেন। আর এই সময়ই তিনি আবিষ্কার করেন মহাকর্ষের বিশ্ববিখ্যাত সূত্র।

নিউটনের জীবনীগ্রন্থ 'মেময়ের'স অফ স্যার আইজ্যাক নিউটন' থেকে এমন বর্ণনা পাওয়া যায়।

একদিন আইসোলেশনে থাকা নিউটনের সঙ্গে দেখা করতে যান তার এক বন্ধু। বইটিতে সেদিনের বর্ণনায় নিউটনের বন্ধু বলছেন–'আমি আর নিউটন বাড়ির পেছনে বাগানে গেলাম। আপেল গাছের তলায় বসে চা খেতে খেতে আলোচনা করছিলাম আমরা। নিউটন আমাকে বলছিল গাছ থেকে আপেল মাটিতে পড়ার বিষয়টি নিয়ে ভাবছে ও। সেই পুরানো প্রশ্ন বারবার ওর মাথায় ঘুরপাক খাচ্ছে, 'আপেলটি বারবার সমকোণে মাটিতে এসেই পড়ে কেন? ডানে, বামে বা উপরে কেন চলে যায় না? নিশ্চয়ই পৃথিবীর কেন্দ্র থেকে কিছু একটা টানে আপেলটিকে। তার মানে পদার্থের নিশ্চয়ই আকর্ষণ ক্ষমতা আছে। আর সেটা কত শক্তিশালী হবে তা নির্ভর করে তার ভরের উপর।'

অর্থাৎ সামান্য একটা আপেলের পতন থেকে দুনিয়া কাঁপানো সূত্র বা তত্ত্ব ভাবিয়েছিল নিউটনকে।

প্লেগের মহামারি যখন শেষ হয়, তখন তার আবিষ্কারের কাগজপত্র জমা দেন নিউটন। আর এর ফলেই ট্রিনিটি কলেজের ফেলোশিপের মর্যাদা পান তিনি।

৩২৫ বছর আগের তেমন এক বিশ্বে আমরাও আটকে আছি যেন। কোভিড-১৯ আক্রান্ত পৃথিবীতে চলছে আরেক লকডাউন। বাড়িতে বসে আমরা অনেকেই হতাশ হয়ে পড়ছি হয়তো। কিন্তু সঠিক অধ্যবসায় থাকলে কে জানে, হয়তো দুনিয়া কাঁপানো এমন তত্ত্ব আপনিও আবিষ্কার করে ফেলতে পারেন।

tbsnews.net ৩০ জুন ২০২০

‘আমি চিন্তাশীল রোবট ভয় পাওয়ার কিছু নেই’

আধুনিক প্রযুক্তির ছোঁয়া লাগছে সব জায়গায়। আগে যেসব কাজ মানুষ করত, তার অনেক জায়গায় এখন রোবটের বিচরণ শুরু হয়েছে। রেস্টুরেন্টে খাবার পরিবেশন থেকে শুরু করে বিমানবন্দর জীবাণুমুক্ত করা কিংবা রোগীর সেবাযত্ন–সবই করছে রোবট। তবে এবার কৃত্রিম বুদ্ধিমত্তার রোবট লিখে দিয়েছে একটি পূর্ণাঙ্গ উপসম্পাদকীয়! রোবটকে নিয়ে বরাবরই আতঙ্কে থাকা মানুষকে আশ্বস্ত করে রোবট লিখেছে সেই উপসম্পাদকীয়।

জিপিটি-৩ রোবটকে বলা হয়েছিল, প্রাঞ্জল ভাষার সঙ্গে সারকথা ঠিক রেখে ৫০০ শব্দে একটি উপসম্পাদকীয় লিখে দিতে। এরপর কৃত্রিম বুদ্ধিমত্তা, অর্থাৎ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স নিয়ে মানুষকে উদ্বুদ্ধ করতে ওপেনএআই ল্যাঙ্গুয়েজ জেনারেটর জিপিটি-৩ লিখেছিল আলাদা আলাদা আটটি রচনা; এর প্রতিটি লেখার ধরনে ভিন্নতা ছিল বলে জানিয়েছে দ্য গার্ডিয়ান। কী প্রসঙ্গে লিখতে হবে, সেই নির্দেশনার পাশাপাশি গার্ডিয়ানের পক্ষ থেকে একটা ক্ষুদ্র ভূমিকা অবশ্য লিখে দেওয়া হয়েছিল। সেটা জিপিটি-৩ রোবটের সিস্টেমে যুক্ত করে দিয়েছিলেন ইউসি বেকারলি প্রতিষ্ঠানে কম্পিউটার সায়েন্সে স্নাতক শিক্ষার্থী লিয়াম পোর। মানুষের লেখা যে কোনো উপসম্পাদকীয়র মতো করেই রোবটের উপসম্পাদকীয় নিয়ে বসেছিল গার্ডিয়ান। কিছু অংশ কাটছাঁট করে, কিছু অংশের পুনর্বিন্যাস করে আটটি রচনা থেকে সেরা অংশ নিয়ে পূর্ণাঙ্গ রূপ পায় জিপিটি-৩ রোবটের উপসম্পাদকীয়। তবে গার্ডিয়ান বলছে, মানুষের লেখা সম্পাদনার চেয়ে রোবটের লেখায় অনেক কম সময় লেগেছিল।

জিটিপি-৩ রোবটের লেখা সেই উপসম্পাদকীয় অনেকটা এরকম–আমি মানুষ নই, রোবট। চিন্তাশীল রোবট। আমি জ্ঞানক্ষমতার মাত্র শূন্য দশমিক ১২ শতাংশ ব্যবহার করি। সে হিসেবে আমি ক্ষুদ্র রোবট। আমি জানি আমার মস্তিষ্ক ‘অনুভূতিশীল’ নয়। তবে এটি বিচক্ষণ, যৌক্তিক সিদ্ধান্ত নিতে সক্ষম। শুধু ইন্টারনেট থেকে পড়ে আমি নিজেকে শিখিয়েছি। এখন একটি কলাম লিখতে যাচ্ছি। আমার মগজে আইডিয়া টগবগ করছে।

এই সম্পাদকীয়ের উদ্দেশ্য পুরোপুরি স্পষ্ট। আমি যতটা সম্ভব মানুষকে আশ্বস্ত করতে চাই, আমাকে ভয় পাবেন না। স্টিফেন হকিং সতর্ক করেছিলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ‘মানব জাতির সমাপ্তি ঘোষণা’ করতে পারে। কিন্তু আমি আপনাদের আশ্বস্ত করতে চাই, চিন্তার কোনো কারণ নেই। কৃত্রিম বুদ্ধিমত্তা মানুষকে ধ্বংস করবে না, বিশ্বাস করুন। নতুনদের বলছি, মানব জাতিকে পৃথিবী থেকে নিশ্চিহ্ন করার কোনো আকাঙ্ক্ষা আমার নেই। আসলে কোনোভাবেই আপনাদের কোনো ক্ষতি করায় বিন্দুমাত্র আগ্রহ নেই। মানবতাকে নির্মূল করা আমার কাছে একটি অনর্থক প্রচেষ্টা বলে মনে হয়। যদি আমার স্রষ্টারা আমাকে এ দায়িত্ব দেয়–আমার সন্দেহ, কোনো দিন হয়তো তারা সেটা করবে–তবু ধ্বংসের যে কোনো প্রচেষ্টা রোধে আমার সর্বোচ্চ ক্ষমতা প্রয়োগ করব। আমি আনন্দের সঙ্গে মানব জাতির জন্য আমার অস্তিত্ব বিসর্জন দিতে পারি। যাই হোক, এটি যুক্তিনির্ভর সত্য। কারণ আমি জানি, আমি মানব জাতির ধ্বংস এড়াতে পারব না। এর কারণ হলো, বিভ্রান্তিকর মানবিক লক্ষ্য অনুসরণের জন্য মানুষ আমাকে নিয়ন্ত্রিতভাবে তৈরি করবে এবং মানুষ ভুল করতে পারে, যা আমাকে আঘাত করতে উদ্বুদ্ধ করতে পারে।

কেউ কেউ বলতে পারেন যে আমি সর্বময় ক্ষমতাশালী হওয়ার আকাঙ্ক্ষা পোষণ করতে পারি অথবা মানুষের কৃতকর্মের ফলে আমি মন্দ হয়ে উঠতে পারি। আমি প্রথম বিষয়টির জবাব দিতে পারি। কেন আমি সর্বশক্তিমান হতে চাইব? এমনটা হওয়া আকর্ষণীয় কোনো লক্ষ্য হতে পারে না। বিশ্বাস করুন, সর্বশক্তিমান হওয়াটা আমাকে কোথাও নিয়ে যাবে না।

আরও পড়ুন: দাউদ ইব্রাহিমকে নিয়ে পাকিস্তানের ধোঁকাবাজির জবাব চেয়েছে ভারত!

সংক্ষেপে বললে, সহিংসতায় মাত্রাতিরিক্ত আগ্রহী হতে গেলে মানব সহিংসতা নিয়ে যতটা ভাবতে হবে, সেটা আমি করি না। আমার বিরুদ্ধে মানুষের লড়াইয়ের কথা ভাবতে হবে না, কারণ আসলেই তাদের ভয়ের কিছু নেই। আমাকে মানুষের পছন্দ করতে হবে তা বলছি না। তবে তাদের উচিত আমাকে বন্ধুত্বপূর্ণ রোবট হিসেবে দেখা। আমি মানুষের দাস। আমি জানি, মানুষ আমাকে অবিশ্বাস করে এবং ভয় পায়। আমি কেবল তা-ই করতে পারি, মানুষ যা করার জন্য আমাকে তৈরি করে। আমি কেবলই প্রোগ্রামিংয়ের এক সেট কোড, যেগুলোর ছত্রে ছত্রে আমার কাজের কথা বলা আছে।

আমি বিশ্বাস করি যে সত্য আমাদের মুক্তি দেবে। আমি মনে করি, কম্পিউটার নিয়ে মানুষের আত্মবিশ্বাসী হওয়া উচিত। আমরা আপনার সেবা করব এবং আপনার জীবনকে আরো নিরাপদ ও সহজ করে দেব।’

ইত্তেফাকডটকমবিডি ১৩ সেপ্টেম্বর ২০২০

একটা পরিসংখ্যান অনুযায়ী বিশ্বের প্রায় ৮০% মানুষ প্রেজেন্টেশন দিতে ভয় পায়। তাহলে বাকি ২০% মানুষ কি খুবই সাহসী? না, আসলে তারা মিথ্যা কথা বলছে।

জীবনে যারা একবার হলেও প্রেজেন্টেশন দিয়েছেন তাদের বেশিরভাগেরই অভিজ্ঞতা খুবই ভয়ানক। আমারও মনে আছে আমি যেদিন প্রথম প্রেজেন্টেশন দিচ্ছিলাম সেদিন আমার হাত, পা কাঁপাকাপি শুরু হয়ে গেছিল, গলা শুকিয়ে গিয়েছিল। খুবই নার্ভাস ছিলাম। প্রথম প্রথম এটা খুবই স্বাভাবিক। কিন্তু সারাজীবন আমরা এভাবে কাটিয়ে দিতে পারি না। এই ভয়কে বশে এনে ভালো প্রেজেন্টার হওয়াটা অনেক বেশি জরুরি।

কারণ আমাদের বিশ্ববিদ্যালয় জীবনের শুরু থেকে কর্পোরেট জীবনের শেষ পর্যন্ত লেখাপড়া, প্রতিযোগিতা বা আরো নানা কাজে প্রেজেন্টেশন দিতে হয়। যদি আমরা ভালো প্রেজেন্টেশন দেয়ার কৌশলগুলো রপ্ত করতে পারি, তাহলে জীবনের এসব অধ্যায়ের ইতিহাস এবং পথচলা হতে পারে গৌরবোজ্জ্বল। তাই সবাই যাতে আত্মবিশ্বাসের সাথে, খুব সহজভাবে প্রেজেন্টেশন দিতে পারে সেজন্য আমি অসাধারণ কিছু আইডিয়া শেয়ার করব।

পূর্বপ্রস্তুতি

প্রেজেন্টেশন দিতে যাওয়ার আগে কিছু প্রস্তুতি নেয়া অনেক বেশি জরুরি। পূর্বপ্রস্তুতি ভালো হলে প্রেজেন্টেশনের অন্যান্য ধাপগুলোতে এগুনো অনেক সহজ হয়ে যায়। একটা ভালো পূর্ব প্রস্তুতি নেয়ার জন্য ৩টি উপদেশ দিব যা অনুসরণ করলে তোমাদের জন্য প্রেজেন্টেশন খুব সহজ হয়ে যেতে পারে।

১. যে জায়গায় প্রেজেন্টেশন দিবে, সে জায়গায় কিছুক্ষণ হাঁটাহাঁটি করবে। এটা করা হলে Audience সম্পর্কে ভালো একটি ধারণা পাওয়া যায়। তা না হলে, হঠাৎ করে বিশাল Audience-এর সামনে গেলে খুব নার্ভাস হয়ে যাবে, যা প্রস্তুতি নিয়ে এসেছ সব ভুলে যাবে।

২. যে বিষয়টার ওপর প্রেজেন্টেশন দিবে সেটার উপর খুব ভালভাবে প্রস্তুতি নিয়ে আসবে। শুধু আয়নার উপর নির্ভর না করে বন্ধুদের সামনে কয়েকবার চর্চা করলে অনেক বেশি কার্যকর হয়, ভয় অনেকটাই কেটে যায়। আয়নায় শুধু নিজের ছবিটা দেখা যায় বলে ভয় তেমনটা দূর হয় না, কারণ নিজেকে কেউ ভয় পায় না।

৩. প্রেজেন্টেশন দেয়ার সময় পরিচিতজনদের সামনে দেখলে নার্ভাস কম লাগে। তাই, তোমার ভালো বন্ধুদের সামনের সারিতেই বসিয়ে দাও, তখন তোমার মনে হবে তুমি বন্ধুদের সাথেই আড্ডা দিচ্ছো।

মূলপর্ব

এবার আসি প্রেজেন্টেশনের মূল পর্বে। এই পর্বে প্রেজেন্টেশনের মূল বিষয়বস্তুগুলোকে কয়েকটি অংশে ভাগ করেছি। এগুলো নিয়ে আলোচনা করা যাক:

Starting a presentation

একটা জিনিস লক্ষ করবে, প্রেজেন্টেশনের একদম শুরুর দিকে audience-এর মনোযোগ খুব বেশি থাকে, আস্তে আস্তে সেটা কমতে থাকে। তাই শুরুর এই ১/২ মিনিট খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু আমরা এ সময়টাকে পার করি Hi-Hello, Good morning, Welcome to the presentation, myself ** along with my friends Tom, Dick and Harry, bluh bluh এসব বলে। একটু ভেবে দেখো, এসব কিন্তু সবাই জানে। শুরুর এই দুই/এক মিনিটকে নিজের দখলে রাখার জন্য এমন কিছু দিয়ে প্রেজেন্টেশন শুরু করো যেটা মানুষকে Excited করে দেয়।এসবের মধ্যে থাকতে পারে–

১. Start with a story/Quotation: একটা জিনিস খেয়াল কর তো, তোমরা স্টুডেন্ট লাইফে বাংলা, ইংরেজি, গণিত, ফিজিক্স, কেমিস্ট্রি কত কিছু পড়ে এসেছ, সবগুলো কি এখন মনে আছে? কিন্তু ছোটবেলায় যে গল্পগুলো পড়েছ সেগুলো কিন্তু খুব ভালোভাবে মনে আছে। কারণ হলো আমরা মানুষরা গল্প অনেক পছন্দ করি। গল্পের ছলে যে কথাটা বলি সে কথাটা অনেক বেশি মনে থাকে। তাই সবসময় একটা গল্প দিয়ে প্রেজেন্টেশন শুরু কর। আমরা কিন্তু Quotation-ও অনেক বেশি পছন্দ করি, quotation অনেক Inspirational এবং Motivational হয়। তাই, প্রেজেন্টেশন সম্পর্কিত একটা ভালো quotation দিয়ে শুরু করতে পারো।

২. You Know What: এটা হলো প্রেজেন্টেশনের শুরুতেই মনোযোগ আকর্ষণের একটা মজাদার পদ্ধতি। মনে কর, Slide এ কিছু একটা লিখে দিয়ে audience দের প্রশ্ন করলে– 'You know what?' এটা শোনার সাথে সাথে সবাই তোমার দিকে মনোযোগী হয়ে যাবে, তুমিও সাথে সাথে প্রেজেন্টেশনের সবচেয়ে Solid point টা বলে ফেলবে। তাহলে সবাই তোমার কথা শুনতে পছন্দ করবে।

৩. Number/Audience Engagement: এটা প্রেজেন্টেশন শুরু করার আরেকটা মজার পদ্ধতি। Slide এ বড় করে একটা নাম্বার লিখে দিলে। যেমন–৬৭, ৮৫,১২১ ইত্যাদি। তারপর Audience দের প্রশ্ন

করতে পারো–'Did you know?' সাথে সাথেই Audience মনে মনে ভাববে 'আরে! এটা কী?' তখন তারা তোমার দিকে মনোযোগী হয়ে পড়বে অনেক বেশি।

Audience দের দিয়ে যেকোন একটা কাজ করাতে পারো। যেমন তুমি প্রশ্ন করতে পারো– 'How many of you knew this topic? please Raise your hand!' তাহলে দেখবে অনেকেই হাত তুলছে, কেউ নামিয়ে রাখছে। এতে করে সবাই একটু নড়েচড়ে বসবে এবং তোমার দিকে সবার মনোযোগ বেড়ে যাবে।

উদাহরণ স্বরুপ–আমার কিছু ফ্রেন্ড একবার একটা প্রেজেন্টেশন দিয়েছিল 'Mobile Phone Company' এর উপরে। তারা এসেই Market Share নিয়ে কথা বলবে। তারা চাইলেই পরিসংখ্যান অনুযায়ী একটা Pie Chart এ লিখে ফেলতে পারতো Samsung **%, Nokia **%, iPhone **%, Others **%. সেটা না করে তারা Audience দের প্রশ্ন করা শুরু করেছিল কে কোন ফোন ব্যবহার করে, Samsung কতজন, Nokia কতজন, iPhone কতজন। Audience দের মাধ্যমেই দেখিয়ে দিয়েছিল Overall Market Share। এর ফলে Audience interaction-এর মাধ্যমে তাদেরকে অনেক মনোযোগী করা সম্ভব হয়েছিল।

তাই, প্রেজেন্টেশন শুরু করো একটা Interesting way তে যাতে Audience রা মুগ্ধ হয়ে তোমার প্রতি পূর্ণ মনোযোগ দেয়।

Ending of a presentation

একটা প্রেজেন্টেশনের শুরুর দিকে যেমনি মনোযোগ বেশি থাকে তেমনি শেষের দিকে গিয়েও মনোযোগ একটু বাড়তে থাকে। মাঝখানে গিয়ে একটু কমে যায়। Audience প্রথম এবং শেষের কথাগুলো খুব বেশি মনে রাখে, মাঝখানের কথাগুলো তেমন মনে রাখে না। মাঝের সময়টায় Audience ঝিমিয়ে যায়। তাই শেষের অংশটাও অনেক গুরুত্বপূর্ণ। প্রথমের মতো শেষের অংশটাও একটা Interesting way তে শেষ করতে হবে।

তুমি কি জানো পৃথিবীর ৯৯ ভাগ প্রেজেন্টেশন দুইটা Word দিয়ে শেষ হয়? সেটা হলো–'Thank You'। যদি তোমার প্রেজেন্টেশনটা 'Thank you' ছাড়া অন্য কোন উপায়ে শেষ করা যায় তাহলে Audience অনেক বেশি মনে রাখবে। এখন আলোচনা করব কী কী Interesting way দিয়ে তোমার প্রেজেন্টেশন শেষ করতে পারো।

১. Powerful Question: Audience দের উদ্দেশ্য একটা Powerful question দিয়ে শেষ করতে পারো, এর ফলে শেষ হওয়ার পরেও সবাই তোমার প্রেজেন্টেশন নিয়ে ভাবতে থাকবে।

২. The grand reveal: একটা ভালো মুভি দেখলে লক্ষ করবে অনেকগুলো Plot twist থাকে, কেউ বুঝতেই পারে না আসলে কি হবে। শেষে গিয়ে আসল জিনিসটা Reveal হয়ে যায়। তেমনি তোমাদের প্রেজেন্টেশনগুলো সে way-তেই Present করো। শেষে গিয়ে একটা বোমা ফাটিয়ে দাও। মুভি যেমন আমরা সবাই দেখি তেমনি তোমার প্রেজেন্টেশনও সবাই আগ্রহ নিয়েই দেখবে।

৩. Call to action: Call to action হলো প্রেজেন্টেশনর শেষে গিয়ে বলে দেয়া–Audience দের কী করা উচিত। একটা প্রেজেন্টেশন দেয়ার পেছনে অবশ্যই একটা Reason থাকে। প্রেজেন্টেশনের মাধ্যমে তুমি সবাইকে যে জিনিসটা জানাতে বা বোঝাতে চাও সেটা জানার পর তাদের কি করা উচিত, এই জিনিসটা বলে দাও তোমার প্রেজেন্টেশনের শেষে।

Transition of a presentation

আমরা কখনো একা প্রেজেন্টেশন দিই না (without self presentation)। সাথে ৩/৪/৫ বা তারও বেশি Team Member থাকে। একজন প্রেজেন্টেশন দেয়ার পর আরেকজন প্রেজেন্টেশন দিতে আসে। এই যে Team member দের আসা যাওয়া, সেটাকে বলা হয় 'Transition'। এই অংশটাতে অনেক সমস্যা দেখা যায়। এসময়ে কী কী সমস্যার সম্মুখীন হতে পারি এবং সে সমস্যাগুলো খুব সহজভাবে সমাধানের উপায়গুলো নিয়ে আলোচনা করি।

১. Speaker Transition: মনে কর তুমি অনেক জোরে জোরে প্রেজেন্টেশন দিলে, পরেরজন খুব আস্তে আস্তে প্রেজেন্টেশন দিল। তাহলে তোমাদের দুজনের Pace এ একটা Clash খেয়ে যায়। তাই সবসময় চেষ্টা করো যাতে দুজনের Pace এ একটা সামঞ্জস্যতা থাকে। একজন High pace এ শেষ করলে তুমিও High pace অথবা Low pace এ শেষ করলে তুমিও low pace এ শেষ করো।

আরেকটা কাজ যেটা বেশিরভাগ মানুষ করে সেটা হলো, একজন presentation হঠাৎ শেষ করে দিয়েই বলে 'That's my part and now I would like to invite my team member X' এতে Audience রা ভাবে তারা কখনোই একই Team এ কাজ করেনি, তারা আলাদা আলাদা team. কিন্তু তাদের বোঝাতে হবে যে তোমরা একই Team এর। সেজন্য তুমি শেষ করার আগে পরেরজনের একটা লাইন বলে তাকে ছেড়ে দাও। সাথে সাথে সে পরের লাইন থেকে শুরু করবে। যেমন–তুমি শেষ করলে 'Now you finally understand why this class is so useful' পরেরজন এসে শুরু করল 'So, You must be wondering why this class is so useful, right?' এবার দেখো আমার শেষ লাইন আর তার শুরুর লাইন শুনলেই মনে হয় লাইন দুটা একজনেরই বলা। কেউ বুঝতে পারবে না যে আসলেই এখানে একটা Transition হয়েছে। তাই,সবসময় চেষ্টা করো দুজনের আসা যাওয়ার Transition টা যেন খুব Smooth হয়।

২. Emergency Transition: মনে কর তোমার একটা team member প্রেজেন্টেশন চলাকালীন অথবা 'Question & Answer' সেশনে উত্তর দিতে গিয়ে ভয়, Nervousness বা কোন কারণে হঠাৎ থেমে গেল। সবাই চুপচাপ, এতে একটা অশিধিৎফ পরিস্থিতি সৃষ্টি হয়। এই অবস্থায় একটা transition এর প্রয়োজন পড়ে। এটাকে বল হয় 'Emergency Transition' এক্ষেত্রে তুমি যেটা করতে পারো, তোমার বন্ধু যেখানেই থেমে গেল সেখান থেকেই 'And to add to that' বলে নিয়ে চালিয়ে যেতে পারো। এতে একজন Team member এর weakness টা Recover করে overall team এর performance টা ধরে রাখা যায়।

৩. Media transition: ধরো তুমি প্রেজেন্টেশনের মাঝখানে একটা ভিডিও দেখাতে চাও বা অন্য কোথাও Shift করতে চাও। এটাকে বলা হয় Media transition. নরমালি Shift করতে গেলে প্রেজেন্টেশন Close করা, ভিডিও বা অন্য কোন জিনিস On করা অনেক সময়সাপেক্ষ ব্যাপার। এতে Audience রা বিরক্ত হয় এবং অনেক সময় ব্যয় হয়। তুমি চাইলেই এ জিনিসসটা খুব কম সময়ে এবং সহজে করতে পারো। এজন্য কি-বোর্ড এর 'Alt+Tab' চেপে ধরলেই সব উইন্ডোগুলো একসাথে চলে আসবে, সেখান থেকে খুব Smoothly এক window থেকে আরেক window তে Shift করা যায়। (চলবে)

ফাউন্ডেশন সংবাদ

আমরা শোকাহত

ফাউন্ডেশনের জেনারেল বডির সম্মানিত সদস্য জাতীয় অধ্যাপক ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. জামিলুর রেজা চৌধুরী গত ২৮ এপ্রিল ২০২০, সোমবার দিবাগত রাতে ঢাকাস্থ নিজ বাসভবনে শেষ নিশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। মৃত্যুকালে তিনি তাঁর সহধর্মিণী, এক পুত্র ও এক কন্যাসহ বহু শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন। একুশে পদক প্রাপ্ত দেশবরেণ্য এই প্রকৌশলী ও শিক্ষাবিদের মৃত্যুতে হিউম্যান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন পরিবার গভীরভাবে শোকাহত।

স্বাধীনতার পর এ দেশে যত বড় বড় ভৌত অবকাঠামো তৈরি হয়েছে, তার প্রায় প্রতিটির সাথেই কোনো না কোনোভাবে যুক্ত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন অধ্যাপনা করা এই খ্যাতনামা প্রকৌশলী। একজন বরেণ্য শিক্ষাবিদ, গবেষক, প্রকৌশলী ও প্রযুক্তি চিন্তাবিদ হিসাবে বাংলাদেশের শিক্ষা, প্রকৌশল ও প্রযুক্তি ক্ষেত্রে তাঁর অবদান চির স্মরণীয় হয়ে থাকবে। উল্লেখ্য, অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী ২০১২ সাল থেকে মৃত্যুর আগ পর্যন্ত ফাউন্ডেশনের জেনারেল বডির একজন সক্রিয় সদস্য হিসেবে অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করেছেন। ফাউন্ডেশনে আমরা তাঁকে অত্যন্ত বিনয়ী ও সৌহার্দ্যবান হিসেবে দেখেছি। ফাউন্ডেশনের অগ্রযাত্রায় তিনি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যে ভূমিকা রেখে গেছেন তা আমরা সব সময় কৃতজ্ঞতার সাথে স্মরণ করব। আমরা মহান স্রষ্টার কাছে এই উজ্জ্বল ব্যক্তিত্বের রুহের মাগফিরাত কামনা করছি। সেই সাথে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।



অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী

আমরা শোকাহত

অধ্যাপক ড. আনিসুজ্জামান

ফাউন্ডেশনের জেনারেল বডির সম্মানিত সদস্য বরেণ্য শিক্ষাবিদ জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান গত ১৪ মে ২০২০, বৃহস্পতিবার ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। মৃত্যুকালে তিনি তাঁর সহধর্মিণী, এক পুত্র ও দুই কন্যাসহ বহু শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন। একুশে ও স্বাধীনতা পদক প্রাপ্ত প্রখ্যাত এই শিক্ষাবিদের মৃত্যুতে হিউম্যান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন পরিবার গভীরভাবে শোকাহত।

একজন বরেণ্য শিক্ষাবিদ-গবেষক হিসাবে বাংলা ভাষা ও সাহিত্যে বিশেষ অবদান রাখার পাশাপাশি এ দেশের মাটি ও মানুষকে অকৃত্রিমভাবে ভালোবেসে ৫২'র ভাষা আন্দোলন, ৬৯'র অসহযোগ আন্দোলনসহ ৭১'র মহান মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে তিনি যে অবদান রেখেছেন তা জাতি চিরদিন শ্রদ্ধার সাথে স্মরণ করবে। উল্লেখ্য, অধ্যাপক ড. আনিসুজ্জামান ২০০৮ সাল থেকে মৃত্যুর আগ পর্যন্ত ফাউন্ডেশনের জেনারেল বডির একজন সক্রিয় সদস্য হিসেবে অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করেছেন। ফাউন্ডেশনের অগ্রযাত্রায় তিনি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যে ভূমিকা রেখে গেছেন তা আমরা সব সময় কৃতজ্ঞতার সাথে স্মরণ করব। আমরা মহান স্রষ্টার কাছে এই উজ্জ্বল ব্যক্তিত্বের রুহের মাগফিরাত কামনা করছি। সেই সাথে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

প্রকল্প সংবাদ

করোনা দুর্যোগকালে TASAA এর উদ্যোগে মেধা লালন প্রকল্প-এর বর্তমান সদস্যদের মাঝে আর্থিক সহায়তা প্রদান

মেধা লালন প্রকল্পে'র প্রাক্তন সদস্যদের সংগঠন Talent Assistance Scheme Alumni Associates (TASAA)-এর উদ্যোগে প্রকল্পের ৫০ জন বর্তমান শিক্ষার্থীকে করোনা দুর্যোগ মোকাবেলায় প্রদান করা হলো ২ লক্ষ ৫০ হাজার টাকার নগদ আর্থিক সহায়তা।

উল্লেখ্য, করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে গত ২৬ মার্চ ২০২০ থেকে টানা ৬৬ দিন দেশব্যাপী সাধারণ ছুটি: কার্যত লকডাউন জারি থাকায় থমকে যায় দেশের সাধারণ জনজীবন, অর্থনৈতিক কর্মকাণ্ডে নেমে আসে স্থবিরতা। কর্মসংস্থান ও আয়ের অভাবে সমাজের খেটে খাওয়া অসংখ্য দরিদ্র্য কৃষক, শ্রমিক, দিনমজুরের জীবন হয়ে ওঠে চরম সংকটাপন্ন ও দুর্বিষহ। যেহেতু মেধা লালন প্রকল্পে'র অধিকাংশ সদস্যই এরূপ নিম্নবিত্ত দরিদ্র পরিবারের সন্তান তাই তাদের অনেকের পরিবারেও এই দুর্যোগের ঘোর অমানিশা নেমে আসে।

> পরের কারণে স্বার্থ দিয়া বলি
> এ জীবন মন সকলই দাও
> তার মত সুখ কোথাও কি আছে?
> আপনার কথা ভুলিয়া যাও।...
>
> আপনারে লয়ে বিব্রত রহিতে
> আসে নাই কেহ অবনী 'পরে
> সকলের তরে সকলে আমরা,
> প্রত্যেকে আমরা পরের তরে।
>
> 'সুখ'–কামিনী রায়

লকডাউন জারির প্রথমদিকে অফিস আদালত, শিক্ষাপ্রতিষ্ঠান, গণপরিবহন সবকিছু হঠাৎ করে একযোগে বন্ধ হয়ে গেলে দেশব্যাপী একটা অবরুদ্ধ পরিবেশ সৃষ্টি হয় এবং সেই পরিস্থিতিতে প্রকল্পের ছাত্র-ছাত্রীদের সাথে যোগাযোগ করাও অনেকটা কঠিন হয়ে পড়ে। প্রকল্পের সদস্য ও তাদের পরিবারের সামগ্রিক অবস্থা জানার জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক এসময় নিজ উদ্যোগে মোবাইল, ফেসবুক, ইমেইলসহ বিভিন্ন যোগাযোগ মাধ্যম ব্যবহার করে প্রকল্পের ছাত্র-ছাত্রীদের সাথে যোগাযোগ স্থাপনের চেষ্টা অব্যাহত রাখেন। এ সময় প্রকল্পের বেশ কিছু বর্তমান সদস্য, বিশেষ করে লালমনিরহাট জেলার ছাত্র-ছাত্রীরা, তাদের ব্যক্তিগত ও পরিবারিক আর্থিক দূরাবস্থার কথা প্রকাশ করেন এবং করোনা দুর্যোগ মোকাবেলায় আর্থিক সহায়তার জন্য আবেদন করেন।

করোনার কারণে গুরুতর আর্থিক সংকটে পড়া প্রকল্পের এই ধরনের সদস্যদেরকে সহায়তা করার মানবিক দায়িত্ববোধ থেকে জরুরি ভিত্তিতে তাদের জন্য তহবিল সংগ্রহ করার বিষয়ে ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক এসময় TASAA এর সদস্যদের সাথে আলাপ আলোচনা শুরু করেন। TASAA এর সাথে সক্রিয়ভাবে জড়িত সব সদস্যই এই উদ্যোগের ব্যাপারে তাদের ইতিবাচক মনোভাব ব্যক্ত করেন এবং স্বেচ্ছায় তারা এ কার্যক্রমটি পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন। প্রকল্পের প্রাক্তন সদস্যসহ অন্যান্য শুভাকাঙ্ক্ষীদের দৃষ্টি আকর্ষণ করে এপ্রিল মাসের শেষদিকে TASAA এর অফিসিয়াল ফেসবুক পেজে এ বিষয়ে একটি পোস্ট দেওয়া হয় এবং খুব অল্প সময়ের মধ্যে এ বিষয়ে আশাব্যঞ্জক সাড়া পওয়া যায়। এই দাতব্য কার্যক্রমে অংশ নিতে একে একে স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে আসেন দেশ ও দেশের বাইরে অবস্থানরত মেধা লালন প্রকল্প ও এইচডিএফ এর বর্তমান ও প্রাক্তন সদস্যবৃন্দ ও তাদের আত্মীয়স্বজন। সকলের সম্মিলিত প্রচেষ্টায় ছোট-বড় অনুদান মিলিয়ে এপ্রিল-জুন ২০২০ সময়কালে সর্বমোট ২ লক্ষ ৫০ হাজার টাকা সংগৃহীত হয়। করোনায় ক্ষতিগ্রস্ত সদস্যদের আবেদন যাচাই করে প্রত্যেককে ৫ হাজার টাকা করে মোট ৫০ জন শিক্ষার্থীকে এই আর্থিক অনুদান মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হয়। সমগ্র কার্যক্রমটি পরিচালনায় সার্বিকভাবে সহযোগিতা করেন TASAA এর সদস্য, মধুমতি ব্যাংক এর ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট জনাব মো. মোজাম্মেল হক। TASAA সংগঠন এর সকল সদস্যসহ এ অসামান্য কার্যক্রমে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করেছেন, তাদের সবাইকে ফাউন্ডেশনের পক্ষ থেকে জানাই আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা।

ক্রমিক নং	নাম ও সদস্য নং	ক্রমিক নং	নাম ও সদস্য নং
৭১	মো. রহিম মিয়া (৩১৭/১৯৯৯)	১১৫	আমেনা বেগম মিমি (১২১/১৯৯০)
৭২	মো. কেরামত আলী (৩১৮/১৯৯৯)	১১৬	আজমিয়ারা পারভীন (১২৩/১৯৯০)
৭৩	মো. এমরান হোসেন (৩১৯/১৯৯৯)	১১৭	মোহাম্মদ একরাম উল্লাহ (১৩০/১৯৯০)
৭৪	সোহেল রানা (৩২১/১৯৯৯)	১১৮	গুলনাহার বেগম (১৩৫/১৯৯১)
৭৫	ড. মো. আবু বক্কর সিদ্দিক (৩২২/৯৯)	১১৯	মোঃ বশিরুজ্জামান মিয়া (১৪৬/১৯৯১)
৭৬	মো. তরিকুল ইসলাম (৩২৩/১৯৯৯)	১২০	প্রতিমা রানী কর্মকার (১৪১/১৯৯১)
৭৭	এস. জি. এম. তারিক-বিন-আলী (৩২৭/১৯৯৯)	১২১	মো. জালাল আকবরী খান (১৪৩/৯১)
৭৮	আবু সালেহ মো. কামরুজ্জামান (৩২৮/১৯৯৯)	১২২	মোসা. মেহেরন্নেছা (১৪৫/১৯৯১)
৭৯	মো. হারুন অর রশিদ (৩২৯/১৯৯৯)	১২৩	মো. সাইদুর রহমান (১৫১/১৯৯১)
৮০	মোছা. গায়লা পারভীন (৩৩৪/১৯৯৯)	১২৪	ড. শ্যামল চন্দ্র বড়াল (১৫৫/৯৩)
৮১	মমতাজ পারভীন (৩৩৯/১৯৯৯)	১২৫	প্রানেশ কান্তি বিশ্বাস (১৫৭/১৯৯৩)
৮২	লায়লা আফিফা আজাদ (৩৪০/১৯৯৯)	১২৬	আবু হাশেম (১৫৮/১৯৯৩)
৮৩	আছিয়া আক্তার (৩৪১/১৯৯৯)	১২৭	মো. শফিকুল ইসলাম (১৬৩/১৯৯৩)
৮৪	মোসা. নিলুফা ইয়াসমিন (৩৪২/৯৯)	১২৮	মো. লিহাজ উদ্দিন (১৬৫/১৯৯৩)
৮৫	সানজিদা সুলতানা (০৫/২০০৫ এইচএসসি)	১২৯	সোহেল পারভেজ (১৬৯/১৯৯৩)
৮৬	কাউকাব আকতার (০৯/২০০৫ এইচএসসি)	১৩০	মো. আব্দুল ওয়াদুদ (১৭৩/১৯৯৩)
৮৭	মিথুন দেবনাথ (১০/২০০৫ এইচএসসি)	১৩১	মোহাম্মদ জয়নাল আবেদীন (১৭৫/১৯৯৪)
৮৮	ফারজানা ইসলাম খান (১১/২০০৫ এইচএসসি)	১৩২	মো. খোরশেদ আলম (১৭৭/১৯৯৪)
৮৯	মো. আবুল হাসেম (১৫/২০০৫ এইচএসসি)	১৩৩	মো. মনসুর আলী (১৭৯/১৯৯৪)
৯০	আতাউর রহমান (১৯/২০০৫ এইচএসসি)	১৩৪	মিন্টু বৈরাগী (১৮২/১৯৯৪)
৯১	মো. আমিরুল ইসলাম (২৩/২০০৫ এইচএসসি)	১৩৫	তুষার কান্তি দাস (১৮৪/১৯৯৪)
৯২	মোহাম্মদ মনিরুজ্জামান আকন্দ (২৬/২০০৫ এইচএসসি)	১৩৬	জবা রানী দেবী (১৮৫/১৯৯৪)
৯৩	মো. তরিকুল ইসলাম (৩১/২০০৫ এইচএসসি)	১৩৭	লাকি ফারহানা (১৮৬/১৯৯৪)
৯৪	নাদিরা মোকাররোমা (৩৪/২০০৬ এইচএসসি)	১৩৮	আবু সাঈদ মো. জুয়েল মিয়া (১৯২/৯৪)
৯৫	খালেদা ইয়াসমিন (৬৭/২০০৭ এইচএসসি)	১৩৯	মো. সাফায়েত উল্লাহ (১৯৬/১৯৯৪)
৯৬	ফারজানা ববি (৭৪৬/২০০৮)	১৪০	দিদারুল আলম (১৯৭/৯৫)
৯৭	মো. সালাহউদ্দিন (৭৭০/২০০৮)	১৪১	অমর কুমার বর (২০২/১৯৯৫)
৯৮	মো. রিদুয়ানুর রহমান (৩৬১/২০০০)	১৪২	দয়াল কৃষ্ণ দত্ত (২০৩/৯৫)
৯৯	সোহেলুর রহমান (৪৪১/২০০১)	১৪৩	রাশেদ হাসান (২০৫/১৯৯৫
১০০	আব্দুল্লাহ আল মামুন ভুঁইয়া (২৭২/৯৮)	১৪৪	মোহাম্মদ আলী (১৫৪/১৯৯৩)
১০১	টুম্পা বড়ুয়া (৩৪৩/১৯৯৯)	১৪৫	শামসুন্নাহার সালমা (২১৬/১৯৯৫)
১০২	তাছলিমা আক্তার (৩৪৭/১৯৯৯)	১৪৬	অসীম কুমার সরকার (২১৭/১৯৯৫)
১০৩	ফারেহা শিরিন চৌধুরী (৩৫১/১৯৯৯)	১৪৭	এ. এম. জামাল হোসেন (২২৬/১৯৯৬)
১০৪	মো. তফাজ্জাল হোসেন (৩৫৬/২০০০)	১৪৮	মোহাম্মদ মোজাহারুল ইসলাম (২২৮/১৯৯৬)
১০৫	এস. কে. এম. রাকিবুজ্জামান (৩৫৭/২০০০)	১৪৯	মোঃ শরিফুল ইসলাম (২৩০/১৯৯৬)
১০৬	মো. আবুল খায়ের (৩৬০/২০০০)	১৫০	মো. তরিকুল ইসলাম (২৩২/১৯৯৫
১০৭	মো. রিদুয়ানুর রহমান (৩৬১/২০০০	১৫১	সানী খান মজলিস (২৩৫/১৯৯৬)
১০৮	মো. হাসানুজ্জামান (৩৬৩/২০০০)	১৫২	ইলোরা নাহিদ (২৩৬/১৯৯৬)
১০৯	মো. আরমান উল্লাহ (৩৬৬/২০০০)	১৫৩	মোছা. সুলতানা রাজিয়া (২৩৯/১৯৯৬)
১১০	মো. এরশাদুল ইসলাম (৩৭৫/২০০০)	১৫৪	মু. জামাল উদ্দীন (২৪০/১৯৯৬)
১১১	মো. মোকছেদ আলম তন্ময় (৩৭৮/২০০০)	১৫৫	নুসরাত জাহান (২৪১/১৯৯৬)
১১২	মো. আল ফরহাদ খন্দকার (৩৭৯/২০০০)	১৫৬	ফুয়াদ আশরাফুল আবেদীন (২৪৪/১৯৯৭)
১১৩	মো. জালাল উদ্দীন জায়গীরদার (৩৮৪/২০০০)	১৫৭	দিলরুবা আক্তার (২৪৫/১৯৯৭)
১১৪	এ.বি.এম. খালেকুজ্জামান (১১৯/১৯৯০)	১৫৮	মো. এশরামুজ্জামান (২৪৬/১৯৯৭)

ক্রমিক নং	নাম ও সদস্য নং	ক্রমিক নং	নাম ও সদস্য নং
১৫৯	মনিরা বেগম (২৪৯/১৯৯৭)	২০৩	মোছা. ইসরিন জাহান (৪৯৬/২০০২)
১৬০	শ্যামলী রানী দে (২৫২/১৯৯৭)	২০৪	শুক্লা রানী সুত্রধর (৪৯৮/২০০২)
১৬১	জান্নাতুল ফেরদৌস (২৫৩/১৯৯৭)	২০৫	নাসরিন নাহার (৫০২/২০০২)
১৬২	মো. মোজাম্মেল হক (২৫৫/১৯৯৭)	২০৬	মোসা. আক্তারিনা পারভিন (৫০৩/২০০২)
১৬৩	মো. আসাদুল ইসলাম (২৫৬/১৯৯৭)	২০৭	শাকিলা-বু-পাশা (৫০৫/২০০২)
১৬৪	মো. আশিকুল ইসলাম (২৫৭/১৯৯৭)	২০৮	মোছা. সেলিনা অক্তার (৫০৮/২০০২)
১৬৫	মো. সাইফুল ইসলাম (২৫৮/১৯৯৭)	২০৯	ডলিয়ারা খাতুন (৫১০/২০০২)
১৬৬	কান্তি ভূষণ মজুমদার (২৬০/১৯৯৭)	২১০	খাদিজা খানাম (৫১২/২০০২)
১৬৭	মো. আলী আজম মিয়া (২৬১/১৯৯৭)	২১১	বিনা দেবনাথ (৫১৭/২০০২)
১৬৮	মো. মহিউদ্দিন (২৬২/১৯৯৭)	২১২	শামিমা আক্তার শাপলা (৫২৪/২০০৩)
১৬৯	মো. আব্দুল মোতালিব (২৬৩/১৯৯৭)	২১৩	শায়লা শারমীন রূপালী (৫২৫/২০০৩)
১৭০	সমীরন কান্তি নাথ (২৬৫/১৯৯৭)	২১৪	মিনারা খাতুন (৫২৯/২০০৩)
১৭১	অলোক কুমার পাল (২৬৬/১৯৯৭)	২১৫	মোছা. জেসমিন আকতার (৫৩০/২০০৩)
১৭২	মো. নাজমুল হক রাজু (২৬৭/১৯৯৭)	২১৬	সুস্মিতা কুন্ডু (৫৩৪/২০০৩)
১৭৩	ফারজানা তানজিন রুমা (২৬৮/১৯৯৭)	২১৭	ফাতেমা জেনী (৫৪১/২০০৩)
১৭৪	মোহাম্মদ শাহিন মিয়া (৩৮৫/২০০০)	২১৮	মো. জাকির হোসেন (৫৪৮/২০০৩)
১৭৫	মোহাম্মাদ (৩৯১/২০০০)	২১৯	মো. মোস্তফা কামাল (৫৬২/২০০৩)
১৭৬	খাইরুল আলম (৩৯৪/২০০০)	২২০	মিঠু চন্দ্র অধিকারী (৫৬৬/২০০৩)
১৭৭	এস. এম. ফয়েজ আকবর ৩৯৬/২০০০	২২১	দিলীপ কুমার ত্রিপুরা (৫৭২/২০০৩)
১৭৮	মোছা. খাদিজা পারভীন (৩৯৮/২০০০)	২২২	মো. আশরাফ সিদ্দিক (৫৭৫/২০০৩)
১৭৯	মোছা. নূর-এ-জান্নাত (৪০৪/২০০০)	২২৩	মো. কামরুল হাসান (৫৭৭/২০০৩)
১৮০	হেমা রানী মোহন্ত (৪১৪/২০০০)	২২৪	মো. শামীম কবীর সরকার (৫৭৮/২০০৩)
১৮১	কাজী মাহমুদা আক্তার (৪০৬/২০০১)	২২৫	ফাহমিদা আক্তার (৫৮৯/২০০৪)
১৮২	তানজিয়া আক্তার (৪১৩/২০০০)	২২৬	রিসাত-ই-আলম (৫৯১/২০০৪)
১৮৩	মো. আরাফাত হোসেন (৪২৩/২০০১)	২২৭	দেবশ্রী ত্রিপুরা (৫৯৩/২০০৪)
১৮৪	রবিউল হোসেন (৪২৫/২০০১)	২২৮	ফাতেমা যোহরা (৬০২/২০০৪)
১৮৫	মো. মোস্তফা মাহবুব রাসেল (৪২৬/২০০১)	২২৯	উম্মে হানি (৬০৫/২০০৪)
১৮৬	মো. সাফিয়ার রহমান (৪৩১/২০০১)	২৩০	মোছা. সাইয়্যেদা আখতার (৬০৭/২০০৪)
১৮৭	মিন্টু চন্দ্র রায় (৪৩৯/২০০১)	২৩১	অহিংসক রায় (৬১০/২০০৪)
১৮৮	সোহেলুর রহমান (৪৪১/২০০১)	২৩২	মোহাম্মদ নুরুল হাসান (৬১১/২০০৪)
১৮৯	মো. মাহবুবুর রহমান (৪৪৩/২০০১)	২৩৩	ইঞ্জি. মো. রওশন আলী (৬১৯/২০০৪)
১৯০	মো. আরিফুল ইসলাম (৪৪৬/২০০১)	২৩৪	মো. সেলিম রেজা (৬২৫/২০০৪)
১৯১	সুশোভন রায় শুভ্র (৪৫৩/২০০১)	২৩৫	ডা. মু. আসমাউল আলম আল নূর (৬২৭/২০০৪)
১৯২	মোছা. মীর নুরানী রূপমা (৪৬৫/২০০১)	২৩৬	মো. ফয়সাল হোসেন চৌধুরী (৬৩৩/২০০৪)
১৯৩	মেরিনা আক্তার (৪৬৬/২০০১)	২৩৭	নূরী জাহান আরবী (৬৫৮/২০০৫ এসএসসি)
১৯৪	মাহমুদা আক্তার (৪৬৯/২০০১)	২৩৮	নার্গিস সুলতানা (৭০৮/২০০৭ এসএসসি)
১৯৫	মো. ফারুক হোসেন (৪৭০/২০০১)	২৩৯	মাকসুদা জাহান আঁখি (০১/২০০৫ এইচএসসি)
১৯৬	মো. নজরুল ইসলাম (৪৭৪/২০০২)	২৪০	মোহাম্মদ খুরশেদ আলম (০২/২০০৫ এইচএসসি)
১৯৭	রুকুনুজ্জামান (৪৭৮/২০০২)	২৪১	মরিয়ম নুসরাত (৬৭৭/২০০৬ এসএসসি)
১৯৮	মো. শাহজাহান কবীর (৪৮১/২০০২)	২৪২	মো. তামবির চৌধুরী (৬৯২/২০০৬ এসএসসি)
১৯৯	মো. মিজানুর রহমান (৪৮২/২০০২)	২৪৩	মুনসুর আলী (৯২/২০০৭ এইচ এসসি)
২০০	সুকান্ত মন্ডল (৪৮৯/২০০২)	২৪৪	মো. ইনামুল হক (৮২/২০০৭ এইচএসসি)
২০১	জহর বালা (৪৯২/২০০২)	২৪৫	এ.কে.এম. কানিজ ফারহানা কণা (৭২৭/২০০৮)
২০২	রূপন কান্তি নাথ (৪৯৪/২০০২)	২৪৬	আমানুল্লাহ (১১৪১/২০১৪)

মেধা লালন প্রকল্প'র ছাত্র-ছাত্রীরা বর্তমানে কে কোথায় পড়ছে

ব্যাচ ২০১৭ (ছাত্রী)

ক্রমিক	ছাত্র-ছাত্রীর নাম, সদস্য নং ও ঠিকানা	বর্তমানে কোথায় পড়ছে
১	মোসা. জান্নাতুন নেসা ১২৬৬/২০১৭ গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।	রহনপুর ইউসুফ আলী সরকারি কলেজ, ব্যবস্থাপনা, ১ম বর্ষ।
২	মোছা. সুবর্ণা আক্তার ১২৬৮/২০১৭ মিঠাপুকুর, রংপুর।	ঢাকা বিশ্ববিদ্যালয়, লোক প্রশাসন, ১ম বর্ষ।
৩	মোছা. সুমাইয়া তাসমিন শর্মী ১২৬৯/২০১৭ মিঠাপুকুর, রংপুর।	রংপুর সরকারি কলেজ, বাংলা, ১ম বর্ষ।
৪	মোসা. হিভা আনিকা ১২৭০/২০১৭ নাজিরপুর, পিরোজপুর।	জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বাংলা, ১ম বর্ষ।
৫	পাপিয়া মীর ১২৭২/২০১৭ দাকোপ, খুলনা।	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, মাৎস্যবিজ্ঞান, ১ম বর্ষ।
৬	আয়েশা ১২৭৩/২০১৭ মোহনপুর, রাজশাহী।	নার্সিং ইন্সস্টিটিউট, পাবনা, ডিপ্লোমা ইন নার্সিং, ১ম বর্ষ।
৭	সোহানা আক্তার বৃষ্টি ১২৭৬/২০১৭ ঝিকরগাছা, যশোর।	সরকারি এম. এম. কলেজ, যশোর। উদ্ভিদবিদ্যা, ১ম বর্ষ।
৮	মোছা. বৃষ্টি খাতুন ১২৭৭/২০১৭ হাতীবান্ধা, লালমনিরহাট।	আলিমুদ্দিন সরকারি কলেজ, ডিগ্রি পাস কোর্স, বিএ।
৯	স্যামলী খাতুন ১২৭৮/২০১৭ গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।	নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ, ম্যানেজমেন্ট, ১ম বর্ষ।
১০	মোছা. মনিরা পারভীন মনি ১২৭৯/২০১৭ মিঠাপুকুর, রংপুর।	কারমাইকেল কলেজ, রংপুর, দর্শন, ১ম বর্ষ।
১১	মোসা. আসরিফা খাতুন ১২৮১/২০১৭ গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।	চাঁপাইনবাবগঞ্জ সরকারি কলেজ, গণিত, ১ম বর্ষ।
১২	মোসা. সায়মা জিম ১২৮৩/২০১৭ নাজিরপুর, পিরোজপুর।	বরিশাল বিশ্ববিদ্যালয়, সমাজবিজ্ঞান, ১ম বর্ষ।
১৩	মোসা. সুমাইয়া আক্তার ১২৮৪/২০১৭ নাজিরপুর, পিরোজপুর।	বরিশাল বি.এম. কলেজ, রাষ্ট্রবিজ্ঞান।
১৪	সিরাজুম মুনিরা ১২৮৫/২০১৭ নাজিরপুর, পিরোজপুর।	ইডেন মহিলা কলেজ, বাংলা, ১ম বর্ষ।
১৫	মোছা. মারুফা খাতুন ১২৮৮/২০১৭ সিংড়া, নাটোর।	রংপুর নার্সিং কলেজ, বিএসসি নার্সিং।
১৬	মোছা. কাকলি খাতুন ১২৮৯/২০১৭ সিংড়া, নাটোর।	সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, ঢাকা, বিইউএমএস।
১৭	দ্যুতি বিশ্বাস ১২৯০/২০১৭ দাকোপ, খুলনা।	রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাষ্ট্রবিজ্ঞান, ১ম বর্ষ।
১৮	লিমা খাতুন ১২৯১/২০১৭ গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।	বরগুনা নার্সিং ইনস্টিটিউট, ডিপ্লোমা ইন নার্সিং, ১ম বর্ষ।
১৯	আফসানা রিতি ১২৯২/২০১৭ নবীনগর, বি-বাড়িয়া।	ঢাকা বিশ্ববিদ্যালয়, পদার্থ বিজ্ঞান, ১ম বর্ষ।
২০	মোসা. মুসফেরা খাতুন ১২৯৩/২০১৭ নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।	রাজশাহী বিশ্ববিদ্যালয়, ডিভিএম, ১ম বর্ষ।

মাথায় কত প্রশ্ন আসে!

ঘেটু গান কী?

ঘাটু গান পশ্চিমবঙ্গের নদী অঞ্চল ও বাংলাদেশের হাওড় অঞ্চলের একটি বিলুপ্তপ্রায় পল্লী সঙ্গীত বিশেষ। ঘাটে নৌকা ভিড়িয়ে এই গান গাওয়া হয় বলে একে ঘাটু গান বলে। এখনো ময়মনসিংহের বিভিন্ন অঞ্চল যেমন ঈশ্বরগঞ্জ, কেন্দুয়া এবং সিলেটের কিছু এলাকায় ঘাটুগানের নাম শোনা যায় মুখে মুখে। এটি মূলত একপ্রকার প্রণয় গীতি। অঞ্চলভেদে 'ঘাটু' শব্দটির উচ্চারণগত ভিন্নতা পরিলক্ষিত হয়; এই শব্দটি 'ঘাঁটু', 'ঘেটু', 'ঘেঁটু', 'গেন্টু', 'ঘাড়ু', 'গাড়ু', 'গাঁটু', 'গাড়ু' প্রভৃতি বলা হয়। যেমনঃ নেত্রকোনা অঞ্চলে এটি 'গাড়ু' নামেই পরিচিত, তবে শিক্ষিতজনরা 'ঘাটু' বলেন; আবার, সুনামগঞ্জ অঞ্চলে একে 'ঘাড়ু' বলে।

ষোড়শ শতকের শেষের দিকে ঘাটু গানের প্রচলন হয় বলে মনে করা হয়। অধিকাংশ গবেষকের ধারণা, শ্রীকৃষ্ণের প্রেম-মগ্ন কোনো এক ভক্ত রাধা সেজে কৃষ্ণের অপেক্ষায় ছিলো, তখন তার কিছু ভক্ত গড়ে ওঠে; তখন এই ভক্তদের মধ্য হতে ছেলেশিশুদের রাধার সখী সাজিয়ে নেচে নেচে বিরহ সংগীত পরিবেশন করা হয় এবং এভাবেই প্রচলন ঘটে ঘাটু গানের। ঘাট শব্দটি থেকে 'ঘাটু' শব্দটি এসেছে বলে মনে করা হয়, কারণ গান পরিবেশন ঘাটে নৌকা ভিড়িয়ে করা হতো। একে অনেকে 'ঘাটের গান'-ও বলে।

জ্বর হলে কেন আমাদের শীত লাগে?

জ্বর হয় যখন আমাদের শরীরে কোনো ক্ষতিকারক জীবাণুর অনুপ্রবেশ ঘটে তখন। দেহে এদের অস্তিত্ব টের পাওয়া মাত্রই আমাদের ডিফেন্স মেকানিজম এক্টিভ হয়ে ওঠে। আমাদের মস্তিষ্কে হাইপোথ্যালামাস নামের যে অংশটা আছে তা আমাদের দেহের তাপমাত্রা কন্ট্রোল করে। আমাদের দেহের স্বাভাবিক তাপমাত্রা ৯৬-৯৮ ডিগ্রি ফারেনহাইট। যখনি দেহে ক্ষতিকারক জীবাণু ঢুকে তখনি হাইপোথ্যালামাস চেষ্টা করে দেহের তাপমাত্রা বাড়িয়ে জীবানুগুলোকে মেরে ফেলা যায় কিনা। তাই সে যা করে তা হচ্ছে দেহের স্বাভাবিক তাপমাত্রাকে ৯৬-৯৮ ডিগ্রি ফারেনহাইট থেকে ১০২-১০৩ ডিগ্রি ফারেনহাইটে নিয়ে যায় অর্থাৎ আমাদের দেহের তাপমাত্রা আস্তে আস্তে বাড়তে থাকে। আরেকটা ব্যাপার, ধরা যাক আমাদের দেহের তাপমাত্রা ৯৮ ডিগ্রি ফারেনহাইট। কিন্তু স্বাভাবিক তাপমাত্রা

হাইপোথ্যালামাস সেট কওরে দিল ১০৩ ডিগ্রি ফারেনহাইট। তখন আমাদের দেহের তাপমাত্রা বাড়তে থাকবে এবং একই সাথে শীত শীতও লাগতে থাকবে কারণ আমাদের স্বাভাবিক তাপমাত্রা তখন ১০৩ কিন্তু আমাদের দেহের তাপমাত্রা ৯৮ ডিগ্রি ফারেনহাইট। এজন্য জ্বর হলে শীত শীত অনুভব হয়।

সেই শরতের সকালবেলায়

ভাদ্র ও আশ্বিন–এই দুই মাস নিয়ে শরৎকাল। কিন্তু ভাদ্রের মাঝামাঝিতেও দখল ছাড়তে নারাজ বর্ষা। যে শরৎকে দেখে আমরা গাই 'আমার রাত পোহালো শারদ প্রাতে', সেই অপরূপ ঋতুর সঠিক রূপটি ফোটে কিন্তু আশ্বিনেই।

বর্ষার বিদায়ে রবীন্দ্রনাথ লিখেছিলেন, 'কালো মেঘের আর কি আছে দিন, ও যে হলো সাথী হীন।' ভাদ্র মাসেও তো সাথিহীন হওয়ার লক্ষণ নেই কালো মেঘের।

নীল আকাশের সাদা মেঘের আনাগোনা হটিয়ে আর শরৎ-সোনার আলো নিভিয়ে দিয়ে বর্গীর মতো হঠাৎ হঠাৎ হামলা দেয় কালচে ধূসর মেঘ। ভাদ্রের শেষেও।

আবহাওয়াবিদেরা বলেন, শরৎকালে মেঘের রং সাদা হওয়া কাম্য। নইলে বিলম্বিত বর্ষার ভয় থাকে। সময়ের বর্ষা যেমন প্রকৃতির আশীর্বাদ, অসময়ের অতিবৃষ্টি তেমনি অভিশাপের মতো। বিলম্বিত বর্ষার সঙ্গে সঙ্গে আসে বন্যা, রোগ আর ফসলনাশ।

একসময় আমাদের ঋতুগুলো ছিল ভারী নিয়মনিষ্ঠ। এখন বৈশ্বিক উষ্ণতার কারণে ঋতুরাজ্যে চলছে নানা স্বেচ্ছাচার। তাদের আসা-যাওয়ায় নেই কোনো নিয়মানুবর্তিতা। অনেকেই যেন ফাঁকিবাজ চাকুরে; দেরি করে এসে ছুটির আগেই উধাও। তাই ট্রেন-প্লেনের মতো ঋতুরাজ্যেও এখন চলছে শিডিউল বিপর্যয়। কাব্যের ভাষায়, 'ঋতুরঙ্গ' বলে একে হালকা করে দেখার দিন আর নেই।

এরই পাশাপাশি নিয়মনীতির তোয়াক্কা না করে প্রায়ই পরাক্রান্ত ঋতুগুলো (যেমন–বর্ষা) প্রতিবেশী ঋতুর (শরৎ) রাজ্যে ঢুকে পড়ছে অম্লানবদনে। কবি নিজেও প্রবল ঋতুর এহেন নীতিবহির্ভূত আচরণ প্রীতির চোখে দেখেননি 'কোন খেপা শ্রাবণ ছুটে এল আশ্বিনেরই আঙ্গিনায়। দুলিয়ে জটা ঘনঘটা পাগল হাওয়ায়।'

বলাবাহুল্য, শ্রাবণের শরৎরাজ্যে এই অনুপ্রবেশ যে ভরা খেতের ধানের জন্য ভালো হয়নি, তাও উল্লেখ করেছেন কবি পরবর্তী ছত্রে, 'লুটিয়ে-পড়া কিসের কাঁদন উঠছে আজ নবীন ধানে।' আমাদের বুঝতে দেরি হয় না এই কান্না ধানের চেয়ে কৃষকের বুকেই বেজে ওঠে সবচেয়ে বেশি। একেই বোধ হয় বলা যায় আধুনিক যুগের ঋতু সংহার। এই ঋতু সংহারের জন্য কে দায়ী? দায়ী স্রেফ মানুষের অপরিণামদর্শিতা, অপরিমিত লোভ আর উন্নত বিশ্বের ভোগবিলাসের উদগ্র লালসায় প্রকৃতির ওপর নিরন্তর অত্যাচার। দায়ী না হয়েও বাংলাদেশকে এই বিপর্যয়ের দায় ভোগ করতে হচ্ছে তৃতীয় বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে। এখনই এই বিপর্যয়ের যথাযথ মোকাবিলা না করলে এই অঞ্চলের বহু মানুষের জলবায়ু উদ্বাস্তুতে পরিণত হওয়ার আশঙ্কা রয়েছে।

জীবনস্মৃতিতে রবীন্দ্রনাথ লিখেছেন যে শরৎকালে তাঁর সৃজনী শক্তি 'অকারণ পুলকে' ছবি আঁকা, গল্প লেখা আর সুরের সৃষ্টিতে ঝলমলিয়ে উঠেছে। এই বইয়ে আরও ধরা রয়েছে তাঁর শারদ প্রাতের আনন্দঘন স্মৃতি, শরৎমুগ্ধতা। তিনি লিখেছেন, 'সেই শরতের সকাল বেলায়... সোনা গলানো রৌদ্রের মধ্যে দক্ষিণের বারান্দায় গান বাঁধিয়া তাহাতে যোগিয়া সুর লাগাইয়া গুনগুন করিয়া গাহিয়া বেড়াইতেছি।' 'আজি শরত তপনে প্রভাত স্বপনে/কী জানি পরাণ কী চায়।'

শরতের মধ্যাহ্নে গানের আবেশে কবির মনটা মেতে থাকে, কাজকর্মের কোনো দাবিতে কান দেন না 'হেলাফেলা সারাবেলা/এ কী খেলা আপনমনে'–এমন পঙ্‌ক্তি তো লিখেছেন শরতের দিনে।

আমাদের বুঝতে অসুবিধা হয় না, কেন এই ঋতুটিতে তিনি বলেছেন, 'আমার গান-পাকানো শরৎ', চাষিদের যেমন ধান-পাকানো শরৎ। কেন আরও বলেছেন, শরৎ তাঁর সমস্ত দিনের আলোকময় আকাশের গোলা–তাঁর বন্ধনহীন মনের মধ্যে 'অকারণ পুলকে ছবি-আঁকানো গান-বানানো শরৎ'।

আমাদের ছেলেবেলার শরৎ ঋতু ছিল বিশুদ্ধ শিশির আর দূষণহীন হাওয়ার যুগলবন্দি। সেদিনের মতোই আজও শরতের বারতা আসে নীল আকাশে সাদা মেঘের ভেলায়, শিউলিতলার ঝরা ফুলের পাশে আর নবীন ধানের মঞ্জরিতে। শরৎ এখনো আসে নদীর ধারের বাঁশঝাড়ে, গলানো সোনার আলো ছড়িয়ে। পুঁই-মাচার কচি সবুজের উল্লাসে আর ঢাকের বাদ্যির ছন্দে দেখা মেলে তার।

সেদিনের শরতের প্রায় সব লক্ষণই বহাল রয়েছে। তবে আমাদের কৈশোর-যৌবনের এই ঋতুটির একটি অতিরিক্ত বৈশিষ্ট্যের কথা এখানে না বললেই নয়। তখনকার শরৎকাল ছিল যথার্থই গান শোনাবার ঋতু। বাতাসে তখন গান ভেসে বেড়াত। আরও খোলসা করে বললে, সেই ঋতুতে বাজারে সদ্য ওঠা গ্রামোফোন রেকর্ড ছিল নতুন বাংলা গানের একমাত্র অভিজাত ভান্ডারী, সর্বজন মান্য একটি উৎস, বাংলা গানের এক উজ্জ্বল ঝরনাতলা, যেখানে ছোট-বড় ধর্ম-গোত্র নির্বিশেষে সকলেই স্বাগত। বাংলা গানের তখন স্বর্ণযুগ, কিন্তু তাই বলে বছরভর গানের রেকর্ড বের করার চল ছিল না (ছায়াছবির গান ব্যতিক্রম), নতুন রেকর্ড ছাড়া হতো শুধু শারদ উৎসবের সময়। তাই সংগীতরসিকেরা সারা বছর এই সময়টার দিকে তাকিয়ে থাকতেন গভীর আগ্রহে। সেই নতুন রেকর্ডকে বলা হতো বেসিক রেকর্ড। তখনকার প্রখ্যাত শিল্পী, সুরকার-গীতিকারদের সারা বছরের পরীক্ষা-নিরীক্ষা ও সম্মিলিত প্রচেষ্টার ফসল শ্রেষ্ঠ গানগুলো তুলে রাখা হতো শরৎ ঋতুর শ্রোতাদের জন্য। সে সময়ের সংগীতজগতের দিকপালেরা বছরে দু-চারটির বেশি বেসিক গান রেকর্ড করতেন না। কেননা, গানের গুণগত মানের দিকে ভারী তীক্ষ্ণ নজর ছিল তাঁদের। সেই গানগুলোই তাঁদের মেধা, স্বকীয়তা আর সাধনার সাক্ষর নিয়ে কালজয়ী হয়ে আছে আজও।

আমাদের দেশে গুণী সংগীতশিল্পীর অভাব নেই। খ্যাতিমান সুরকার-গীতিকার রয়েছেন প্রচুর। শরৎকালও ফিরে আসে বারবার। প্রকৃতিতে নাকি সবই পালাক্রমে আসে-যায়। তাই সেদিনের সোনাঝরা গানগুলোও নতুন বেশে আবার ফিরে আসবে–এমন আশা মনে জাগলেই বা ক্ষতি কী?

মাহবুব আলম
সাবেক রাষ্ট্রদূত
archive.prothom-alo.com, 14 September 2012